SHIKSHA-RATNAM

OR

HINTS ON THE STUDY OF SANSKRIT

FOR

'HE USE OF ENTRANCE, F.A., AND B.A. CANDIDATES

BY

DENO NAUTH VIDYARATNA,

SANSKRIT TEACHER, NEW INDIAN SCHOOL.,

AND

AUTHOR OF

PRABESIKA-SANDHANA," "SAHITYASARA-BACHYANTARA," &C., &C.

"গৃহ্লাতি সাধুরপরস্য গুণং ন দোষান্ ।
দোষান্বিতো গুণিগুণানপহায় দোষম্ ॥"

CALCUTTA.

PRINTED BY T. C. AUSH, AT THE VICTORIA PRESS,
No. 2, GOABAGAN STREET.

PUBLISHED BY
SANSKRIT PRESS DEPOSITORY,
148, BARANOSHI GHOSE'S STREET.

1891.

Price 12 Annas. মূল্য বার আনা।

বিজ্ঞাপন।

আজিকালি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পরিক্ষার্থী ছাত্রদিগকে সংস্কৃত ভাষায় পরীক্ষা দিতে হইতেছে, কিন্তু ইহা যেরূপ কঠিন, তাহাতে অল্প সময়ের মধ্যে ইহাতে অধিকার লাভ করা সহজ ব্যাপার নহে। ব্যাকরণ-জ্ঞান না থাকিলে সংস্কৃত রচনা বা অনুবাদ করা সুকঠিন; কিন্তু ব্যাকরণে জ্ঞানলাভ করা কঠিন বিবেচনায় ছাত্রগণ প্রায়ই তৎপাঠে অনাস্থা প্রদর্শন করিয়া থাকেন, তাঁহাদিগকে অল্প আয়াসে এবং অল্প সময়ের মধ্যে সংস্কৃত-শিক্ষাবিষয়ে সাহায্য করিবার জন্যই এই পুস্তকখানি সঙ্কলিত হইল। আমার উদ্দেশ্য কথঞ্চিৎ সিদ্ধ হইলেই শ্রম সফল জ্ঞান করিব।

অনেক খ্যাতনামা পণ্ডিত মহাশয়েরা ছাত্রদিগের শিক্ষার উপযুক্ত নানাবিধ ব্যাকরণ লিখিয়াছেন; ছাত্রগণ সেই সকল ব্যাকরণের সহিত ইহা পাঠ করিবেন বলিয়াই ইহাতে রীতিমত শব্দরূপ কিম্বা ধাতুরূপ সন্নিবেশিত হইল না;—ইহাতে ব্যাকরণ অভিধান ও রচনা সম্বন্ধে অবশ্যজ্ঞাতব্য বিষয়-গুলি সরল ভাষায় পর্য্যায়ক্রমে বিন্যস্ত হইয়াছে। ইহা দশ অধ্যায়ে বিভক্ত হইল।

প্রথম অধ্যায়ে—বর্ণনির্ণয় হইতে শব্দরূপ।

দ্বিতীয়ে—স্ত্রীত্য, লিঙ্গশাসন, বচনপ্রণালী।

তৃতীয়ে—চলিত শব্দের সংস্কৃত প্রতিবাক্য, বিশেষ্য বিশেষণ, ছাত্রগণের সাধারণ ভ্রম নির্দ্দেশ প্রভৃতি।

চতুর্থে—বিভক্তি নির্ণয়, সমাসবিধি।

পঞ্চমে—শব্দের নানাবিধ অর্থ ও শব্দপর্য্যায়।

ষষ্ঠে—পরস্মৈপদ-বিধান, আত্মনেপদ-বিধান, কৃদন্ত।

সপ্তমে—বাচ্যপরিবর্ত্তন-প্রণালী।

অষ্টমে—অনুবাদ-প্রণালী।

নবমে—অ অবধি হ পর্য্যন্ত যাবতীয় প্রয়োজনীয় কথার প্রকৃতিপ্রত্যয়-গত অর্থ।

দশমে—ধাতুপাঠ ও উপসর্গ যোগে ধাত্বর্থের বিভিন্নতা।

অবশেষে পরিশিষ্টে নানাবিধ শব্দের লক্ষণ প্রদত্ত হইল।

এক্ষণে বিদ্যানুরাগী মহোদয়গণের নিকট সানুনয় নিবেদন এই যে—ভ্রমবশতঃ অথবা অন্য কোন কারণে যদি কোন স্থানে কোন অশুদ্ধি লক্ষিত হয়, তবে অনুগ্রহপূর্ব্বক আমাকে জানাইলে পরম বাধিত হইব।

এই পুস্তক সঙ্কলন বিষয়ে পণ্ডিতাগ্রগণ্য ডাক্তার উইলসন্ সাহেবকৃত এবং মহোদয় লক্ষ্মণ রামচন্দ্র বৈদ্য (এম্ এ, এল্ এল্ বি) কৃত সংস্কৃত ইংরাজি অভিধান ও স্যার রাজা রাধাকান্ত দেববাহাদুর মহাশয়ের শব্দকল্পদ্রুম হইতে যথেষ্ট সাহায্য পাইয়াছি; এজন্য তাঁহাদিগের নিকট চিরকৃতজ্ঞতা-পাশে বদ্ধ রহিলাম। নিউ ইণ্ডিয়ান স্কুলের প্রধান সংস্কৃতাধ্যাপক শ্রীযুক্ত শ্যামাচরণ কবিরত্ন মহাশয়ও এবিষয়ে আমাকে বিশেষ উপকৃত করিয়াছেন।

নিউ ইণ্ডিয়ান স্কুল }
সেপ্টেম্বর ১৮৯১, }

শ্রীদীননাথশর্ম্মা।

উৎসর্গঃ।

পরমপূজনীয়

শ্রীলশ্রীযুক্তহরিনাথদেবশর্ম্ম

মদগ্রজমহাশয়শ্রীচরণকমলেষু।

আর্য্য,

আশৈশবাদ্ যথা ময়ি ভবতোঽকৃত্রিমঃ স্নেহো, যথাচ সংস্কৃতশাস্ত্রেষু সুমহাননু-রাগঃ, তথেয়মেকাগ্রভক্তিশংসিনী মৎ-কৃতিশ্চরণসরসীরুহেষু ভবতঃ প্রণতিনম্র-শিরসা ময়া সবিনয়মুৎসৃজ্যতে, প্রার্থ্যতে চ কৃপাবলোকনেন পরিপাবয়িতুমিমাম্ ইত্যলং বিস্তরেণ।

স্নেহাস্পদেনানুজেন

শ্রীদীননাথদেবশর্ম্মণা

সাঙ্কেতিক।

১মা	...	প্রথমা	ঞে	...	অপাদানবাচে
২য়া	...	দ্বিতীয়া	ডে	...	অধিকরণবাচ্যে
৩য়া	...	তৃতীয়া	বিধি	...	বিধিলিঙ্
৪র্থী	...	চতুর্থী	P. R.	...	Present Participle.
৫মী	...	পঞ্চমী	P.P.	...	Past Participle.
৬ষ্ঠী	...	ষষ্ঠী	I. M.	...	Infinitive Mood.
৭মী	...	সপ্তমী	অ	...	অকর্ম্মক
সম্বো	..	সম্বোধন	স	...	সকর্ম্মক
১ব.	...	একবচন	দ্বি	...	দ্বিকর্ম্মক
২ব.	...	দ্বিবচন	প	...	পরস্মৈপদী
বহু.	...	বহুবচন	আ	...	আত্মনেপদী
পুং.	...	পুংলিঙ্গ	উ	...	উভয়পদী
স্ত্রী.	...	স্ত্রীলিঙ্গ	ভ্বা	...	ভ্বাদি
ক্লীং	...	ক্লীবলিঙ্গ	অ	...	অদাদি
ত্রি.	...	ত্রিলিঙ্গ	হ্বা	...	হ্বাদি
বি.	...	বিশেষ্য	দি	...	দিবাদি
বিণ.	...	বিশেষণ	স্বা	...	স্বাদি
ব্য	...	অব্যয়	তু	...	তুদাদি
ঘে	...	কর্তৃবাচ্যে	রু	...	রুধাদি
চে	...	কর্ম্মবাচ্যে	ত	...	তনাদি
ধে	...	করণবাচ্যে	ক্র্যা	...	ক্র্যাদি
ঙে	...	সম্প্রদানবাচ্যে	চু	...	চুরাদি

শুদ্ধিপত্র।

পত্রাঙ্ক	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
১১	৩	পুন	পুনঃ
১৪	২৪	স্ত্রী	শ্রী
ঐ	২৫	স্ত্রিয়াম্, স্ত্রীণাম্	শ্রিয়াম্, শ্রীণাম্
২৩	২৬	কানিণ	কাকিণ
২৪	১৬	অবাক্	অবাচ্
৫২	২	যষ্ঠী	ষষ্ঠী
৫৮	১	বর্কশ	কর্কশ
ঐ	২০	পাপিণং	পাপিনং
৬২	৬	পূর্ব্বদেশেঃ	পূর্ব্বদেশে
৬৩	১৮	তেনা	তেন
৬৯	৯	সুশাৎ	সুপাৎ
৭১	১১	মন্	অন্
৯৩	১৯	মিম্রেরথ	নিম্নরেথ
১১৬	২১	কম	কন
১২৮	১৪	অস্তাং	অস্মিন্
ঐ	২৮	শলং	শূলং

পরিশিষ্ট।

১	১	Explaind	Explained.
৪	১১	পায়ু	পায়ু
৭	১	আধ্যাত্মৈক	আধ্যাত্মিক
১৫	২৮	ত্রিষ্টপ	ত্রিষ্টুপ্
১৭	৯	অভিমান্	অমিতাম্

গ্রন্থকৃৎ-পরিচয়ঃ।

বন্দে জগন্মাতরমিন্দুবর্ণাং
স্মেরাননাং তাং কমলাসনস্থাং।
বাগ্‌দেবতাং জ্ঞানবিধানকর্ত্রীং
স্বাভীষ্টসিদ্ধ্যর্থমহং দুরাশঃ॥

নাম্না হরেকৃষ্ণ ইতি দ্বিজেন্দ্রো
জাতো ভবদ্বাজকুলে কৃপালুঃ।
যোগপ্রভাবেণ যশশ্চ লব্ধ্বা
প্রাণাত্যহো স প্রপিতামহো মে॥

তজ্জাত আদ্যঃ সুত আদ্যনাথো
নাম্না ততো রামধনো দ্বিতীয়ঃ
গোবর্দ্ধনাখ্যস্তনয়স্তৃতীয়ো
জাতাঃ সুরূপাঃ সুধিয়শ্চ সর্ব্বে॥

বভূবতু রামধনস্য পুত্রৌ
দ্বৌ মাধবো নাম তথা গিরীশঃ।
বাল্যে মৃতোঽসৌ প্রথমঃ কুমারঃ
পরোঽপি পিত্রা রহিতস্তদৈব॥

গিরীশচন্দ্রোঽপি সহায়শূন্যো
ধীমান্ সুধীন্দ্রশ্চ বভূব নম্রঃ।
শাস্ত্রেষ্বভিজ্ঞো গুণবান্ পিতা মে
গতো দিবং নো দুরদৃষ্টহেতোঃ॥

জাতাস্তস্য সুতাস্ত্রয়ঃ সুকৃতিনো যেষাং প্রমীতোঽগ্রিয়ঃ
সীতানাথ ইহ ত্যজন্ প্রিয়তমান্ দ্বে চাত্মজে ত্রীন্ সুতান্।
প্রাপ্তঃ শ্রীহরিনাথ উত্তমযশো বিদ্বত্তয়া মধ্যমো
দীনতচ্চরণানতো হ্যবরজঃ শ্রীদীননাথো হকৃতী॥

নির্ঘণ্টপত্র।

CHAPTER I. (১—২৩)

CHAPTER II. (২৩—৩৭)

CHAPTER III. (৩৭—৫৮)

CHAPTER IV. (৫৮—৭২)

CHAPTER V. (৭২—৮৭)

CHAPTER VI. (৮৭—৯৩)

CHAPTER VII. (৯৩—১০২)

CAAPTER VIII. (১০৩—১১২)

CHAPTER IX. (১১৩—১৩১)

CHAPTER X. (১৩২—১৫৮)

পরিশিষ্ট । (১—২৬)

শিক্ষারত্নম্।

CHAPTER I.

বর্ণনির্ণয় (Letters).

বর্ণ দ্বিবিধ ; স্বর (Vowels) ও ব্যঞ্জন (Consonants)। স্বরবর্ণ তেরটি এবং ব্যঞ্জনবর্ণ পঁয়ত্রিশটি। হ্রস্ব ও দীর্ঘ ভেদে স্বর দুই প্রকার ; অ, ই, উ, ঋ, ৯ এই পাঁচটি হ্রস্বস্বর (Short vowels) এবং আ, ঈ, ঊ, ৠ, এ, ঐ, ও, ঔ এই আটটি দীর্ঘস্বর (Long vowels)। ব্যঞ্জনবর্ণ আবার চারিভাগে বিভক্ত ; ক অবধি ম পর্য্যন্ত (অর্থাৎ কবর্গ, চবর্গ, টবর্গ, তবর্গ, ও পবর্গ) স্পর্শ বর্ণ ; য (১), র, ল, ব (২) অন্তঃস্থ বর্ণ ; শ, ষ, স, হ উষ্মবর্ণ এবং ং, ঃ অযোগবাহ বর্ণ।

অআ, ইঈ, উঊ, ঋৠ, ইহারা দুই দুইটী পরস্পর সমান স্বর, হ্রস্ব দীর্ঘ ভেদ মাত্র ; কারণ উহারা এক স্থান হইতে উচ্চারিত হয়। ভিন্ন ভিন্ন স্থান হইতে উচ্চারিত স্বরবর্ণগুলিকে অসমান স্বর বলে। (৩)

স্বরবর্ণ স্বয়ং উচ্চারিত হইতে পারে, কিন্তু পূর্ব্বে বা পরে স্বরবর্ণ না থাকিলে ব্যঞ্জনবর্ণ উচ্চারিত হইতে পারে না। যেমন ক বলিলে বুঝিতে

(১) "পদমধ্যে পদান্তে বা যকারো হি য়তাং ব্রজেৎ"।
অর্থাৎ পদের মধ্যবর্ত্তী কিম্বা শেষস্থিত যকার য়কারের ন্যায় উচ্চারিত হয়। যথা সায়কঃ, পুনয়ঃ, শ্রেয়ম্, স্বয়্, আয়্ ইত্যাদি।

(২) "পাদাদৌচ পদাদৌচ যো বঃ প্রত্যয়সন্ধিযু।
অন্তঃস্থং তং বিজানীয়াৎ তদন্যো বর্গ্য উচ্যতে।"
অর্থাৎ শ্লোকের চরণের আদিস্থিত, পদের আদিস্থিত এবং প্রত্যয়জাত ও সন্ধিজাত যে বকার, তাহা অন্তঃস্থ ব বলিয়া কথিত হয় ; কিন্তু এতদ্ভিন্ন অন্য বকার গুলি বর্গীয় বলিয়া গণনীয় হইবে। যথাং 'যাতি পঙ্কঃ সমন্ততঃ', বহুধা, যাদবঃ (যদু-ক), ত্বাবুচক্ষুঃ (ত্বৌ+উচক্ষুঃ) ইত্যাদি।

(৩) যদিও ৯ ঋর ভিন্নস্থান হইতে উচ্চারিত হয়, তথাপি উহা ঋকারের সমান স্বর।

হইবে ক্+অ, ঐরূপ খ=খ্+অ ; এবং গ, ঘ প্রভৃতি বর্ণও দুই দুই অক্ষরের সমষ্টি। ব্যঞ্জনবর্ণ হইতে স্বরবর্ণ উঠাইয়া লইলে ব্যঞ্জনবর্ণ হসন্ত (্) সংযুক্ত হয়। যেমন ক=ক্+অ, কি=ক্+ই, কু=ক্+উ, পা=প্+আ, জল=জ্+অ+ল্+অ, পীত=প্+ঈ+ত্+অ ইত্যাদি ; এইরূপ প্রণালীতে বর্ণগুলি পৃথক্ পৃথক্ করিয়া রাখার নাম বর্ণবিচ্ছেদকরণ। নিম্নে কতিপয় উদাহরণ দেওয়া গেল।

কর=ক্+অ+র্+অ
বদ=ব্+অ+দ্+অ
রাজা=র্+আ+জ্+আ
বিষ=ব্+ই+ষ্+অ
এক=এ+ক্+অ
অযুক্ত=অ+য্+উ+ক্+ত্+অ
আসক্তি=আ+স্+অ+ক্ত্+ই
প্রজা=প্+র্+অ+জ্+আ
নরান্=ন্+অ+র্+আ+ন্
পিতামহ=প্+ই+ত্+আ+ম্+অ+হ্+অ
পূজনীয়=প্+উ+জ্+অ+ন্+ঈ+য়্+অ
গ্রন্থ=গ্+র্+অ+ন্+থ্+অ
সৃষ্ট=স্+ঋ+ষ্+ট্+অ
উষ্ম=উ+ষ্+ম্+অ
সাহায্য=স্+আ+হ্+আ+য্+য্+অ
প্রদীপ=প্+র্+অ+দ্+ঈ+প্+অ
বয়ঃস্থ=ব্+অ+য়্+অ+ঃ+স্+থ্+অ
পয়াংসি=প্+অ+য়্+আ+ং+স্+ই
ব্রজেন্দ্র=ব্+র্+অ+জ্+এ+ন্+দ্+র্+অ
আপাততঃ=আ+প্+আ+ত্+অ+ত্+অ+ঃ
প্রধানত্বং=প+র্+অ+ধ্+আ+ন্+অ+ত্+ব্+অ+ং
নির্দ্দিষ্টম্=ন্+ই+র্+দ্+দ্+ই+ষ্+ট্+অ+ম্
স্রোতস্বতী=স্+র্+ও+ত্+অ+স্+ব্+অ+ত্+ঈ
স্বাস্থ্যরক্ষা=স্+ব্+আ+স্+থ্+য্+অ+র্+অ+ক্+ষ্+আ
ব্যঞ্জন=ব্+য্+অ+ঞ্+জ্+অ+ন্+অ
স্বসৃঃ=স্+ব্+অ+স্+ঋ+ঃ
দ্রাক্ষা=দ্+র্+আ+ক্+ষ্+আ
আর্দ্র=আ+র্+দ্+র্+অ (১)

(১) যখন কোন বর্ণের মস্তকে রেফ (র্) থাকিবে তখন ঐ রেফজাত র ঐ বর্ণের পূর্ব্বে বসিবে এবং রফলা (্র) থাকিলে ঐ র্ ঐ বর্ণের পরে বসিবে।

বৃত্রহণৌ = ব্ + ঋ + ত্ + র্ + অ + হ্ + অ + ণ্ + ঔ
লক্ষ্মীঃ = ল্ + অ + ক্ + ষ্ + ম্ + ঈ + ঃ

গুণ	বৃদ্ধি
ই ঈ স্থানে এ	অ আ স্থানে আ
উ ঊ ,, ও	ই ঈ ,, ঐ
ঋ ৠ ,, অর্	উ ঊ ,, ঔ
	ঋ ৠ ,, আর্
ঌ ,, অল্	ঌ ,, আল্

হ্রস্ব।

আ স্থানে (অর্থাৎ ইহার হ্রস্ব) ... অ
ঈএঐ ... ... ই
ঊওঔ ... ... উ
ৠ ... ... ঋ

লঘু ও গুরু।

সাধারণতঃ হ্রস্ব স্বরকে লঘু ও দীর্ঘস্বরকে গুরু বলে। কিন্তু লঘু গুরু সম্বন্ধে বিশেষ একটী নিয়ম আছে।

"সানুস্বারশ্চ দীর্ঘশ্চ বিসর্গী চ গুরুর্ভবেৎ।
বর্ণঃ সংযোগপূর্ব্বশ্চ তথা পাদান্তগোঽপি বা॥"

অর্থাৎ ঃ অনুস্বার সংযুক্ত. দীর্ঘস্বরবর্ণ, বিসর্গযুক্ত, সংযুক্ত বর্ণের পূর্ব্ব বর্ণ গুরু এবং শ্লোকের চরণের শেষবর্ণ বিকল্পে গুরু বলিয়া কথিত হয়। ক্রমশঃ উদাহরণ, যথা—

অনুস্বারসংযুক্ত—রামং, ধেনুং ; এস্থলে ম এবং নু ক্রমান্বয়ে অকারান্ত ও উকারান্ত হইলেও অনুস্বারবিশিষ্ট বলিয়া গুরু হইল।

দীর্ঘস্বর—আ, ঈ, ঊ, ৠ এ, ঐ ও, ঔ এই আটটী দীর্ঘস্বরবর্ণ গুরু বলিয়া অভিহিত।

বিসর্গযুক্ত—হরিঃ, হংসঃ ; এস্থলে বিসর্গসংযুক্ত বলিয়া রি ও স্ গুরু হইল।

সংযুক্তবর্ণের পূর্ব্ববর্ণ—উক্ত্বা, বিশিষ্টঃ; এস্থলে উ এবং শি সংযুক্ত বর্ণের পূর্ব্ববর্ণ বলিয়া গুরু হইল।

পাদান্ত—"ইত্থং কিলান্যাস্বপি মিশ্রিতাসু।
বদন্তি জাতিম্বিদমেব নাম॥"

এস্থলে পাদান্তস্থিত অর্থাৎ চরণের শেষ বর্ণদ্বয় সু এবং ম হ্রস্ব হইয়াও গুরু বলিয়া অভিহিত হইবে; কারণ এই শ্লোকের শেষবর্ণ গুরু হওয়া আবশ্যক। অতএব শ্লোকের চরণের শেষ বর্ণ হ্রস্ব অথবা দীর্ঘ হউক না কেন, প্রয়োজনানুসারে লঘু কিম্বা গুরু বুঝিয়া লইতে হইবে।

প্রকৃতি।

যথা প্রত্যয়াৎ প্রথমং ক্রিয়তে ইতি প্রকৃতিঃ। প্রত্যয়ের পূর্ব্ববর্ত্তী শব্দ (অর্থাৎ যাহার উত্তর প্রত্যয় করা হয়), তাহার নাম প্রকৃতি।

যথা—ভবতি = ভূ—তিপ্, রামঃ = রাম—সি, যাদবঃ = যদু—ষ্ণ।

এস্থলে ভূ, রাম, এবং যদু ইহারাই ক্রমান্বয়ে প্রকৃতিপদবাচ্য হইল।

প্রত্যয় (Affix).

যেনার্থঃ প্রতীয়তে স প্রত্যয়ঃ।

অর্থাৎ—প্রকৃতির উত্তর যাহা সন্নিবেশিত হইয়া কোন অর্থ প্রকাশ করে, তাহার নাম প্রত্যয়।

ধাতুর উত্তর তিপ্ তস্, অন্তি, তব্য, অনীয়, ণ্বাচ্ প্রভৃতি এবং শব্দের উত্তর সি, ঔ, জস্, আপ্, ঈপ্, ষ্ণি, ষ্ণেয় প্রভৃতি সন্নিবেশিত হইয়া কোন না কোন অর্থ প্রকাশ করে; অতএব ইহারা প্রত্যয়।

পদ।

প্রকৃতিবিভক্তিসাধিত্বং পদত্বম্।

অর্থাৎ—ধাতু ও শব্দ বিভক্তিযুক্ত হইলে তাহাদিগকে পদ বলে। যেমন ভূ—শতৃ = ভবৎ একটি পদ; নর—ভিস্ = নরৈঃ একটি পদ।

আগম।

প্রকৃতি ও প্রত্যয়ের মধ্যস্থানে যাহা আগত হয়, তাহার নাম আগম। যথা—ভূ ধাতুর উত্তর তিঙ্ প্রত্যয় করিলে, ঐ ভূ ধাতুর পর এবং তিঙ্ প্রত্যয়ের পূর্ব্বে অঙ্ আগম হয়।

আদেশ।

প্রকৃতি ও প্রত্যয়ের যে রূপপরিবর্ত্ত, তাহার নাম আদেশ। যথা—বৃদ্ধ শব্দ স্থানে জ্য, দৃশ ধাতু স্থানে পশ্য ইত্যাদি।

অব্যয় (Indeclinables).

"সদৃশং ত্রিষু লিঙ্গেষু সর্ব্বাসু চ বিভক্তিষু।
বচনেষু চ সর্ব্বেষু যন্নব্যেতি তদব্যয়ম্॥"

যে সকল শব্দের কোন রূপান্তর হয় না, তাহার নাম অব্যয়(১)। যেমন—অথ, অদ্য, অহো, ন, নহি (২), কথম্, সুতরাং, স্বয়ম্ ইত্যাদি; এবং কুড়িটী উপসর্গও ইহার অন্তর্নিবিষ্ট।

উপসর্গ (Prefix).

"প্রপরাপসমন্ববানুনির্দুর্ব্যধিসূদৎপরিপ্রত্যভ্যত্যপ্যুপাঙ্ গিঃ।"

এতে বিংশতি গি সংজ্ঞাঃ স্যুঃ।

প্র, পরা, অপ, সম, নি, অব, অনু, নির্, দুর্, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অভি, অতি, অপি, উপ, আ (আঙ্) এই কুড়িটী গি অর্থাৎ উপসর্গ বলিয়া কথিত হয়।

---

(১) ইহার দ্বারা বুঝিতে হইবে যে বিশেষ্য, বিশেষণ, সর্ব্বনাম ও ক্রিয়া এই চারিটি পদের রূপান্তর আছে, কেবল মাত্র অব্যয় পদের রূপান্তর নাই।

বিশেষ্য—বালকঃ, বালকৈঃ, বালকস্য ইত্যাদি।

বিশেষণ—উত্তমঃ, উত্তমতর, উত্তমতমঃ, উত্তমেন, উত্তমস্য ইত্যাদি।

সর্ব্বনাম—সঃ, তৌ, তে, তেন, তস্যাঃ ইত্যাদি।

ক্রিয়া—ভবতি, ভবন্তি, বভূব, অভূৎ ইত্যাদি।

কিন্তু অব্যয় শব্দের কোন বিভক্তিতেই রূপান্তর হয় না। যেমন—সঃ স্বয়ং ইদং করোতি; তে স্বয়ং ইদং কুর্ব্বন্তি; তেন স্বয়ং ইদং ক্রিয়তে।

অতএব সকল বিভক্তি এবং সকল বচনেই স্বয়ং শব্দ একই রূপ থাকিল, কোনও পরিবর্ত্তন হইল না।

(২) "অভাবে নহ্যনোনাপি" ইত্যমরঃ।

নহি অ, নো, না এই কয়েকটি অব্যয় অভাবার্থে প্রযুক্ত হইয়া থাকে।

(১) প্র—উৎকর্ষ, উৎপত্তি, সর্ব্বতোভাব ইত্যাদি।
(২) পরা—ভঙ্গ, অনাদর ইত্যাদি।
(৩) অপ—অনাদর, বৈপরীত্য ইত্যাদি।
(৪) সম্‌—প্রকর্ষ, আভিমুখ্য ইত্যাদি।
(৫) নি—নিশ্চয়, নিষেধ ইত্যাদি।
(৬) অব—নিন্দা, নিশ্চয়, ইত্যাদি।
(৭) অনু—পশ্চাৎ, বীপ্সা, সহার্থ ইত্যাদি।
(৮) নির্‌—নিষেধ, নিশ্চয়, বহিষ্করণ ইত্যাদি।
(৯) দুর্‌—নিন্দা, কষ্ট ইত্যাদি।
(১০) বি—বিশেষ, অভাব ইত্যাদি।
(১১) অধি—উপরিভাগ, প্রভুত্ব ইত্যাদি।
(১২) সু—অতিশয়, প্রশংসা ইত্যাদি।
(১৩) উৎ—ঊর্দ্ধ, উৎকর্ষ ইত্যাদি।
(১৪) পরি—সর্ব্বতোভাব, ত্যাগ ইত্যাদি।
(১৫) প্রতি—প্রত্যর্পণ, সাদৃশ্য, বিরোধ ইত্যাদি।
(১৬) অভি—সমন্তাৎ, ধর্ষণ ইত্যাদি।
(১৭) অতি—অতিশয়, অতিক্রম ইত্যাদি।
(১৮) অপি—সম্ভাবনা, নিন্দা, সমুচ্চয় ইত্যাদি।
(১৯) উপ—অনুগতি, আধিক্য, সামীপ্য ইত্যাদি।
(২০) আ—ঈষদর্থ, ব্যাপ্তি, প্রত্যাবৃত্তি, পর্য্যন্ত, মর্য্যাদা ইত্যাদি।

এই সকল উপসর্গের যোগে ধাতুর ভিন্ন ভিন্ন অর্থ হইয়া থাকে। (See it in ধাতুপাঠঃ।)

শব্দ।

শব্দ সকল ত্রিবিধ। রূঢ়, যৌগিক ও যোগরূঢ়।

রূঢ়—যে সকল শব্দ প্রকৃতিপ্রত্যয়গত অর্থ ব্যক্ত না করিয়া কেবল মাত্র কোন বস্তুকে বুঝায়, তাহাদিগকে রূঢ় শব্দ বলে; যথা—বৃক্ষ, মনুষ্য ইত্যাদি।

যৌগিক—যে সকল শব্দ প্রকৃতি প্রত্যয়ের যোগে কোন ব্যক্তি বা বস্তুকে বুঝায়, তাহার নাম যৌগিক শব্দ; যথা—খেচরঃ, নর্ত্তকঃ, ইত্যাদি।

যোগরূঢ়—যাহা প্রকৃতি প্রত্যয়ের অর্থ গ্রহণ করিয়াও সাধারণ বস্তুজ্ঞাপক হয় না, কেবল মাত্র কোন এক নির্দ্দিষ্ট বস্তু অথবা ব্যক্তিকে বুঝায়, তাহার নাম যোগরূঢ়; যথা—পঙ্কজঃ, হনুমান্ ইত্যাদি। এস্থলে পঙ্কজাত বস্তু সাধারণকে এবং হনূ বিশিষ্ট প্রাণিসাধারণকে না বুঝাইয়া, কেবল মাত্র পদ্ম পুষ্প ও হনুমান্ নামে প্রাণীকে বুঝাইল।

সন্ধি (Conjunction of letters).

দুই বর্ণের পরস্পর মিলনের নাম সন্ধি। সন্ধি তিন প্রকার; যথা—স্বর সন্ধি, ব্যঞ্জন সন্ধি ও বিসর্গ সন্ধি।

"সন্ধিরেকপদে নিত্যো নিত্যো ধাতূপসর্গয়োঃ।
সমাসেঽপি চ নিত্যঃ স্যাৎ স চান্যত্র বিভাষিতঃ॥"

অস্যার্থঃ—একপদের মধ্যে সন্ধির সম্ভাবনা থাকিলে করিতেই হইবে, যথা—শে-আতে=শয়াতে; উপসর্গ ও ধাতুর যোগে সন্ধি করিতেই হইবে, যথা—অধি-অবসৎ অধ্যবসৎ; সমাবিশিষ্ট পদ হইলে সন্ধি করিতেই হইবে, যথা—কুশাসনম্, যশোধনঃ। কিন্তু এতদ্ভিন্ন অন্য অন্য স্থলে সন্ধির সম্ভাবনা থাকিলে, সন্ধি করিলেও হয় কিম্বা না করিলেও হয়; যথা—ততস্তে কিম্বা ততঃ তে, সোঽহম্ কিম্বা সঃ অহম্ ইত্যাদি।

স্বরসন্ধি।

১। স্বরবর্ণ পরে থাকিলে পদের অন্তেস্থিত (১) এ ঐ ও ঔ ইহাদের স্থানে যথাক্রমে অয়্, আয়্, অব্, আব্ আদেশ হয় এবং তাহাদিগের যকার ও বকারের একবার বিকল্পে লোপও হয়। লোপের পর আর সন্ধি হয় না। যথা—তে-ঊচুঃ=তয়ূচুঃ, তঊচুঃ; তস্মৈ-ইদম্=তস্মায়িদম্, তস্মা ইদম্; প্রভো-আগচ্ছ=প্রভবাগচ্ছ, প্রভ আগচ্ছ; অসৌ-অনাগতঃ=অসাবনাগতঃ, অসা অনাগতঃ।

---

(১) পদের অন্তেস্থিত না হইলে বিকল্পের কার্য্য হইবে না। যেমন—শে-আতে= শয়াতে।

"সক্তাঙ্গুলিঃ সায়কপুঙ্খ এব"—রঘু—২য়, ৩১। এস্থলে সায়কপুঙ্খে—এব =সায়কপুঙ্খ এব হইয়াছে; (যকারের লোপ হইয়াছে)। ঐরূপ "ক্ষতাৎ কিল ত্রায়ত ইত্যুদগ্রঃ—রঘু, ২য়, ৫৩, এস্থলে ত্রায়তে ইতি=ত্রায়ত ইতি হইয়াছে।

২। সমাস হইলে ওষ্ঠ ও ওতু শব্দ পরে পূর্ব্ববর্ত্তী অকার ও আকারের বিকল্পে লোপ হয়। যথা—বিম্ব-ওষ্ঠ বিম্বোষ্ঠ, বিম্বৌষ্ঠঃ; স্থূল-ওতু=স্থূলোতুঃ, স্থূলৌতুঃ। কিন্তু সমাস না হইলে হয় না; যেমন—তব-ওষ্ঠঃ=তবৌষ্ঠঃ।

৩। যদি অয় ধাতু পরে থাকে, তবে পরা উপসর্গের র স্থানে ল হইবে। যথা—পরা-অয়তে=পলায়তে।

৪। তৃতীয়া তৎপুরুষ সমাসে অকার ও আকারের পর ঋত শব্দের ঋকারের বৃদ্ধি হয়। যথা—শীত-ঋত=শীতার্ত্তঃ (শীতেন ঋতঃ)। কিন্তু তৃতীয়া তৎপুরুষ সমাস না হইলে হয় না; যথা—পরম-ঋতঃ=পরমর্ত্তঃ; (এখানে কর্ম্মধারয় সমাস হইল)।

৫। "স্বাক্ষয়োরীরোহিণ্যো"। (স্বাক্ষয়োঃ—ঈরোহিণ্যো)। স্ব শব্দের পরস্থিত অবর্ণের পর ঈর শব্দের ঈকারেব এবং অক্ষ শব্দের পরস্থিত অ বর্ণের পর ঊহিনী শব্দের ঊকারের বৃদ্ধি হয়। যথা; স্ব-ঈরং=স্ব-ঐরং=স্বৈরম্। অক্ষ-ঊহিনী=অক্ষ-ঔহিনী=অক্ষৌহিনী।

৬। আ উপসর্গ পরে থাকিলে পূর্ব্ববর্ত্তী অকার ও আকারের লোপ হয়। যথা—ইহ-এহি (আ-ইহি)=ইহেহি। "পরাঙ্মুখস্যাভিমুখো দূর-স্থস্যেত্যচান্তিকম্।" এস্থলে দূরস্থস্য—এত্য=দূরস্থস্যেত্য হইয়াছে।

৭। স্বরবর্ণ পরে থাকিলে পদান্তস্থিত গোশব্দের ওকার স্থানে বিকল্পে অব আদেশ হয়। যথা—গো—ঈশঃ=গবেশঃ, গবীশঃ। কিন্তু গো-অক্ষঃ =গবাক্ষঃ এবং গো-ইন্দ্রঃ=গবেন্দ্রঃ এই দুই পদ নিত্যসিদ্ধ, অর্থাৎ উক্ত সূত্রানুসারে গো শব্দের স্থানে গব ভিন্ন গব্ আদেশ হইবে না।

৮। দ্বিবচন নিষ্পন্ন দীর্ঘ ঈ, দীর্ঘ ঊ এবং একারান্ত পদের সন্ধি হয় না। যথা—হরী-এতৌ=হরী এতৌ; বিষ্ণূ ইমৌ=বিষ্ণূ ইমৌ; গঙ্গে-ইমে= গঙ্গেইমে।

৯। ঋ পরে থাকিলে পূর্ব্ববর্ত্তী আকারের বিকল্পে হ্রস্ব হয়, কিম্বা তাহার

সহিত ঋকারের গুণ হয়। যথা—ব্রহ্মা-ঋষিঃ=ব্রহ্মঋষিঃ, ব্রহ্মাঋষিঃ, ব্রহ্মর্ষিঃ ; মহা-ঋষিঃ=মহঋষিঃ, মহাঋষিঃ, মহর্ষিঃ।

ব্যঞ্জনসন্ধি।

১। উৎ উপসর্গের পরস্থিত স্থা ও স্তন্ভ ধাতুর সকারের লোপ হয়*। যথা—উৎ-স্থিতঃ=উত্থিতঃ, উৎ-স্তম্ভ=উত্তম্ভঃ, সম্-উৎ-স্থা-যপ্=সমুত্থায়।

২। ক খ ত থ প ফ ও স পরে থাকিলে পদের অন্তেস্থিত দ ও ধ স্থানে ৎ হয়। যথা—তদ্-কালঃ=তৎকালঃ, বিপদ্-পাতঃ=বিপৎপাতঃ, ক্ষুধ্-ক্ষামঃ=ক্ষুৎক্ষামঃ ইত্যাদি।

৩। হিত ও তত শব্দ পরে থাকিলে সম্ উপসর্গের মকারের বিকল্পে লোপ হয়। যথা—সম্-হিতং=সহিতং, সংহিতং (১) ; সম্-ততং=সততং, সন্ততম্।

৪। সর্ব্ব সমাসে মনস্ এবং কাম শব্দ পরে থাকিলে সম্ এবং তুম্ প্রত্যয়ান্ত শব্দের মকারের লোপ হয়। যথা—সম্-মনাঃ=সমনাঃ, সম্-কামঃ=সকামঃ, রন্তুম্-মনাঃ=রন্তুমনাঃ, রন্তুম্-কামঃ=রন্তুকামঃ।

৫। সমাসে তব্য অনীয় ও য প্রত্যায়ান্ত শব্দ পরে থাকিলে অবশ্যম্ পদের মকারের লোপ হয়। যথা—অবশ্যম্-সেব্যঃ=অবশ্যসেব্যঃ।

৬। "বাতোঽবাপ্যোঃ।" (বা, অতঃ, অবাপ্যোঃ)।

বা=বিকল্পে, অতঃ=অকার স্থানে,

অবাপ্যোঃ=অবশ্চ অপিশ্চ তয়োঃ ;

অর্থাৎ—অব এবং অপি এই দুই উপসর্গের।

অবাপ্যোরকারস্য লুক্ স্যাৎ বা=ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে অব ও অপি এই দুই উপসর্গের আদি অকারের বিকল্পে লোপ হয়। যথা—অব-গাহ্=অবগাহ্, বগাহ্ ; অপি-ধানং=অপিধানং, পিধানং।

বিসর্গসন্ধি।

এই সম্বন্ধে প্রধানতঃ আমাদিগের নিম্নলিখিত চারিটী বিষয়ে দৃষ্টি রাখা উচিত। প্রথমতঃ কোথায় বিসর্গের লোপ হয়, দ্বিতীয়তঃ কোথায় বিসর্গ

---

(১) পরে অন্যবর্ণের অভাব থাকিলে ম্ স্থানে অনুস্বারও হয়, এবং র্ ও স্ স্থানে বিসর্গ হয়। যথা—বনং, সহিতং, প্রাতঃ, স্বঃ, মনঃ বহিঃ ইত্যাদি।

স্থানে ওকার হয়, তৃতীয়তঃ কোথায় বিসর্গ স্থানে র হয় এবং চতুর্থতঃ কোথায় স হয়।

বিসর্গের লোপ। (১)

১। অকার ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে অকারের পরস্থিত বিসর্গের লোপ হয়। যথা ; কুতঃ-আগতঃ = কুত আগতঃ ; চন্দ্রঃ-উদেতি = চন্দ্র উদেতি ; অতঃ-এব = অতএব ; দেবঃ—ঋষিঃ = দেবঋষিঃ ইত্যাদি।

২। স্বরবর্ণ, বর্গের ৩য়, ৪র্থ, ৫ম বর্ণ কিম্বা য র ল ব হ পরে থাকিলে আকার ও ভো, ভগো এবং অঘো শব্দের পরস্থিত বিসর্গের লোপ হয়। যথা ; গতাঃ—ঋষয়ঃ = গতাঋষয়ঃ, হতাঃ—গজাঃ = হতাগজাঃ, অতীতাঃ—মাসাঃ = অতীতামাসাঃ, নরাঃ—লভন্তে = নরালভন্তে, বালকাঃ—হসন্তি = বালকা—হসন্তি, ভোঃ—ঈশান = ভোঈশান, ভগোঃ—রক্ষ = ভগোরক্ষ, অঘোঃ—গচ্ছ = অঘোগচ্ছ ইত্যাদি।

৩। অকার ভিন্ন স্বর ও ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে সঃ, এষঃ এই দুই পদের বিসর্গের লোপ হয়। যথা ; সঃ—আগতঃ = সআগতঃ, সঃ—গচ্ছতি = সগচ্ছতি, এষঃ-রোদিতি = এষরোদিতি ইত্যাদি।

ঃ স্থানে ও।

১। অকার ও বর্গের ৩য়, ৪র্থ, ৫ম বর্ণ কিম্বা য, র, ল, ব, হ পরে থাকিলে অকার ও তৎপরস্থিত বিসর্গ উভয়ের স্থানে ওকার হয়, ওকার পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের অকারের লোপ হয়। যথা—

নরঃ—অয়ম্ = নরোঽয়ম্, মনঃ—গতম্ = মনোগতম্, অশ্বঃ—ধাবতি = অশ্বোধাবতি, অতীতঃ—মাসঃ = অতীতোমাসঃ, কৃতঃ—যত্নঃ = কৃতোযত্নঃ, তেজঃ—রাশিঃ = তেজোরাশিঃ, কৃতঃ—লোভঃ = কৃতোলোভঃ, বামঃ—হস্তঃ = বামোহস্তঃ ইত্যাদি।

ঃ স্থানে র।

১। স্বরবর্ণ, বর্গের ৩য়, ৪র্থ, ৫ম বর্ণ কিম্বা য, র, ল, ব, হ পরে থাকিলে অ আ ভিন্ন স্বরের পরস্থিত বিসর্গ স্থানে র হয়, কিন্তু অকার অথবা আকা-

(১) এস্থলে মনে রাখা কর্ত্তব্য যে লোপের পর আর সন্ধি হয় না।

রের পরস্থিত রজাত বিসর্গ (১) হইলে ঐ বিসর্গস্থানেও র হয়। যথা; গুরুঃ—উবাচ=গুরুরুবাচ, নিঃ—ধনঃ=নির্ধনঃ, শিশুঃ—হসতি=শিশুর্হসতি, পুন—আগতঃ=পুনরাগতঃ (২), মাতঃ—দেহি=মাতর্দেহি, মাতর্দ্দেহি (৩); ইত্যাদি।

২। পতিশব্দ পরে থাকিলে গির্, ধুর্, ও অহন্ শব্দের বিসর্গ স্থানেও র্ হয়। যথা—গিঃ-পতিঃ=গীর্পতিঃ, ধুঃ-পতিঃ=ধুর্পতিঃ, অহঃ-পতিঃ=অহর্পতিঃ।

ঃ স্থানে শ, ষ, স।

১। চ ছ পরে থাকিলে বিসর্গ স্থানে শ, ট ঠ পরে থাকিলে বিসর্গ স্থানে ষ এবং ত থ পরে থাকিলে স হয়। যথা—পূর্ণঃ-চন্দ্রঃ=পূর্ণশ্চন্দ্রঃ, ধাবিতঃ-ছাগঃ=ধাবিতশ্ছাগঃ, ভীতঃ-টলতি=ভীতষ্টলতি, স্থিরঃ-ঠক্কুরঃ=স্থির-ষ্ঠক্কুরঃ, নদ্যাঃ-তীরং=নদ্যাস্তীরং, ক্ষিপ্তঃ-থূৎকারঃ=ক্ষিপ্তস্থূৎকারঃ।

২। ক খ প ফ পরে থাকিলে বিসর্গ স্থানে বিকল্পে স হয়, কিন্তু সমাস না হইলে হয় না; (ষত্ববিধিনিয়মের অন্তর্ভূত হইলে ঐ স মূর্দ্ধন্য ষ হইয়া যাইবে)। যথা—ভাঃ—করঃ=ভাস্করঃ, ভাঃ করঃ; দুঃ-খম্=দুষ্খম্, দুঃখম্; গীঃ পতিঃ=গীষ্পতিঃ, গীঃ পতিঃ (৪); নিঃ-ফলঃ=নিষ্ফলঃ, নিঃফলঃ ইত্যাদি।

অতিরিক্ত।

রপরে থাকিলে পূর্ব্বোক্ত সূত্রানুসারে বিসর্গস্থানে যে র হয় তাহার লোপ হয় এবং পূর্ব্বস্বর দীর্ঘ হয়। যথা—পিতঃ-রক্ষ=পিতারক্ষ, হরিঃ-রম্যঃ=হরীরম্যঃ, পুনঃ-রাজ্যম্=পুনারাজ্যম্, বিধুঃ-রাজতে=বিধূরাজতে ইত্যাদি।

---

(১) পুনঃ, প্রাতঃ, অন্তঃ, স্বঃ প্রভৃতি পদের বিসর্গ এবং ঋকারান্ত শব্দের সম্বোধনের একবচনের পদের বিসর্গ (অর্থাৎ মাতঃ, পিতঃ, ভ্রাতঃ ইত্যাদি) রজাত বিসর্গ।

(২) অকার ও আকারের পরস্থিত বিসর্গ রজাত না হইলে ঐ বিসর্গের লোপ হইবে। যথা; কুতঃ-আগতঃ=কুতআগতঃ।

(৩) রেফাক্রান্তো দির্ব্বা—অর্থাৎ রেফ্‌যুক্ত ব্যঞ্জনবর্ণের বিকল্পে দিত্ব হয়। যথা; গর্ব্বঃ, গর্বঃ; নর্ম্মদা, নর্মদা ইত্যাদি; কিন্তু কেবলমাত্র উষ্মবর্ণের দ্বিত্ব হয় না। যথা; দর্শনম্, বিমর্ষঃ, অর্হতি ইত্যাদি।

(৪) রজাত বিসর্গ বলিয়া আর একটী পদ হয়। যথা; গীর্পতিঃ।

ণত্ব (১) ও ষত্ববিধি।

ণত্ববিধি ও ষত্ববিধির নিয়ম নানা প্রকার, তন্মধ্যে ছাত্রদিগের জানিবার আবশ্যকমত দুই চারিটি সাধারণ নিয়ম সন্নিবেশিত করিলাম।

১। ঋ ৠ র ও ষ এই চারি বর্ণের পরবর্ত্তী হইলে ন মূর্দ্ধন্য হয়। যথা—নৃণাম্, নৄণাম্, পূর্ণম্, কৃষ্ণঃ।

২। স্বরবর্ণ কবর্গ, পবর্গ, য, ব, হ ও অনুস্বার মধ্যে ব্যবধান থাকিলেও দন্ত্য ন মূর্দ্ধন্য হয়, এতদ্ব্যতিরিক্ত বর্ণ ব্যবধানে হয় না। যথা—হরেণ, মূর্খেণ, অর্ভকেণ, বৃংহণম্ ইত্যাদি ; কিন্তু দর্শনম্ হইবে।

৩। পদের অন্তেস্থিত ন মূর্দ্ধন্য হয় না। যথা—নরান্, ভ্রাতৄন্ ইত্যাদি (২)।

৪। সংজ্ঞা অর্থ বুঝাইলে এবং সমাস হইলে অগ্রে, শর, সারিকা প্রভৃতি কতকগুলি শব্দের পর বন শব্দের নকার মূর্দ্ধন্য হয়। যথা— অগ্রেবণং, শরবণং, আম্রবণং, সারিকাবণং, ইক্ষুবণং ইত্যাদি (৩)।

৫। দুই বা তিন স্বরযুক্ত বৃক্ষ ও ওষধিবাচক পদস্থিত ঋ র ষ থাকিলে, বন শব্দের নকার বিকল্পে মূর্দ্ধন্য হয়। যথা—ব্রীহিবণং, ব্রীহিবনং ; শিরীষবণং, শিরীষবনং, নীবারবণং, নীবারবনং ইত্যাদি।

৬। অ আ ভিন্ন স্বরবর্ণ এবং ক ও র ইহাদের পরস্থিত দন্ত্যসকার মূর্দ্ধন্য হয়। যথা—পথিষু, নরেষু ইত্যাদি (৪)।

---

(১) "ফাল্গুনে গগনে ফেনে ণত্বমিচ্ছন্তি বর্ব্বরাঃ।"

"গগনে ফাল্গুনে ফেনে বানরনরবাহনে।
আচার্য্যান্যূনয়োর্মূঢ়ো মূর্দ্ধন্যেণত্বমিচ্ছতি॥"

ইতি নকারভেদঃ।

(২) নরান্ এবং নরেণ এই দুইটী পদের মধ্যে প্রথমটীর অন্তেস্থিত দন্ত্য ন মূর্দ্ধন্য হইল না, কিন্তু দ্বিতীয়টীর ণ অন্তেস্থিত হয় নাই বলিয়া মূর্দ্ধন্য ণ হইল ; কারণ—নরান্=ন্+অ+র+আ+ন্ এবং নরেণ=ন+অ+র্+এ+ণ্+অ।

(৩) ইকারাদি পদের পর বন শব্দের নকার মূর্দ্ধন্য হয় না। যথা—ইরিকাবনম্, তিমির বনম্ ইত্যাদি।

(৪) [illegible] আকারের পরস্থিত বলিয়া দন্ত্য স হইল।

৭। অনুস্বার এবং বিসর্গ ব্যবধান থাকিলেও দন্ত্য স মূর্দ্ধন্য হয়। যথা—ধনুংষি, হবিঃষু।

শব্দরূপ (DECLENSION).

সাধারণ নিয়ম (General rules).

১। স্বরান্ত ও ব্যঞ্জনান্ত শব্দের ক্লীবলিঙ্গ ব্যতীত (অর্থাৎ যাবতীয় পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ স্বরান্ত ও ব্যঞ্জনান্ত শব্দের) প্রথমার বহুবচন বিসর্গ সংযুক্ত হইবে। (১)

২। যাবতীয় স্বরান্ত ও ব্যঞ্জনান্ত ক্লীবলিঙ্গ শব্দের ১মা ও ২য়া বিভক্তি বিসর্গ সংযুক্ত হইবে না। (২)

৩। ভিস্ এবং ভ্যস্ বিভক্তিযুক্ত হইলেই শব্দসকল বিসর্গবিশিষ্ট হইবে। অর্থাৎ—যুষ্মদ্, অস্মদ্ শব্দ (৩) ভিন্ন স্বরান্ত, ব্যঞ্জনান্ত, সর্ব্বনাম ও সংখ্যাবাচক সকল শব্দই সকল লিঙ্গেই ৩য়া, ৪র্থী, ও ৫মীর বহুবচনে বিসর্গবিশিষ্ট হইবে।

৪। সকল শব্দের ৬ষ্ঠীর ও ৭মীর দ্বিবচনে বিসর্গ থাকিবে।

৫। সর্ব্বনাম শব্দ ব্যতীত সকল শব্দের সকল লিঙ্গেতেই ৫মী ও ৬ষ্ঠীর একবচন, ৩য়া, ৪র্থী ও ৫মীর দ্বিবচন, ৬ষ্ঠী ও ৭মীর দ্বিবচন এবং ৪র্থী ও ৫মীর বহুবচন সমান।

---

(১) সংখ্যাবাচক নকারান্ত, ষকারান্ত, এবং কতি শব্দে এই নিয়ম খাটিবে না। যথা; পঞ্চ, অষ্ট, ষট্, কতি প্রভৃতি হইবে।

(২) কেবলমাত্র ক্লীবলিঙ্গ অহন্, অস্‌ভাগস্ত, ইস্‌ভাগস্ত এবং উস্‌ভাগস্ত শব্দের ১মা ও ২য়ার একবচনে বিসর্গ হয়, এই মাত্র প্রভেদ। যথা; অহঃ অহঃ, পয়ঃ পয়ঃ, এবং ধনুঃ ধনুঃ।

(৩) কেবলমাত্র অস্মদ্ ও যুষ্মদ্ শব্দের তৃতীয়ার বহুবচনে বিসর্গ থাকে ও ৪র্থীর বহুবচনে দুইটীর মধ্যে একটীতে বিসর্গ থাকে এবং ৫মীর বহুবচনে বিসর্গ থাকে না।

যথা—	৩য়ার	বহুবচন	অস্মাভিঃ	যুষ্মাভিঃ
	৪র্থীর	„	অস্মভ্যম্, নঃ	যুষ্মভ্যম্, বঃ
	৫মীর	„	অস্মৎ	যুষ্মৎ

৬। সকল শব্দের ১মার ও ২য়ার দ্বিবচন সমান।

৭। ঈকারান্ত, ঊকারান্ত, ঔকারান্ত যাবতীয় পুংলিঙ্গ শব্দের ১মা ও ২য়ার বহুবচনে এবং ৫মী ও ৬ষ্ঠীর এক বচনে সমান, কোন প্রভেদ নাই। (১)

৮। ব্যঞ্জনান্ত পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ শব্দ মাত্রেরই ২য়ার বহুবচন, ৫মীর এক বচন ও ৬ষ্ঠীর একবচন সমান। (২)

৯। সকল শব্দের ক্লীবলিঙ্গের ১মা ও ২য়ার রূপ একই, কোন প্রভেদ নাই।

১০। যাবতীয় ব্যঞ্জনান্ত শব্দ ও যুষ্মদ্ অস্মদ্ ভিন্ন সমস্ত সর্ব্বনাম শব্দের ৬ষ্ঠীর বহুবচনে আম্ হইবে। যথা; জলমুচাম্, ধাবতাম্, বিদুষাম্, হবিষাম্, সর্ব্বাসাম্, এষাম্ ইত্যাদি।

১১। হ্রস্ব স্বরান্ত পুংলিঙ্গ, স্বরান্ত স্ত্রীলিঙ্গ (৩) ও ক্লীবলিঙ্গ শব্দ এবং যাবতীয় সংখ্যাবাচক শব্দের (৪) ৬ষ্ঠীর বহুবচনে নাম্ হইবে। যথা; দেবানাম, পতীনাম্ নৃণাম্, লতানাম্, নদীনাম্, বধূনাম্, ফলানাম্, মধূনাম্, ত্রয়াণাম্, অষ্টানাম্, শতানাম্ ইত্যাদি।

১২। সকল শব্দের সকল লিঙ্গেই ৭মীর বহুবচনে সু হইবে (অকার, আকার ভিন্ন স্বরের পরবর্ত্তী হইলে ঐ দন্ত্য স মূর্দ্ধন্য হইবে)। যথা; সাধুষু, অমীষু, সর্ব্বেষু, ত্রিষু, বণিক্ষু, লতাসু, পুংসু, অহঃসু, অস্মাসু ইত্যাদি।

১৩। পুংলিঙ্গ ঋকারান্ত ও স্ত্রীলিঙ্গ ঋকারান্ত শব্দ সকলের রূপ একই প্রকার। স্ত্রীলিঙ্গ ঋকারান্ত শব্দ সমুদয়ে পাঁচটী মাত্র, দুহিতৃ (কন্যা)

---

(১) কেবলমাত্র বাতপ্রমী শব্দের ২য়ার বহুবচনে বাতপ্রমীন্ হইবে।

(২) ১মার বহুবচনও উহাদের সদৃশ, কিন্তু কোন কোনটীর ১মার বহুবচন উল্লিখিত অপর তিনটীর সমান হয় না, তজ্জন্য উহা এই নিয়মের অন্তর্ভূত হইল না।

(৩) কেবল মাত্র জরা, স্ত্রী, ও ভূ শব্দের ষষ্ঠীর বহুবচনে দুইটি করিয়া পদ হয়। যথা; জরসাম্, জরাণাম্; স্ত্রিয়াম্, স্ত্রীণাম্; ভুবাম্, ভূণাম্। এস্থলে একবার আম্ ও আর একবার নাম্ হইল।

(৪) বিংশতি, ষষ্টি, ত্রিংশৎ, শত প্রভৃতি সংখ্যাবাচক শব্দের ঐরূপ হইবে না; কারণ উহারা সর্ব্বদাই একবচনান্ত, বহুবচনে প্রযুক্ত হয় না।

মাতৃ (মাতা) যাতৃ (যা) ননন্দৃ (ননদ) এবং স্বসৃ (ভগিনী)। তন্মধ্যে প্রথম চারিটী ভ্রাতৃ শব্দের তুল্য, কেবল এইমাত্র ভেদ যে ২য়ার বহুবচনে দুহিতৄঃ, মাতৄঃ, যাতৄঃ এবং ননন্দৄঃ এইরূপ পদ হয়। আর স্বসৃ শব্দ দাতৃ শব্দের সদৃশ, কেবল ২য়ার বহুবচনে স্বসৄঃ হইবে।

১৪। ওকারান্ত এবং ঔকারান্ত যাবতীয় পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ শব্দের রূপ একই প্রকার।

১৫। পুংলিঙ্গে ও স্ত্রীলিঙ্গে ব্যঞ্জনান্ত সকল শব্দের রূপ একই প্রকার, কোন প্রভেদ নাই। ব্যঞ্জনান্ত ক্লীবলিঙ্গ শব্দও ঐরূপ কিন্তু ১মা ও ২য়াতে কিছু বিশেষ আছে।

১৬। ঈকারান্ত শব্দ সকলের রূপ কালীন যে যে স্থানে য় থাকিবে, সেই সেই স্থানে উহার (য়) পূর্ব্ববর্ত্তী বর্ণ হ্রস্ব ই সংযুক্ত হইবে ও তদ্ভিন্ন স্থানে দীর্ঘ ঈকার থাকিবে। ঐরূপ দীর্ঘ ঊকারান্ত শব্দ সকলের যে যে স্থানে ব থাকিবে, সেই সেই স্থানে উহার (ব) পূর্ব্ববর্ত্তী বর্ণ হ্রস্ব উ সংযুক্ত হইবে ও তদ্ভিন্ন স্থানে দীর্ঘ ঊ থাকিবে। যথা; সুধীঃ, সুধিয়ৌ, সুধিয়ঃ, সুধীভ্যাম্, সুধিয়ি, সুধীষু, স্ত্রিয়ৈ, স্ত্রীণাম্, স্ত্রিয়াম্, স্ত্রীভ্যঃ, প্রতিভুবম্ প্রতিভুষু, ভুবি, ভূণাম্, ভুবাম্ ইত্যাদি।

১৭। যুবন্ শব্দের রূপ কালীন যে যে স্থানে ব থাকিবে তাহার পূর্ব্ববর্ত্তী যকার হ্রস্ব উকার সংযুক্ত হইবে এবং তদ্ভিন্ন স্থানে দীর্ঘ ঊকার সংযুক্ত হইবে; ঐরূপ মঘবন্ শব্দের রূপ কালীন যে যে স্থানে ব থাকিবে তাহার পূর্ব্ববর্ত্তী ঘ অকারান্ত থাকিবে ও তদ্ভিন্ন ঘ ওকার সংযুক্ত হইবে। ক্রমশঃ উদাহরণ। যথা; যুবা, যুবানম্, যূনা, যুবভ্যাম্, যূনাম্ মঘবা, মঘোনা, মঘোনঃ মঘবভ্যাম্, মঘোনাম্, মঘবসু ইত্যাদি।

১৮। যাবতীয় ব্যঞ্জনান্ত চকারান্ত ও জকারান্ত শব্দের (১) চ ও জ স্থানে ১মার এক বচনে ক, দকারান্ত ও ধকারান্ত শব্দের দ ও ধ স্থানে ৎ, অন্ ভাগান্ত শব্দের অনের স্থানে আ হয় (এ স্থলে ক্লীবলিঙ্গ ভিন্ন বুঝিতে হইবে), র ভাগান্ত শব্দের রকারের স্থানে বিসর্গ ও পূর্ব্ববর্ত্তী স্বরের দীর্ঘ

(১) কেবল মাত্র প্রাচ্, প্রত্যচ্, তির্য্যচ্, উদচ্ প্রভৃতি কয়েকটী শব্দের কেবল পুংলিঙ্গে ও স্ত্রীলিঙ্গে চ স্থানে ঙ্ হয়।

হয় এবং বস্ ভাগান্ত পুংলিঙ্গ শব্দের বস্ স্থানে বান্ হয়। ক্রমশঃ উদাহরণ যথা—

জলমুচ্—জলমুক্	সমিধ্—সমিৎ	পুর্—পূঃ
বণিজ্—বণিক্	বীরুধ্—বীরুৎ	বিদ্বস্—বিদ্বান্
সুহৃদ্—সুহৃৎ	যুবন্—যুবা	তস্থিবস্—তস্থিবান্
আপদ্—আপৎ	গির্—গীঃ	

*১৯। যাবতীয় ব্যঞ্জনান্ত পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ ও ক্লীবলিঙ্গ শব্দের ৭মীর এক বচনের শেষ বর্ণটী হ্রস্ব ইকার সংযুক্ত হইবে। যথা; জলমুচি, সুহৃদি, দিবি, দিশি, পুংসি, অহ্নি, অহনি ইত্যাদি।

২০। সমুদয় মূর্দ্ধণ্য ষকারান্ত শব্দ দ্বিষ্ শব্দের ন্যায়।

২১। নাম ও নামন্ দুইটী ভিন্ন শব্দ; ইহাদের অর্থ একই। নাম শব্দ অব্যয়, ইহার রূপ নাই।

নামন্ শব্দ।

পুংলিঙ্গ—নামা	নামানৌ	নামানঃ
স্ত্রীলিঙ্গে—নাম্নী	নাম্ন্যৌ	নাম্ন্যঃ
ক্লীবলিঙ্গ—নাম	নাম্নী, নামনী	নামানি ইত্যাদি।

২২। উশনস্ শব্দের সম্বোধনের একবচনে উশনঃ উশন এবং উশনন্ এই তিন পদ হয়; এবং ১মার একবচনে উশনা এই বিসর্গহীন পদ হয়।

২৩। মুনি ও পতি (১) শব্দের রূপ একই; কেবল ৪র্থী, ৫মী, ৬ষ্ঠী ও ৭মীর এক বচনে প্রভেদ আছে। যথা—

একবচনে মুনি	একবচনে পতি
৩য়া—মুনিনা	৩য়া—পত্যা
৪র্থী—মুনয়ে	৪র্থী—পত্যে
৫মী—মুনেঃ	৫মী—পত্যুঃ
৬ষ্ঠী—ঐ	৬ষ্ঠী—ঐ
৭মী—মুনৌ	৭মী—পত্যৌ

(১) পতি শব্দ অন্য শব্দের সহিত সমাসযুক্ত হইয়া একপদ হইলে, মুনি শব্দের ন্যায় তাহার রূপ হইবে। যথা; ভূপতি, শ্রীপতি, রঘুপতি, নৃপতি ইত্যাদি।

২৪। পতি ও সখি শব্দের (১) রূপ সম্বন্ধে ১মা বিভক্তিতে এবং ২য়ার একবচন ও দ্বিবচনে প্রভেদ আছে। যথা—

পতি—১মা—পতিঃ	পতী	পতয়ঃ
২য়া=পতিম্	ঐ	
সখি—১মা=সখা	সখায়ৌ	সখায়ঃ
২য়া=সখায়ম্	ঐ	

২৫। দাতৃ ও পিতৃ শব্দের রূপ একই, কেবল মাত্র ১মার দ্বিবচন বহুবচন এবং ২য়ার একবচন ও দ্বিবচনে প্রভেদ আছে যথা—

		একবচন	দ্বিবচন	বহুবচন
১মা	দাতৃ—		দাতারৌ	দাতারঃ
২য়া		দাতারম্	ঐ	
১মা	পিতৃ—		পিতরৌ	পিতরঃ
২য়া		পিতরম্	ঐ	

২৬। পিতৃ প্রভৃতি দশটী শব্দ (২) ভিন্ন সমুদয় ঋকারান্ত শব্দের রূপ দাতৃ শব্দের ন্যায় হইবে।

২৭। নৃ শব্দ (মনুষ্য) পুং

	একবচন	দ্বিবচন	বহুবচন
১মা	না	নরৌ	নরঃ
২য়া	নরম্	ঐ	নৄন্

---

(১) "রাজাহ সখিভ্যষ্টচ্"=সমাসে রাজন্, অহন্, ও সখি শব্দের উত্তর ট, অর্থাৎ অ হয়। "সখ্যহোরাজ্ঞঃ বঃ ব গেচ।" (সখি-অহন্ রাজ্ঞঃ বঃ ব গেচ)=এভ্যঃ বঃ স্যাৎ বে বে গেচ। অর্থাৎ—কর্ম্মধারয়, তৎপুরুষ বা দ্বিগু সমাস বুঝাইলে সখি, অহন্ ও রাজন্ শব্দের উত্তর ব (অ) হয়। যথা; প্রিয়সখঃ, পরমাহঃ, মহারাজঃ।

(২) "পিতা মাতা ননন্দা না সব্যেষ্ঠ্ ভ্রাতৃযাতরঃ।
জামাতা দুহিতা দেবা ন তৃণন্তা ইমে দশ॥"

পিতৃ, মাতৃ, ননন্দৃ, নৃ, সব্যেষ্ঠৃ, ভ্রাতৃ, যাতৃ, জামাতৃ, দুহিতৃ, দেবৃ এই দশ। ইহারা তৃন্ প্রত্যয়ান্ত নহে।

৩য়া	ন্রা	নৃভ্যাম্	নৃভিঃ
৪র্থী	ন্রে	ঐ	নৃভ্যঃ
৫মী	নুঃ	ঐ	ঐ
৬ষ্ঠী	ঐ	ন্রোঃ	নৃণাম্, নৃণাম্
৭মী	নরি	ঐ	নৃষু
সম্বো	নঃ	নরৌ	নরঃ

২৮। অম্বা শব্দ লতা শব্দের ন্যায়, কেবল মাত্র সম্বোধনের একবচনে হে অম্ব হইবে। লক্ষ্মী শব্দ নদী শব্দের ন্যায়, কেবলমাত্র ১মার একবচনে লক্ষ্মীঃ হইবে। ভ্রূ ও সুভ্রূ শব্দদ্বয়ের রূপ একই; কিন্তু ভ্রূ শব্দের সম্বোধনের একবচনে ভ্রূঃ, এবং সুভ্রূ শব্দের সম্বোধনের একবচনে সুভ্রু এই পদ হয়।

২৯। দ্বিতীয়ার বহুবচন প্রভৃতি বিভক্তিতে (অর্থাৎ দ্বিতীয়ার বহুবচন অবধি ৭মীর বহুবচন পর্য্যন্ত সমস্ত বিভক্তিতে)

পাদ (পুং = Leg.)	শব্দ	স্থানে	পদ্	আদেশ	হয়
দন্ত (পুং = Tooth.)	„	„	দৎ	„	„
মাস (পুং = Month.)	„	„	মাস্	„	„
নিশা (স্ত্রীং = Night.)	„	„	নিশ্	„	„
নাসিকা (স্ত্রীং Nose.)	„	„	নস্	„	„
আসন (ক্লীং = Seat.)	„	„	আসন্	„	„
উদক (ক্লীং = Water,)	„	„	উদন্	„	
হৃদয় (ক্লীং = Heart.)	„	„	হৃদ্	„	„

ইহাদের মধ্যে নিশা শব্দটী নিম্নে রূপ করিয়া দেওয়া গেল।

নিশা শব্দ (স্ত্রীং) রাত্রি।

	একবচন	দ্বিবচন	বহুবচন
১মা	নিশা	নিশে	নিশাঃ
২য়া	নিশাম্	ঐ	নিশঃ, নিশাঃ
৩য়া	নিশা, নিশয়া	নিড্ভ্যাম্, নিশাভ্যাম্	নিড্ভিঃ, নিশাভিঃ
৪র্থী	নিশে, নিশায়ৈ	ঐ, ঐ	নিড্ভ্যঃ, নিশাভ্যঃ
৫মী	নিশঃ, নিশায়াঃ	ঐ ঐ	ঐ ঐ

৬ষ্ঠী	নিশঃ, নিশায়াঃ	নিশোঃ, নিশয়োঃ	নিশাম্, নিশানাম্
৭মী	নিশি, নিশায়াম্	ঐ;	ঐ নিক্ষু, নিশাসু,
সম্বো	নিশে	নিশে	নিশাঃ

৩০। মৎপ্রত্যয়ান্ত, বৎপ্রত্যয়ান্ত, ও তবৎ প্রত্যয়ান্ত যাবতীয় শব্দ, অৎ প্রত্যয়ান্ত ধাবৎ শব্দের ন্যায় হইবে। কেবল ১মার একবচনে উপধা অকার আকার হয় এই মাত্র বিশেষ। যথা—শ্রীমৎ—শ্রীমান্

জ্ঞানবৎ—জ্ঞানবান্ কৃতবৎ—কৃতবান্ ইত্যাদি।

কিন্তু ধাবৎ—ধাবন্ হইবে। এবং ভবৎ শব্দ ধাবৎ শব্দের ন্যায়, কিন্তু তুমি অর্থে প্রয়োগ হইলে শ্রীমৎ শব্দের ন্যায় হয়।

৩১। যে সকল অন্ ভাগান্ত শব্দের অকার ম সংযুক্ত বর্ণে কিম্বা ব সংযুক্ত বর্ণে মিলিত থাকে, তাহাদিগের রূপ আত্মন্ শব্দের ন্যায় হয়। যেমন—যজ্বন্, যক্ষ্মন্, অশ্মন্, ব্রহ্মন্ ইত্যাদি।

৩২। ক্লীবলিঙ্গ শব্দ বিশেষণ হইলে তৃতীয়া অবধি ৭মী বিভক্তি পর্য্যন্ত বিকল্পে পুংলিঙ্গ হয়। যথা—শুচিনে, শুচয়ে; পীলুনে, পীলবে; স্বাদুনে, স্বাদবে; ধাতৃণা, ধাত্রা ইত্যাদি।

৩৩। সর্ব্বনাম শব্দ সকল পাঁচ ভাগে বিভক্ত। যথা—সর্ব্বাদি অন্যাদি, পূর্ব্বাদি, যদাদি ও ইদমাদি।

সর্ব্বাদি—সর্ব্ব, বিশ্ব, উভয়, এক, একতর এই পাঁচ।

অন্যাদি—অন্য, অন্যতর, ইতর, কতর, কতম, একতম এই ছয়।

পূর্ব্বাদি=পূর্ব্ব, পর, অপর, অবর, অধর, দক্ষিণ, উত্তর, স্ব এই আট।

যদাদি=যদ্, তদ্, এতদ্, ত্যদ্, কিম্ এই পাঁচ।

ইদমাদি=ইদম্, অদস্, যুষ্মদ্, অস্মদ্ এই চার।

সর্ব্বাদি, অন্যাদি ও পূর্ব্বাদি অকারান্ত সর্ব্বনাম শব্দ সকলের রূপ সাধারণ অকারান্ত শব্দের ন্যায় হইয়া থাকে কেবল মাত্র ১মা ও ৬ষ্ঠীর বহুবচনে এবং ৪র্থী, ৫মী ও ৭মীর একবচনে রূপের বিভিন্নতা আছে। যদাদি শব্দ সকলের দ্ উঠিয়া যায় এবং কিম্ ইহার ইম্ গিয়া অকারান্ত হইয়া থাকে; অর্থাৎ য, ত, এত, ত্য এবং ক এইরূপ হয়, পরে সর্ব্বাদির ন্যায় রূপ হয়। কেবল ক্লীবলিঙ্গের ১মার ও ২য়ার একবচনে যৎ, তৎ,

এতৎ, ত্যৎ ও কিম্ হয় আর তদ্, এতদ্ ও ত্যদ্ শব্দের পুংলিঙ্গে ১মার একবচনে সঃ, এষঃ ও স্যঃ এবং স্ত্রীলিঙ্গে সা, এষা ও স্যা হয়; এই মাত্র বিশেষ। (১) ইদমাদি শব্দের রূপ পৃথক্ পৃথক্।

৩৪। যুষ্মদ্ (তুমি)।

	একবচন	দ্বিবচন	বহুবচন
১মা	ত্বম্	যুবাম্	যূয়ম্
২য়া	ত্বাম্, ত্বা	যুবাম্, বাম্	যুষ্মান্, বঃ
৩য়া	ত্বয়া	যুবাভ্যাম্	যুষ্মাভিঃ
৪র্থী	তুভ্যম্, তে	ঐ, বাম্	যুষ্মভ্যম্, বঃ
৫মী	ত্বৎ	যুবাভ্যাম্	যুষ্মৎ
৬ষ্ঠী	তব, তে,	যুবয়োঃ, বাম্	যুষ্মাকম্, বঃ
৭মী	ত্বয়ি	যুবয়োঃ	যুষ্মাসু। (২)

অস্মদ্ (আমি)।

একবচন	দ্বিবচন	বহুবচন
১মা—অহম্	আবাম্	বয়ম্
২য়া—মাম, মা	ঐ, নৌ	অস্মান্, নঃ
৩য়া—ময়া*	আবাভ্যাম্	অস্মাভিঃ
৪র্থী—মহ্যম্, মে	ঐ, নৌ	অস্মভ্যম্, নঃ
৫মী—মৎ	আবাভ্যাম্	অস্মৎ

---

(১) "কিমন্যযত্তদোর্হিঁশ্চ"—কিম্, অন্য, যৎ, ও তৎ শব্দের ৭মী বিভক্তি স্থানে র্হি এবং দা হয়। যথা— কস্মিন্ ইতি—কর্হি, কদা; অন্যস্মিন্ ইতি—অন্যর্হি, অন্যদা; যস্মিন্ ইতি—যর্হি, যদা; তস্মিন্ ইতি—তর্হি, তদা।

(২) সকল বিভক্তির দ্বিবচনে যুষ্মদ্ স্থানে যুব এবং অস্মদ্ স্থানে আব আদেশ হয়। আর ২য়া, ৪র্থী, ও ৬ষ্ঠীর দ্বিবচন এবং বহুবচনে যুষ্মদ্ ও অস্মদ্ শব্দ স্থানে যথাক্রমে, বাম্, নৌ, বস্ ও নস্ বিকল্পে আদেশ হয় অর্থাৎ যুষ্মদ্ শব্দের দ্বিবচনে বাম্, ও বহুবচনে বঃ এবং অস্মদ্ শব্দের দ্বিবচনে নৌ ও বহুবচনে নঃ বিকল্পে আদেশ হয়।

৬ষ্ঠী —মম, মে আবয়োঃ, নৌ অস্মাকম্, নঃ
৭মী – ময়ি আবয়োঃ অস্মাসু (১)

এই দুই শব্দ তিন লিঙ্গেই সমান, কোন প্রভেদ নাই।

৩৫। "দ্বীটৌসীদৈতয়োরেনোঽন্বক্তৌ।"

অর্থাৎ উক্তির পশ্চাৎ উক্তি বুঝাইলে ২য়া বিভক্তি, ৩য়ার একবচন এবং ৬ষ্ঠী ও ৭মীর দ্বিবচনে ইদম্ এবং এতদ্ শব্দের ইদ ও এত স্থানে এন আদেশ হয়। যথা—

"ইমং বিদ্ধি হরের্ভক্তং বিদ্ধ্যথৈনং শিবার্চ্চকম্।
ইমাবিমান্ বিত্ত শৈবান্ এনাবেনাংস্ত বৈষ্ণবান্॥
অনেন পূজিতঃ কৃষ্ণোঽথৈনেন গিরিশোঽর্চ্চিতঃ।
অনয়োঃ কেশবঃ স্বামী শিবঃ স্বামী অথৈনয়োঃ॥"

হে সাধো, ইমং জনং হরের্ভক্তং বিদ্ধি জানীহি ইতি উক্তিঃ, অথ, এনং (তমেব) শিবার্চ্চকং বিদ্ধি ইতি পশ্চাদুক্তিঃ। হে সাধবঃ, ইমৌ ইমান্ শৈবান্ বিত্ত জানীত ইতি উক্তিঃ, এনৌ এনান্ বৈষ্ণবান্ বিত্ত ইতি পশ্চাদুক্তিঃ, (যূয়ং ইতি শেষঃ)। অনেন জনেন কৃষ্ণঃ পূজিতঃ ইতি উক্তিঃ, অথ অনন্তরং এনেন (তেনৈব) জনেন, গিরিশঃ (শিবঃ) অর্চ্চিতঃ ইতি পশ্চা-

---

(১) চ, বা, এব, এই তিন অব্যয় শব্দের যোগে যুষ্মদ্ শব্দের ত্বা, তে, বাম্, বঃ এই চারি পদের এবং অস্মদ্ শব্দের মা, মে, নৌ, নঃ এই চারি পদের প্রয়োগ হয় না। যথা; প্রভুঃ ত্বা মা চ আজ্ঞাপয়তি—এরূপ প্রয়োগ হইবে না, প্রভুঃ ত্বাং মাং চ আজ্ঞাপয়তি এইরূপ হইবে।

বাক্যের (Sentence) অথবা শ্লোকের চরণের আরম্ভেও ঐ সকল পদের প্রয়োগ হয় না। যথা—মে পুস্তকং দেহি এরূপ প্রয়োগ না হইয়া মহ্যং পুস্তকং দেহি এইরূপ হইবে। এবং শ্লোকের চরণের আরম্ভে—যথা—

"ত্বা স রক্ষতি যত্নেন মাং স দেষ্টি নিরন্তরম্।
তে দোষ এব নৈবাত্র মে দোষো বিদ্যতে সখে॥"

এই প্রকার প্রয়োগ না হইয়া—

"ত্বাং স রক্ষতি যত্নেন মাং স দেষ্টি নিরন্তরম্।
তবৈব দোষো নৈবাত্র মম দোষোঽস্তি কশ্চন॥"

এই প্রকার প্রয়োগ হইয়া থাকে।

ছুক্তিঃ অনয়োঃ জনয়োঃ স্বামী কেশবঃ ইতি উক্তিঃ, অথ এনয়োঃ জনয়োঃ স্বামী শিবঃ ইতি পশ্চাদুক্তিঃ ; ইত্যর্থঃ। ইতি বোপদেবঃ।

পুং	একবচন	দ্বিবচন	বহুবচন
ইদম্—২য়া	ইমম্	ইমৌ	ইমান্
	এনম্	এনৌ	এনান্
৩য়া	অনেন, এনেন		
৬ষ্ঠী		অনয়োঃ, এনয়োঃ	
৭মী		অনয়োঃ, এনয়োঃ	

এতদ্ শব্দ।

২য়া	এতম্	এতৌ	এতান্
	এনম্	এনৌ	এনান্
৩য়া	এতেন, এনেন		
৬ষ্ঠী		এতয়োঃ, এনয়োঃ	
৭মী		এতয়োঃ, এনয়োঃ	

ঐরূপ ক্লীবলিঙ্গে এনৎ, এনে, এনানি, এনেন, এনয়োঃ, এনয়োঃ হইবে। এবং স্ত্রীলিঙ্গে কেবল মাত্র ২য়ার একবচনে এনাম্ হইবে। (১)

৩৬। এক, ত্রি ও চতুর্ শব্দ ভিন্ন যাবতীয় সংখ্যাবাচক শব্দের রূপ তিন লিঙ্গেই সমান। কেবল দ্বিশব্দের পুংলিঙ্গের ১মা ও ২য়ায় দ্বৌ, দ্বৌ, এবং ক্লীবলিঙ্গে ও স্ত্রীলিঙ্গে দ্বে, দ্বে, হইবে ; এই মাত্র বিশেষ।

৩৭। বিংশতি, ষষ্টি, সপ্ততি, অশীতি, নবতি, কোটি প্রভৃতি শব্দ স্ত্রীলিঙ্গ ও হ্রস্ব ইকারান্ত, অতএব ইহাদের রূপ মতি শব্দের ন্যায় হইবে। ত্রিংশৎ, চত্বারিংশৎ, পঞ্চাশৎ শব্দ তকারান্ত ও স্ত্রীলিঙ্গ অতএব ইহাদের রূপ ভূভৃৎশব্দের ন্যায় হইবে। এবং শত, সহস্র, অযুত, লক্ষ প্রভৃতি শব্দ অকারান্ত ও ক্লীবলিঙ্গ, অতএব ইহাদের রূপ ফল শব্দের ন্যায় হইবে।

৩৮। বিংশতি অবধি সংখ্যাবাচক শব্দ সকল সর্ব্বদা একবচনান্ত ; ইহারা বহুবচনান্ত পদের বিশেষণ হয় বটে, কিন্তু একবচনে প্রযুক্ত হইয়া থাকে। যথা—বিংশতিঃ নার্য্যঃ, বিংশতিঃ নরাঃ, বিংশতিঃ ফলানি, বিংশতিম্

(১) স্ত্রীলিঙ্গে আর অন্য কোন বিভক্তিতে এন আদেশ হয় না।

শয়ান্, বিংশত্যা নরৈঃ, ত্রিংশৎ স্ত্রিয়ঃ, নবতিঃ পত্রাণি, নবত্যাম্ পত্রেষু ইত্যাদি।

"যৎ চতুর্ব্বিংশত্যাপি বর্ষৈরবৃষ্টেঽপি পর্জ্জন্যে ন শুষ্যতি।"

এখানে চতুর্ব্বিংশত্যা বর্ষৈঃ এইরূপ প্রয়োগ আছে—এস্থলে বিশেষ্য পদটী বহুবচনান্ত হইলেও উহার বিশেষণটী একবচনে প্রযুক্ত হইল। কিন্তু উহাদের নিজের দ্বিত্ব ও বহুত্ব বুঝাইলে উহারা দ্বিবচনান্ত কিম্বা বহুবচনান্ত হইয়া থাকে। যথা—দ্বে বিংশতী, ত্রীণি শতানি ইত্যাদি।

"তস্মৈ সপ্ত সহস্রাণি হয়ানাং বাতরংহসাম্।
দ্বে চ নাগশতে মুখ্যে প্রাদাদ্বহু ধনং তদা॥"
ইতি—মহাভারতে। (প্রবেশিকায়াং দ্রষ্টব্যম্)।

CHAPTER II.

স্ত্রীত্য।

১। অকারান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে আপ্ হয়। যথা—

সর্ব্ব—সর্ব্বা　　দীন—দীনা
প্রবল—প্রবলা　　চতুর—চতুরা ইত্যাদি।

২। অকভাগান্ত শব্দের অকভাগস্থানে ইক হয়। (১) যথা—

পাচক—পাচিকা　　নায়ক—নায়িকা
বালক—বালিকা　　গায়ক—গায়িকা ইত্যাদি।

৩। নদ প্রভৃতি (২) অকারান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঈপ হয়। যথা— নদ—নদী, গৌর—গৌরী, কুমার—কুমারী, গব—গবী, মৃণ্ময়—মৃণ্ময়ী, নিশাচর—নিশাচরী—ইত্যাদি।

---

(১) অষ্টকা, উপত্যকা, অধিত্যকা, অলকা, কন্যকা প্রভৃতির হয় না।

(২) নদাদয়ঃ—
"নদো গৌরো গবশ্চৌরো দরকন্দরকাকিণাঃ, দ্রোণস্তরুণপাত্রৌচ পুটশাট পটাস্তটঃ।
চেলঃ স্থূচঃ শচশ্চৈব পিণ্ডমণ্ডলকন্দলাঃ, মহৎ বৃহৎ ঘটাঃ পুত্র এতদাদ্যা নদাদয়ঃ॥"
—নদ, গৌর, গব, চৌর, দর, কন্দর, কাকিণ, দ্রোণ, তরুণ, পাত্র, পুট, শাট, পট, তট, চেল, স্থূচ, শচ, পিণ্ড, মণ্ডল, কন্দল, মহৎ, বৃহৎ, ঘট এবং পুত্র।

৪। জাতিবাচক অকারান্ত শব্দের উত্তর ঈপ্ হয়। যথা—

ব্রাহ্মণ—ব্রাহ্মণী হংস—হংসী (১) ইত্যাদি।

৫। ইকারান্ত এবং গুণবাচক উকারান্ত শব্দের উত্তর বিকল্পে ঈপ হয় (২)। কিন্তু ক্তি প্রত্যয়ান্ত শব্দ (৩) মাত্রেই স্ত্রীলিঙ্গ, উহাদের উত্তর আর ঈপ্ হয় না। যথা— শ্রেণিঃ, শ্রেণী। ভূমিঃ, ভূমী। যুবতিঃ, যুবতী (৪)। সাধুঃ, সাধ্বী। মৃদুঃ, মৃদ্বী। গুরুঃ, গুর্ব্বী।

৬। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় ভিন্ন পূরণবাচক শব্দের উত্তর ঈপ্ হয়। যথা; চতুর্থী, পঞ্চমী, নবমী ইত্যাদি; কিন্তু প্রথমা, দ্বিতীয়া ও তৃতীয়া হইবে।

৭। অঙ্গবাচক শব্দের উত্তর বিকল্পে ঈপ্ হয়। (৫) যথা—
সুমুখ—সুমুখী, সুমুখা; বিম্বোষ্ঠ—বিম্বোষ্ঠী, বিম্বোষ্ঠা;
সুকেশ—সুকেশী, সুকেশা; লম্বোদর—লম্বোদরী, লম্বোদরা ইত্যাদি।

৮। মাতৃ, স্বসৃ, দুহিতৃ, যাতৃ ও ননন্দৃ শব্দ ভিন্ন যাবতীয় ঋকারান্ত শব্দের উত্তর ঈ হয়। যথা—কর্ত্তৃ—কর্ত্রী, দাতৃ—দাত্রী ইত্যাদি।

৯। অচ্ ভাগান্ত শব্দের উত্তর ঈপ্ হয়। যথা—

প্রাচ্—প্রাচী, অবাক্—অবাচী ইত্যাদি।

১০। অন্ ভাগান্ত শব্দের উত্তর ঈপ্ হয়, ঈপ্ হইলে অন্‌ভাগের অকারের লোপ হয় (কিন্তু ঐ অনের অকার সংযুক্তবর্ণের সহিত যুক্ত থাকিলে

---

(১) অজা, দ্বিজা, অশ্বা, বড়বা, চটকা, কোকিলা, বলাকা, ক্রুঞ্চা, পুত্তিকা, মক্ষিকা, পিপীলিকা, করটা, মূষিকা, শূদ্রা, বৈশ্যা, ক্ষত্রিয়া এই কয়েকটী আকারান্ত হয়।

(২) সখি শব্দের নিত্য হয়। যথা;—সখী। এবং যুক্তবর্ণে উকার থাকিলে হয় না যথা—পাণ্ডুঃ।

(৩) ক্তি প্রত্যয়ান্ত শব্দ; যথা—গতি, মতি, আসক্তি, ইত্যাদি।

(৪) ইহার আর একটী পদ হয়। যথা—যূনী।

(৫) নেত্র, ভুজ, পুচ্ছ, জিহ্বা, খুর, ক্রোড়, গুল্ফ, মুণ্ড, গ্রীবা, প্রভৃতি শব্দ এবং উদর ও নাসিকা ভিন্ন দুয়ের অধিক স্বর বিশিষ্ট শব্দের (যথা—নয়ন, বদন ইত্যাদি) হয় না। যথা—ত্রিনেত্রা, চন্দ্রবদনা ইত্যাদি।

লোপ হয় না)। যথা—রাজন্—রাজ্ঞী, নামন্—নাম্নী, মঘবন্—মঘোনী, শ্বন্—শুনী (১), শর্ম্মন্—শর্ম্মণী।

১১। ইন্ ভাগান্ত শব্দের উত্তর ঈপ্ হয়। যথা—

স্থায়িন্—স্থায়িনী, মনোহারিন্—মনোহারিণী ইত্যাদি।

১২। স্ত্রীলিঙ্গে ঈপ্ হইলে শতৃ প্রত্যয়ান্ত ভ্বাদি দিবাদি ও ণিজন্ত ধাতুর অৎ স্থানে নিত্য অন্ত হয়। যথা—

পশ্যৎ—পশ্যন্তী, নৃত্যৎ—নৃত্যন্তী, কথয়ৎ—কথয়ন্তী ইত্যাদি।

১৩। তুদাদি এবং দরিদ্রা ভিন্ন যাবতীয় আকারান্ত অদাদির উত্তর বিকল্পে অৎভাগ স্থানে অন্ত হয়। যথা—ইচ্ছৎ—ইচ্ছন্তী, ইচ্ছতী; যাৎ—যান্তী, যাতী ইত্যাদি। কিন্তু দরিদ্রৎ—দরিদ্রতী হইবে।

১৪। স্যৎ, মৎ, বৎ ও তবৎ প্রত্যয়ান্ত শব্দের এবং মহৎ শব্দের স্ত্রীলিঙ্গে ঈপ্ হয়। যথা—ভবিষ্যৎ—ভবিষ্যতী, বুদ্ধিমৎ—বুদ্ধিমতী, ধনবৎ—ধনবতী, যাচিতবৎ—যাচিতবতী, মহৎ—মহতী ইত্যাদি।

১৫। ঈয়স্ ভাগান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঈপ্ হয়। যথা—প্রেয়স্—প্রেয়সী; গরীয়স্—গরীয়সী; লঘিয়স্—লঘিয়সী ইত্যাদি।

১৬। ব্রহ্মন্, রুদ্র, ভব, শর্ব্ব, মৃড়, ইন্দ্র ও বরুণ শব্দের উত্তর পত্নী অর্থে আনী হয়। যথা—ব্রহ্মণঃ পত্নী=ব্রহ্মাণী (২); ভবস্য পত্নী=ভবানী ইত্যাদি।

১৭। মাতুল, উপাধ্যায়, ক্ষত্রিয়, আচার্য্য, সূর্য্য ও আর্য্য শব্দের উত্তর পত্নী অর্থে বিকল্পে আনী হয়। যথা—মাতুলস্য পত্নী=মাতুলানী, মাতুলা; উপাধ্যায়স্য পত্নী=উপাধ্যায়ানী, উপাধ্যায়া (৩); ইত্যাদি।

১৮। ক্বিপ্ প্রত্যয়ান্ত যাবতীয় শব্দ পুংলিঙ্গে ও স্ত্রীলিঙ্গে সমান। যথা—

শব্দ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
সম্রাজ্	সম্রাট্	সম্রাট্
অংশভাজ্	অংশভাক্	অংশভাক্

(১) শ্বন্ যুবন ও বিদ্বন্ শব্দের উত্তর ঈপ্ করিলে উহাদের ব স্থানে উ হয় এবং যুবন্ শব্দের স্ত্রীলিঙ্গে যুবতী ও যুবতি এই দুই পদও হইয়া থাকে। সীমন্ প্রভৃতি অন্ ভাগান্ত শব্দের উত্তর ঈপ্ হয় না; যথা—সীমা।

(২) আনী প্রত্যয় করিলে ব্রহ্মন্ শব্দের নকারের লোপ হয়।

(৩) মাতুলী, উপাধ্যায়ী ইত্যাদি ঈপ্ প্রত্যয়ান্ত পদও হইয়া থাকে।

শব্দ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	
সর্ব্বভুজ্	সর্ব্বভুক্	সর্ব্বভুক্	
মর্ম্মবিদ্	মর্ম্মবিৎ	মর্ম্মবিৎ	
মর্ম্মস্পৃশ্	মর্ম্মস্পৃক্	মর্ম্মস্পৃক্	
যাদৃশ্	যাদৃক্	যাদৃক্	ইত্যাদি।

১৯। ক্বসু প্রত্যয়ান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঈপ্ হইলে বকারের পূর্ব্ব-বর্ত্তী ইকারের লোপ এবং ব ভাগস্থানে উ হয়। যথা—

শব্দ	পুং	স্ত্রীং	
পেতিবস্	পেতিবান্	পেতুষী	
বিদ্বস্	বিদ্বান্	বিদুষী	
জগ্মিবস্	জগ্মিবান্	জগ্মুষী	ইত্যাদি।

২০। ক্বনিপ্ প্রত্যয়ান্ত শব্দ সকলের উত্তর ঈপ্ করিলে ক্বনিপের ন স্থানে র হয়। যথা—

শব্দ	পুং	স্ত্রীং
বহুদৃশ্বন্	বহুদৃশ্বা	বহুদৃশ্বরী

অতিরিক্ত।

শব্দ	স্ত্রীং	শব্দ	স্ত্রীং	
চণ্ড	চণ্ডী, চণ্ডা	হিম	হিমানী	
শোণ	শোণী, শোণা	সূর্য্য	সৌরী	
নর	নারী	অরণ্য	অরণ্যানী	
মানুষ	মানুষী	যবন	যবনানী	
মৎস্য	মৎসী	কুণ্ডোধস্	কুণ্ডোধ্নী	ইত্যাদি।

লিঙ্গশাসনম্।

পুংলিঙ্গশব্দ।

১। ঘঞ্, অল্, ন, কি, রু, অথু, ণ ও ইমন্ প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ। ক্রমশঃ উদাহরণ যথা—

ঘঞ্ —বস্-ঘঞ্ = বাসঃ, পচ্-ঘঞ্ = পাকঃ।

অল্ (১)—হন্-অল্ = বধঃ, কৃ-অল্ = করঃ।

ন (২)—যজ্-ন = যজ্ঞঃ, স্বপ্-ন = স্বপ্নঃ।

কি (৩)—বি-ধা-কি = বিধিঃ, বারি-ধা-কি = বারিধিঃ।

রু (৪)—শত-রু = শত্রুঃ।

অথু —বেপ-অথু = বেপথুঃ। ণ —স্বস্-ণ = শ্বাসঃ,

ইমন্(৫) লঘু-ইমন্ = লঘিমা।

২। সমাসে রাত্রি, অহন্ (৬) ও অহ্ন শব্দ। যথা—

রাত্রি—অহোরাত্রঃ, ত্রিরাত্রঃ ইত্যাদি।

অহন্—পঞ্চাহঃ, একাহঃ ইত্যাদি।

অহ্ন—পূর্ব্বাহ্নঃ, অপরাহ্নঃ ইত্যাদি।

৩। চন্দ্র, সূর্য্য, অগ্নি, রশ্মি, দেব, দৈত্য, স্বর্গ, বায়ু, মেঘ, পর্ব্বত, সমুদ্র, যজ্ঞ, অস্ত্র, তৃণ. শত্রু, কেশ, কর, বর্ণ, গ্রহ, বৃক্ষ (৭) ও বৈশাখ প্রভৃতি মাস বাচক শব্দ পুংলিঙ্গ। ক্রমশঃ উদাহরণ যথা—

---

(১) অল্ প্রত্যয়ান্ত—পদ, ভয়, মুখ, বর্ষ, ও ভগ শব্দ ক্লীবলিঙ্গ।

(২) ন প্রত্যয়ান্ত— যাচ্ঞা শব্দ স্ত্রীলিঙ্গ।

(৩) কি প্রত্যয়ান্ত—ইষুধিঃ শব্দ পুংলিঙ্গ এবং স্ত্রীলিঙ্গ।

(৪) রু প্রত্যয়ান্ত—দারু এবং জত্রু শব্দ ক্লীবলিঙ্গ।

(৫) ইমন্ প্রত্যয়ান্ত—প্রেমন্ শব্দ পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ।

(৬) পুণ্যাহং ও প্রত্যহং ইহারা ক্লীবলিঙ্গ।

(৭) প্রত্যেক বৃক্ষ বাচক শব্দ পুংলিঙ্গ, কিন্তু ক্লীবলিঙ্গান্ত করিলে সেই বৃক্ষের ফল বুঝায়। যথা—নিম্বঃ (নিমগাছ) এবং নিম্বং (নিমফল)।

চন্দ্র পর্য্যায়—চন্দ্রঃ. বিধুঃ, ইন্দুঃ, হিমাংশুঃ ইত্যাদি।
সূর্য্য ,, —সূর্য্যঃ, আদিত্যঃ, দিবাকরঃ, ভাস্করঃ ইত্যাদি।
অগ্নি ,, —অগ্নিঃ, বহ্নিঃ, বৈশ্বানরঃ ইত্যাদি।
রশ্মি ,, —রশ্মিঃ, কিরণঃ, ময়ূখঃ ইত্যাদি।
দেব(১),, —দেবঃ, অমরঃ, বিবুধঃ, সুরঃ ইত্যাদি।
দৈত্য ,, —দৈত্যঃ, অসুরঃ, দানবঃ ইত্যাদি।
স্বর্গ (২) ,, স্বর্গঃ, নাকঃ, বৈকুণ্ঠঃ ইত্যাদি।
বায়ু ,, —বায়ুঃ, সদাগতিঃ, পাশী ইত্যাদি।
মেঘ (৩) ,, —মেঘঃ, জলধরঃ ইত্যাদি।
পর্ব্বত ,, —পর্ব্বতঃ, গিরিঃ, অদ্রিঃ, ভূধরঃ ইত্যাদি।
সমুদ্র ,, —সমুদ্রঃ, সাগরঃ, জলধিঃ ইত্যাদি।
যজ্ঞ ,, —যজ্ঞঃ, যাগঃ, অধ্বরঃ ইত্যাদি।
অস্ত্র(৪),, —খড়্গঃ, অসিঃ, শরঃ, বাণঃ ইত্যাদি।
তূণ ,, —তূণঃ, তূণীবঃ, নিষঙ্গঃ ইত্যাদি।
শত্রু ,, —শত্রুঃ, অরিঃ, রিপুঃ ইত্যাদি।
কেশ ,, —কেশঃ, চিকুরঃ শিরোরুহঃ ইত্যাদি।
কর ,, —করঃ, হস্তঃ, বাহুঃ ইত্যাদি।
বর্ণ ,, —শুক্লঃ, কৃষ্ণঃ, পীতঃ ইত্যাদি।
গ্রহ ,, —রবিঃ, সোমঃ, বুধঃ, কেতুঃ ইত্যাদি।
বৃক্ষ ,, —বৃক্ষঃ, তরুঃ, পাদপঃ ইত্যাদি (৫)।
মাস ,, —বৈশাখঃ, আষাঢ়ঃ, পৌষঃ ইত্যাদি।

৪। যে সকল শব্দের অন্তভাগ অকারান্ত ব্যঞ্জনবর্ণ ও যদি তাহার পূর্ব্বে

---

(১) দেবতা শব্দ স্ত্রীলিঙ্গ, এবং দৈবত শব্দ পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ।
(২) স্বর্গবাচক—দ্যো ও দিব্ শব্দ স্ত্রীলিঙ্গ, এবং ত্রিপিষ্টপ্ শব্দ ক্লীবলিঙ্গ।
(৩) অভ্র = ক্লীবলিঙ্গ।
(৪) বাণবাচক—ইষু শব্দ পুংলিঙ্গ এবং স্ত্রীলিঙ্গ দুই-ই হয়।
(৫) বৃক্ষ-বাচক—হরীতকী, আমলকী প্রভৃতি ভিন্ন।

আকার, একার কিম্বা ওকার থাকে তবে সেই সকল শব্দ পুংলিঙ্গ (১) হয়
যথা—কালঃ, বেশঃ, রোগঃ ইত্যাদি।

স্ত্রীলিঙ্গ শব্দ।

১। প্রতিপদ্ প্রভৃতি তিথিবাচক শব্দ। যথা—প্রতিপদ্, দ্বিতীয়া, একাদশী, পূর্ণিমা ইত্যাদি।

২। ঊনবিংশতি অবধি নবনবতি পর্য্যন্ত যাবতীয় সংখ্যাবাচক শব্দ এবং কোটি শব্দ। যথা চতুর্ব্বিংশতিঃ, চত্বারিংশৎ, সপ্ততিঃ ইত্যাদি।

৩। তি ও তা প্রত্যয়ান্ত যাবতীয় শব্দ। যথা—ক্তি—গতিঃ, মতিঃ, আসক্তিঃ ইত্যাদি; তা—কপটতা, সরলতা ইত্যাদি।

৪। অ, অন, নি, ও ক্যপ (২) প্রত্যয়ান্ত শব্দ। যথা—

অ	প্রত্যয়ান্ত	—	প্রশংসা, দিদৃক্ষা ইত্যাদি।
অন	,,	—	বেদনা, বন্দনা ইত্যাদি।
নি	,,	—	কারি।
ক্যপ	,,	—	শয্যা, বিদ্যা ইত্যাদি।

৫। অনি প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ। ঋ, সৃ, ধৃ, ধম্, অম্, অশ্, অব্ ও তৃ এই কয়েকটী ধাতুর উত্তর অনি প্রত্যয় হয়; ইহারা স্ত্রীলিঙ্গে যথাসম্ভব দীর্ঘ ঈকারান্ত ও হ্রস্ব ইকারান্ত হইয়া থাকে। যথা—

অরণিঃ, অরণী	অমনিঃ, অমনী
সরণিঃ, সরণী	অশনিঃ
ধরণিঃ, ধরণী	অবনিঃ; অবনী
ধমনিঃ, ধমনী	তরণিঃ, তরণী। (৩)

৬। "নাম বিদ্যুন্নিশাবল্লীবীণাদিগ্‌ভূনদীহ্রিয়াম্।" অর্থাৎ বিদ্যুৎ,

---

(১) কিন্তু আগার, দ্বার, কপাট, ঘ্রাণ, প্রমাণ, প্রালেয়, গেহ, নামধেয়, ভাগধেয়, তোক, তোয়, ডোর প্রভৃতি শব্দগুলি এবং অনট্ প্রত্যয়ান্ত—স্থানং, পানং, গানং প্রভৃতি শব্দ ক্লীবলিঙ্গ।

(২) ভাববাচ্যে ক্যপ্ হইলে ক্লীবলিঙ্গ হয়।

(৩) অরণি ও অশনি শব্দ পুংলিঙ্গও হইয়া থাকে।

নিশা, বল্লী (লতা), বীণা, দিক্, ভূ (ভূমি), নদী, হ্রী (লজ্জা); এবং সভা, বাণী, ঈর্ষা ও নক্ষত্রবাচক শব্দ স্ত্রীলিঙ্গ। যথা—

বিদ্যুৎ—বিদ্যুৎ, তড়িৎ, সৌদামিনী ইত্যাদি।

নিশা—নিশা, রাত্রি, রজনী ইত্যাদি।

বল্লী—বল্লী, লতা, বীরুধ্ ইত্যাদি।

বীণা—বীণা, বল্লকী, বিপঞ্চী ইত্যাদি।

দিক্—দিশ্, ককুভ্ ইত্যাদি।

ভূ—ভূমি, মেদিনী ইত্যাদি।

নদী (১)—নদী, সরিৎ, স্রোতস্বতী ইত্যাদি।

হ্রী—হ্রী, লজ্জা ইত্যাদি।

সভা (২)—সভা, গোষ্ঠী, সংসদ্ ইত্যাদি।

বাণী--বাণী, গির্, বাচ্, কথা ইত্যাদি।

ঈর্ষা—ঈর্ষা, অসূয়া ইত্যাদি।

নক্ষত্রবাচক—অশ্বিনী, ভরণী, কৃত্তিকা ইত্যাদি।

৭। স্বাবিধ্ ভিন্ন যাবতীয় ধকারান্ত শব্দ স্ত্রীলিঙ্গ। যথা—মৃগাবিধ্ ইত্যাদি।

৮। পকারান্ত ও ভকারান্ত যাবতীয় শব্দ স্ত্রীলিঙ্গ। যথা—অপ্, ককুভ্, অনুষ্টুভ্ ইত্যাদি।

৯। দীর্ঘ ঊ প্রত্যয়ান্ত (৩) যাবতীয় শব্দ। যথা—ভ্রূ, চমূ, চম্পূ ইত্যাদি।

১০। রকারান্ত পুর্, ধুর্, গির্, দ্বার্‌শব্দ স্ত্রীলিঙ্গ।

১১। স্ত্রীলিঙ্গ ঋকারান্ত শব্দ সমুদয়ে পাঁচটী। যথা—দুহিতৃ, মাতৃ, যাতৃ, ননন্দৃ এবং স্বসৃ।

১২। দিব্ শব্দ স্ত্রীলিঙ্গ। (বকারান্ত অন্য শব্দ নাই)।

১৪। কচ্ছু, কচু, কুহু, শতদ্রু, শরয়ু, অন্দু, বস্তু, গবেধু, স্নায়ু, জম্বু, তনু,

---

(১) অকারান্ত নদার্থক ভিন্ন।

(২). অকারান্ত সভার্থক ভিন্ন। সদস্ শব্দের অর্থ সভা বটে কিন্তু উহা ক্লীবলিঙ্গ।

(৩) ~~কুহু প্রভৃতি শব্দ নাইকো~~

ধেনু, চঞ্চু, কম্বু, কুন্দু, কু, কাকু, অভ্রমু, নিন্দু, জম্বু ও অলাবু এই কয়েকটী নিত্য স্ত্রীলিঙ্গ।

ক্লীবলিঙ্গ শব্দ।

১। ভাববাচ্যবিহিত অনট্ ও ক্ত প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ। যথা—গমনম্, শয়নম্, স্নাতম্, ভূতম্ ইত্যাদি।

২। ইত্র প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ। যথা—চরিত্রম্, বহিত্রম্ ইত্যাদি।

৩। ভাবার্থ ও সমূহার্থ (১) শব্দ ক্লীবলিঙ্গ। যথা—লাঘবম্, চাপলম্, ভৈক্ষ্যম্ ইত্যাদি।

৪। ভাববাচ্যবিহিত তব্য, অনীয় ও য প্রত্যয়ান্ত শব্দ। যথা—হসিতব্যম্, ভাব্যম্, মরণীয়ম্ ইত্যাদি।

৫। ত্ব প্রত্যয়ান্ত যাবতীয় শব্দ। যথা—সাধুত্বম্, লঘুত্বম্ ইত্যাদি।

৬। সমাহারদ্বন্দ্ব, সমাহার দ্বিগু ও অব্যয়ীভাব সমাস নিষ্পন্ন যাবতীয় শব্দ। যথা—সমাহারদ্বন্দ্ব—চরাচরম্; সমাহার দ্বিগু—ত্রিলোকম্; অব্যয়ীভাব—উপকূলম্ ইত্যাদি।

৭। আকাশ, অকারান্ত গৃহ, জল, বন, রক্ত, মাংস, মুখ, উদর, বক্ষঃ, চক্ষু, পত্র, ধন, স্বর্ণ, যুদ্ধ, বল, সুখ, দুঃখ, শুভ, অশুভ, ফল, ললাট, কাষ্ঠ, তৃণ, শৃঙ্গ, দুগ্ধ, ঘৃত, পায়স (২), নক্ষত্র ও পুষ্পবাচক শব্দ সকল ক্লীবলিঙ্গ; ক্রমশঃ উদাহরণ যথা—

আকাশ (৩)—আকাশং, গগনং, খং ইত্যাদি।

গৃহ (৪)—গৃহং, বেশ্ম, সদ্ম, নিকেতনম্ ইত্যাদি।

জল (৫)—জলং, বারি, সলিলম্ ইত্যাদি।

---

(১) তা ও ইমন্ ভিন্ন।

(২) যখন পায়স শব্দে ক্ষীর বুঝায়; অন্যত্র পুংলিঙ্গ হয়।

(৩) আকাশ ও বিহায়স্ পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ দুই-ই হয়। দিব্ এবং দ্যো (আকাশ) স্ত্রীলিঙ্গ।

(৪) পুংলিঙ্গে বহুবচনান্ত হইয়া থাকে। যথা—গৃহাঃ।

(৫) অপ্ ও রস ভিন্ন।

বন (১)—বনং, কাননং, অরণ্যং ইত্যাদি।

রক্ত—রক্তং, রুধিরং, শোণিতং ইত্যাদি।

মাংস—মাংসং, আমিষং, ক্রব্যং ইত্যাদি।

মুখ (২)—মুখং, বদনং, আননং ইত্যাদি।

উদর—উদরং, জঠরং, তুন্দং ইত্যাদি।

বক্ষঃ—বক্ষঃ, উরঃ ইত্যাদি।

চক্ষুঃ (৩)—চক্ষুঃ, অক্ষি, নয়নং ইত্যাদি।

পত্র (৪)—পত্রং, দলং, পর্ণং ইত্যাদি।

ধন (৫)—ধনং, বিত্তম্ ইত্যাদি।

স্বর্ণ—স্বর্ণং, হেমং, হাটকং ইত্যাদি।

যুদ্ধ—(৬)— যুদ্ধং, রণং ইত্যাদি।

বল (৭)—বলং, বীর্য্যং ইত্যাদি।

সুখ—সুখং, শর্ম্ম ইত্যাদি।

দুঃখ—দুঃখং, কষ্টং, কৃচ্ছ্রং ইত্যাদি।

শুভ—শুভং, মঙ্গলং, কুশলং ইত্যাদি।

অশুভ—অশুভং, অমঙ্গলং ইত্যাদি।

ফল—আম্রং, কপিত্থং, পনসং ইত্যাদি।

ললাট—ললাটং, ভাগ্যং, অদৃষ্টং ইত্যাদি।

কাষ্ঠ—কাষ্ঠং, দারু ইত্যাদি।

তৃণ—তৃণং, শষ্পং ইত্যাদি।

শৃঙ্গ—শৃঙ্গং, বরাঙ্গং ইত্যাদি।

---

(১) অটবী শব্দ স্ত্রীলিঙ্গ।

(২) বক্ত্রঃ এবং বক্ত্রম্ দুই প্রকারই হয়।

(৩) নেত্রঃ, এবং নেত্রম্ দুই প্রকারই হয়।

(৪) ছদ শব্দ পুংলিঙ্গ।

(৫) অর্থ, দায় এবং বিভব ভিন্ন।

(৬) আহব (পুং), সংগ্রাম (পুং)।

(৭) শক্তি (স্ত্রীং), সার (পুং) পরাক্রম (পুং)।

অস্থি—অস্থি।

দধি—দধি।

দুগ্ধ—দুগ্ধং, পয়ঃ, ক্ষীরং ইত্যাদি।

ঘৃত—ঘৃতং, হবিঃ ইত্যাদি।

পায়স—পায়সং, পরমান্নং ইত্যাদি।

নক্ষত্র—নক্ষত্রং, ঋক্ষং, ভং ইত্যাদি।

পুষ্প—পুষ্পং, প্রসূনং, কুসুমং ইত্যাদি।

৮। যাহারা ক্রিয়ার বিশেষণ অথবা কোন অব্যয়ের বিশেষণ হয়, তাহারা ক্লীবলিঙ্গ। যথা—শীঘ্রং গচ্ছেঃ, ঘোরং নক্তং, উজ্জ্বলং দিবা ইত্যাদি।

৯। অর্দ্ধ শব্দ কিম্বা কোন সংখ্যাবাচক শব্দ অথবা কোন অব্যয় শব্দের পর পথভাগ থাকিলে ক্লীবলিঙ্গ হয়। যথা—অর্দ্ধপথং, চতুষ্পথং, বিপথং ইত্যাদি।

১০। সুরা, সেনা, নিশা, শালা অথবা ছায়া শব্দ শেষে থাকিয়া ৬ষ্ঠী তৎপুরুষ সমাস হইলে সমস্ত পদটী ক্লীবলিঙ্গ হইয়া যায়। যথা—শৌণ্ডিকস্য সুরা—শৌণ্ডিকসুরং; দেবানাং সেনা=দেবসেনং; বসন্তস্য নিশা—বসন্তনিশং; শয়নস্য শালা—শয়নশালং; বৃক্ষস্য ছায়া—বৃক্ষচ্ছায়ং।

১১। দুই স্বরবিশিষ্ট অস্‌ভাগান্ত শব্দ (১) ক্লীবলিঙ্গ। যথা—পয়স্, তপস্, নভস্, যশস্, মনস্, চেতস্, সদস্ ইত্যাদি।

১২। দুইস্বর বিশিষ্ট ইস্ ভাগান্ত শব্দ (২) ক্লীবলিঙ্গ। যথা—জ্যোতিস্, হবিস্ ইত্যাদি।

১৩। দুইস্বর বিশিষ্ট যাবতীয় উস্‌ভাগান্ত শব্দ ক্লীবলিঙ্গ। যথা—ধনুস্, চক্ষুস্ ইত্যাদি।

১৪। দুইস্বর বিশিষ্ট অন্‌ভাগান্ত শব্দ (৩) ক্লীবলিঙ্গ। যথা—কর্ম্মন্, বর্ত্মন্, জন্মন্, অহন্ ইত্যাদি।

---

(১) বেধস্ শব্দ পুংলিঙ্গ; এবং তপস্ ও নভস্ শব্দ অন্য অর্থে পুংলিঙ্গ হয়; যথা—তপস্ (পুং)=মাঘমাস, নভস্ (পুং)=শ্রাবণমাস।

(২) আশিস্ (স্ত্রীং) এবং অর্চ্চিস্ শব্দ স্ত্রীং ও ক্লীং দুইই হয়।

(৩) রাজন্, যুবন্, আত্মন ব্রহ্মন্, মূর্দ্ধন্, বত্মন্, এবং অশ্মন্ শব্দ পুংলিঙ্গ।

১৫। নিম্নলিখিত শব্দগুলি সর্ব্বদাই ক্লীবলিঙ্গ। যথা—গদ্যং, পদ্যং, শস্যং, ফলং, মূলং, দধি, অমৃতং, অস্থি, সকথি, ব্রতং, শ্রাদ্ধং, মিথুনং।

১৬। "দেবাদ্বৃতেবরঃ শ্রেষ্ঠে ত্রিষু, ক্লীবে মনাক্‌প্রিয়ে" ইত্যমরঃ। দেবতা হইতে প্রার্থনীয় বস্তুকে বর বলা যায়, তখন বর শব্দ পুংলিঙ্গ। যথা—দেব! বরো দীয়তাম্।

শ্রেষ্ঠ অর্থে ত্রিলিঙ্গ হয়। যথা—স বাগ্মিনাং বরঃ (শ্রেষ্ঠঃ), গঙ্গা সরিদ্বরা, বিষ্ণুপদং বরং। এবং মনাক্ প্রিয় অর্থাৎ অল্প প্রিয় অর্থে উহা ক্লীবলিঙ্গ হয়। যথা— "বরং শূন্যাশালা নচ খলুবরো দুষ্টো বৃষভঃ"

"বরং বনং ব্যাঘ্রগজাদিসেবিতম্।" ইত্যাদি—

কাহারও কাহারও মতে বরং শব্দ অব্যয় বলিয়া অভিহিত হয়।

অজহল্লিঙ্গম্।

ন জহাতি লিঙ্গং যৎ তৎ অজহল্লিঙ্গম্।

কারণ, প্রধান (১), প্রমাণ, শরণ, মিত্র, ইহারা যে লিঙ্গেরই বিশেষণ হউক না কেন সর্ব্বদাই ক্লীবলিঙ্গ থাকে। যথা—

কারণ—ঈশ্বরো বিশ্বস্য কারণম্।

"অকারণং ভবতি দুষ্প্রকৃতেরন্বয়ঃ" (কাদম্বরী)।

প্রধান—"তাবদেব প্রধানং স্যাৎ তাবদ্গুরুজনে রতঃ"।

—এস্থলে প্রধানং পুরুষঃ হইল।

প্রমাণ—"তদত্র স্বামী প্রমাণং।"

শরণ—শ্রীশ্রীদুর্গা শরণং, শ্রীশ্রীহরিঃ শরণম্।

মিত্র—অয়ং দেবদত্তো নাম মে মিত্রম্।

বাচ্যলিঙ্গ।

নিম্নলিখিত শব্দগুলি তিন প্রকার লিঙ্গেই ব্যবহৃত হইতে পারে। যথা—অস্মদ্, যুষ্মদ্, অণু, কন্দু ও শলাটু।

---

(১) "ক্লীবমেকত্বে তূত্তমে সদা।" ইতি মেদিনী। অর্থাৎ—একত্ব ও উত্তম অর্থাৎ শ্রেষ্ঠ অর্থে প্রধান শব্দ নিত্য ক্লীবলিঙ্গ হয়।

একার্থবোধক ভিন্ন লিঙ্গ।

অট্টালিকা—অট্টালিকা (স্ত্রীং), হর্ম্ম্য (ক্লীং), প্রাসাদ (পুং)।

আকাশ—আকাশ (পুং, ক্লীং), শূন্য (ক্লীং), দিব্ (স্ত্রীং), দ্যু (ক্লীং), দ্যো (স্ত্রীং), খ (ক্লীং)।

কথা—কথা (স্ত্রীং), গির্ (স্ত্রীং), বাচ্ (স্ত্রীং), বচন (ক্লীং), বাক্য (ক্লীং), উক্তি (স্ত্রীং), বচস্ (ক্লীং), কথন (ক্লীং)।

গৃহ—গৃহ (ক্লীং,—পুং বহুবচন), আলয় (পুং), বাটী (স্ত্রীং)।

জল—জল (ক্লীং), বারি (ক্লীং), অপ্ (স্ত্রীং বহু)।

জীবন—জীবন (ক্লীং), প্রাণ (পুং বহু), অসু (পুং বহু)।

দেব—দেব (পুং), দেবতা (স্ত্রীং), সুর (পুং)।

দ্রব্য—দ্রব্য (ক্লীং), বস্তু (ক্লীং), পদার্থ (পুং)।

দ্বার—দ্বার (ক্লীং), দ্বার্ (স্ত্রীং)।

ধন—ধন (ক্লীং), অর্থ (পুং), বিত্ত (ক্লীং), সম্পত্তি (স্ত্রীং)।

নগর—নগর (ক্লীং), পুর্ (স্ত্রীং), নগরী (স্ত্রীং)

পুত্র—পুত্র (পুং), সন্তান (পুং), সন্ততি (স্ত্রীং) অপত্য (ক্লীং), প্রজা (স্ত্রীং)।

পুস্তক—পুস্তক (ক্লীং), গ্রন্থ (পুং), পুস্তিকা (স্ত্রীং)।

মস্তক—মস্তক (ক্লীং), শিরস্ (ক্লীং), মূর্দ্ধন্ (পুং)।

যুদ্ধ—যুদ্ধ (ক্লীং), যুধ্ (স্ত্রীং), রণ (পুং, ক্লীং), সমর (পুং, ক্লীং), সংগ্রাম (পুং), আহব (পুং), বিগ্রহ (পুং, ক্লীং)।

রাক্ষস—রাক্ষস (পুং), রক্ষস্ (ক্লীং)।

লোক—লোক (পুং), ব্যক্তি (স্ত্রীং)।

বৎসর—বৎসর (পুং), হায়ন (পুং, ক্লীং), সমা (স্ত্রীং), শরৎ (স্ত্রীং)।

বন্ধু (১)—বন্ধু (পুং), মিত্র (২) (ক্লীং), সুহৃদ্ (পুং), সখি (পুং)।

---

(১) "অত্যাগসহনো বন্ধুঃ সদৈবানুমতঃ সুহৃৎ।
একক্রিয়ং ভবেন্মিত্রং সমপ্রাণঃ সখা মতঃ॥"

(২) মিত্রশব্দ পুংলিঙ্গ হইলে সূর্য্য অর্থে হয়।

শরীর—শরীর (ক্লীং), তনু (স্ত্রীং), দেহ (পুং, ক্লীং), অবয়ব (পুং), কলেবর (ক্লীং)।

সরোবর—সরোবর (পুং), সরস্ (ক্লীং), পুষ্করিণী (স্ত্রীং), জলাশয় (পুং)।

সেনা—সেনা (স্ত্রীং), সৈন্য (ক্লীং)।

স্ত্রী—স্ত্রী (স্ত্রীং), কলত্র (ক্লীং), দার (পুং বহু)।

নিত্যএকবচনান্ত শব্দ।

১। বিংশতি অবধি পরার্দ্ধ পর্য্যন্ত যাবতীয় সংখ্যাবাচক শব্দ একবচনান্ত। বহুবচনান্ত পদের বিশেষণ হইলেও তাহারা একবচনান্ত থাকিয়া যায়। যথা—বিংশতিঃ নরাঃ, শতং স্ত্রিয়ঃ, সপ্ততিঃ ফলানি, "চতুর্ব্বিংশত্যাপি বর্ষৈরবৃষ্টেঽপি পর্জ্জন্যে" ইত্যাদি।

২। এক (১) এবং উভয় (২) শব্দ ত্রিলিঙ্গ একবচনান্ত।

নিত্যদ্বিবচনান্ত শব্দ।

অধর (পুং), অশ্বিনীকুমারের যাবতীয় নাম—অর্থাৎ অশ্বিন (পুং), অশ্বিন্ (পুং), অশ্বিনীকুমার (পুং), অশ্বিনীসুত (পুং), দস্র (পুং), নাসত্য (পুং), নাসিক্য (পুং), বড়বাসুত (পুং) ইত্যাদি, এবং উভ (ত্রি) ওষ্ঠ (পুং), কুকুন্দর (ক্লীং), মিত্রাবরুণ (পুং), কুশীলব (পুং), দ্যাবা-পৃথিবী (স্ত্রীং), দ্যাবাভূমি (স্ত্রীং), নরনারায়ণ (পুং), দম্পতি (পুং), জম্পতি (পুং), জায়াপতি (পুং), ভার্য্যাপতি (পুং), যমজ (ত্রি) স্ত্রীপুংস (পুং) ইত্যাদি।

নিত্যবহুবচনান্ত শব্দ।

অক্ষ (পুং), অক্ষত (পুং, ক্লীং), অগ্নিষ্বাত্ত (পুং), অনেক (ত্রি), অপ্ (স্ত্রীং), অপ্সরস্ (স্ত্রীং), অষ্টনাগ (পুং), ত্রি অবধি অষ্টাদশন্ পর্য্যন্ত সমস্ত সংখ্যাবাচক শব্দ (ত্রি), অসু (পুং), উষ্মপা (পুং), ওড্র (পুং), গৃহ (পুং), চিত্রশিখণ্ডিন্ (পুং), জলৌকস্ (স্ত্রীং), জ্যোতিষ্ক (পুং), দশা (স্ত্রীং=কাপড়ের দশী; সলিতা=Wick); দার (পুং=Wife), পঞ্চসূনা (স্ত্রীং),

---

(১) কেহ কেহ অর্থাৎ অনেক এই অর্থে বহুবচনান্ত হয়। যথা—একে মৃতাঃ।

(২) বহুবচনেও প্রযুক্ত হইয়া থাকে।

পঞ্চাগ্নি (পুং), প্রাণ (পুং), পৃষৎ (ক্লীং), পৃষত (পুং), মন্দেহ (পুং), লাজ (পুং), বর্ষা (স্ত্রীং), বর্হিষদ্ (পুং), বল্বজ (পুং), বিশ্ব (পুং=গণদেবতা বিশেষ), বিশ্বেদেব (পুং), ষোড়শোপচার (পুং), সপ্তর্ষি (পুং), সপ্তলোক (পুং), সপ্তসাগর (পুং), সপ্তার্ণব (পুং), সপ্তাঙ্গ (পুং), সমা (স্ত্রীং), সিকতা (স্ত্রীং), সুকালিন্ (পুং), সুমনস্ (স্ত্রীং), সৌরাষ্ট্র (পুং) ইত্যাদি।

CHAPTER III.

COMPARISON.

Positive,	Comparative,	Superlative,
অন্তিক (Near)	নেদীয়স্ (Nearer)	নেদিষ্ঠ (Nearest)
অল্প (Little)	কনীয়স্, অল্পীয়স্ (Less)	কনিষ্ঠ, অল্পিষ্ঠ (Least
উৎ (High)	উত্তর (Higher)	উত্তম (Highest)
উরু (Large)	বরীয়স্ (Larger)	বরিষ্ঠ (Largest)
কৃশ (Thin)	ক্রশীয়স্ (Thinner)	ক্রশিষ্ঠ (Thinest)
ক্ষিপ্র (Quick)	ক্ষেপীয়স্ (Quicker)	ক্ষেপিষ্ঠ (Quickest)
ক্ষুদ্র (Small)	ক্ষোদীয়স্ (Smaller)	ক্ষোদিষ্ঠ (Smallest)
গুরু (Heavy)	গরীয়স্ (Heavier)	গরিষ্ঠ (Heaviest)
দীর্ঘ (Long)	দ্রাঘীয়স্ (Longer)	দ্রাঘিষ্ঠ (Longest)
দূর (Distant)	দবীয়স্ (more distant)	দবিষ্ঠ (most distant)
দৃঢ় (Firm)	দ্রঢ়ীয়স্ (Firmer)	দ্রঢ়িষ্ঠ (Firmest)
পটু (Able)	পটীয়স্ (Abler)	পটিষ্ঠ (Ablest)
পুণ্য (Holy)	পুণ্যতর (more holy)	পুণ্যতম (most holy)
পৃথু (Broad)	প্রথীয়স্ (Broader)	প্রথিষ্ঠ (Broadest)
প্রশস্ত (Good)	শ্রেয়স্, জ্যায়স্ (Better)	শ্রেষ্ঠ, জ্যেষ্ঠ (Best)
প্রিয় (Dear)	প্রেয়স্ (Dearer)	প্রেষ্ঠ (Dearest)
ভৃশ (Excessive)	ভ্রশীয়স্ (more excessive)	ভ্রশিষ্ঠ (most excessive)

মৃদু (Soft)	ম্রদীয়স্ (Softer)	ম্রদিষ্ঠ (Softest)
মেধাবিন্ (Intelligent)	মেধীয়স্ (more intelligent	মেধিষ্ঠ (most intelligent
যুবন্ (Young)	যবীয়স্, কনীয়স্ (Younger)	যবিষ্ঠ, কনিষ্ঠ (Youngest)
লঘু (Light)	লঘীয়স্ (Lighter)	লঘিষ্ঠ (Lightest)
বলিন্ (Strong)	বলীয়স্ (Stronger)	বলিষ্ঠ (Strongest)
বহু (much)	ভূয়স্ (more)	ভূয়িষ্ঠ (most)
বহুল (many)	বংহিয়স্ (more)	বংহিষ্ঠ (most)
বিদ্বস্ (wise)	বিদ্বত্তর (wiser)	বিদত্তম (wisest)
বৃদ্ধ (Old)	বর্ষীয়স্, জ্যায়স্ (Older, Elder)	বর্ষিষ্ঠ, জ্যেষ্ঠ (Oldest, Eldest)
স্থির (Firm)	স্থেয়স্ (Firmer)	স্থেষ্ঠ (Firmest)
স্থূল (Gross)	স্থবীয়স্ (Grosser)	স্থবিষ্ঠ (Grossest)
হ্রস্ব (Short)	হ্রসীয়স্ (Shorter)	হ্রসিষ্ঠ (Shortest)

Words commonly in use and their Sanskrit equivalents.

আফিং...অহিফেন (পুং)

আড়াল...ব্যবধান (ক্লীং), ব্যবধি (পুং)

আপিল (Appeal)...প্রত্যভিযোগ (পুং)

আল্‌জিভ্...উপজিহ্বা (স্ত্রীং)

আল্‌তা...অলক্তক (ক্লীং)

আলিপনা (আল্‌পনা)...আলেপ (ক্লীং)

আঁইষ...শল্ক (ক্লীং), শল্কল (ক্লীং), শল্ল (ক্লীং)

আঁকুশি...আকর্ষণী (স্ত্রীং), আঙ্কুশিক (পুং)

আঁচড়ান...বিলিখন (ক্লীং)

ইসারা...ইঙ্গিত (ক্লীং), অঙ্গবৈকৃত (ক্লীং)

উকুন...উৎকুণ (পুং)

উনান্ (চুল্লী)...অধিশ্রয়িণী (স্ত্রীং), উখা (স্ত্রীং)

উলুখড়...বল্বজ (পুং বহু)

ওলাউঠা (Cholera)...বিসূচিকা (স্ত্রীং)

কচ্ছপ...কূর্ম্ম (পুং)

কড়ি...কাকিণী (স্ত্রীং), কপর্দ্দক (পুং), বরাট (পুং)

কনুই...কূর্পর (পুং), কফোণি (পুং, স্ত্রীং)

কপ্‌নি...কৌপীন (ক্লীং), চীবর (ক্লীং)

কলম (Pen)...লেখনী (স্ত্রীং)

কলসি...কুম্ভ (পুং), কলস (পুং, ক্লীং)

কলু...তৈলকার, (পুং)

কষ্টিপাথর...শাণ (পুং)

কসাই...মাংসিক (পুং), মাংসোপজীবিন্ (পুং)

কাটারি...কট্টার (পুং), কর্ত্তরী (স্ত্রীং)

কালী (লিখিবার)...মসি (সী) স্ত্রীং।

কাবাসতুলা...কার্পাস (ক্লীং)

কাঁকর...কঙ্কর (ক্লীং)

কাঁকুইচিরুনী...কঙ্কতিকা (স্ত্রীং)

কাঁচি...খণ্ডধারা (স্ত্রীং)

কাঁসা...কংস (ক্লীং), কাংস (ক্লীং), কাংস্য (ক্লীং)

কাঁসারি...কংসকার (পুং), তাম্রকার (পুং)

কুজ্‌ঝটিকা...কুজ্‌ঝটিকা (স্ত্রীং), অবশ্যা (স্ত্রীং)

কুমড়া...কুষ্মাণ্ড (পুং)

কুয়াসা...কুজ্‌ঝটিকা (স্ত্রীং), অকালজলদোদয় (পুং),

কুস্তি...ব্যায়াম (পুং)

কুস্তির আখড়া...অক্ষবাট (পুং)

কুঁচ...রক্তিকা (স্ত্রীং), কৃষ্ণলক (পুং)

কুঁড়া...করঙ্কর (পুং), বুষ (ক্লীং)

কুঁড়ি.. কোরক (পুং), মুকুল (পুং, ক্লীং)

কুঁপো...কূপক (পুং)

কেঁচো (কেঁচুয়া) ··কিঞ্চুলুক (পুং)

কোদাল...কুদ্দাল (পুং)

কৌটা...করঙ্ক (পুং)

খড়ি (Chalk)...খটী (স্ত্রীং)

খশ্‌খশে...উশীর (পুং)

খাট ..পর্য্যঙ্ক (পুং), খট্বা (স্ত্রীং)

খানা (গর্ত্ত)...অবপাত (পুং), বিবর (ক্লীং), গর্ত্ত (পুং)

খাপ্...খড়্গকোষ (পুং), অরর (ক্লীং),

খাঁদা...বিগ্র (ত্রি), বিনস্ (ত্রি)

খাঁড়া...খড়্গ (পুং)

খুঁটি . উত্তম্ভন (ক্লীং)

খৈ...লাজ (পুং বহু)

গাড়ি...শকট (পুং, ক্লীং), যান (ক্লীং)

গাড়ু·· ভৃঙ্গার (পুং)

গাঁইট্...গ্রন্থি (পুং)

গুড়·· ফাণি (স্ত্রীং)

গুঁড়া...রেণু (পুং, স্ত্রীং)

গুঁড়ি...কাণ্ড (পুং), স্কন্ধ (পুং)

গোড়ালি...পার্ষ্ণি (পুং, স্ত্রীং), গুল্‌ফ (পুং)

গোলা...কন্দুক (পুং)

গোবর...গোময় (পুং, ক্লীং)

গোঁজ...কীল (পুং)

ঘটি...ঘটিকা (স্ত্রীং)

ঘাঘ্‌রা...চলনী (স্ত্রীং)

ঘাম...ঘর্ম্ম (পুং)

ঘামাচি...ঘর্ম্মচর্চ্চিকা (স্ত্রীং)

ঘোম্‌টা...অবগুণ্ঠিকা (স্ত্রীং)

ঘোঁল ··তক্র (ক্লীং)

চক্‌মকিরপাথর…অগ্নিপ্রস্তর (পুং)

চড়ুইপাখি…চটক (পুং)

চস্‌মা…উপনেত্র (ক্লীং)

চাতাল…চত্বাল (পুং), কুট্টিম (পুং)

চাম্‌চে…চমস (ক্লীং)

চাম্‌ড়া…চর্ম্মন্ (ক্লীং), চর্ম্ম (ক্লীং)

চামার…চর্ম্মকার (পুং)

চাবুক…কশা (সা) স্ত্রীং

চাঁদোয়া…চন্দ্রাতপ (পুং), পটমণ্ডপ (পুং ক্লীং), বিতান (ক্লীং)

চাঁপাফুল…চম্পক (ক্লীং)

চিম্‌টা…কঙ্কমুখ (পুং)

চিরুণী…কেশমার্জন (ক্লীং)

চুম্বকলোহ…কৃষ্ণায়স (ক্লীং)

চুবড়ি (মাছের)…মৎস্যধানী (স্ত্রীং), মৎস্যকরণ্ডিকা (স্ত্রীং)

চৌকিদার…প্রহরিন্ (পুং)

চৌবাচ্ছা…উদপান (ক্লীং)

ছল…ব্যাজ (পুং), ব্যপদেশ (পুং)

ছাই (Ash)…ভস্মন্ (ক্লীং)

ছাতু…আপূপ্য (পুং)

ছারপোকা…মৎকুণ (পুং)

ছুরি…কর্ত্তরিকা (স্ত্রীং)

ছুঁচা (Mole)…ছুছুন্দরী (স্ত্রীং)

ছোট এলাইচ…দ্রাবিড়ী (স্ত্রীং)

জামিন্…প্রতিভূ (পুং)

জাঁকজমক্…সমারোহ (পুং)

জুতা (Shoes)…পাদুকা (স্ত্রীং), উপানহ্ (স্ত্রীং)

জেলে (জেলিয়া)…ধীবর (পুং) মৎস্যজীবিন্ (পুং)।

জোঁক…জলৌকস্ (স্ত্রীং)

৬

ঝরণা...নির্ঝর (পুং), প্রস্রবণ (ক্লীং)

ঝাঁটা (খাঙ্ রা)...খিজ্জরী (স্ত্রীং), শতমুখী (স্ত্রীং), সম্মার্জ্জনী (স্ত্রীং)

ঝিঁঝিপোকা...ঝিল্লী (স্ত্রীং)

ঝোল (Juice)...জূষ (ক্লীং)

টাক্...খালিত্য (ক্লীং)

টাকা...টঙ্ক (ক্লীং), রৌপ্যমুদ্রা (স্ত্রীং)

টাঁকশাল...টঙ্কশালা (স্ত্রীং)

টিপ্ (তিলক)...তিলক (পুং ক্লীং), তমালপত্র (ক্লীং),

টুপী...শিরস্ত্রাণ (ক্লীং), শিরস্ক (ক্লীং)

টোপর...শীর্ষক (ক্লীং)

টোল...চতুষ্পাঠী (স্ত্রীং), মঠ (পুং)

ডিপে...করঙ্ক (পুং)

ডুলি...হিন্দোলী (স্ত্রীং)

ঢাক্নি...আবরণ (ক্লীং)

তৎক্ষণাৎ (তখনি)...সপদি (ব্য), সদ্যস্ (ব্য), তৎক্ষণ (পুং)

তলপেট...বস্তী (স্ত্রীং)

তাকিয়া...উচ্ছীর্ষক (ক্লীং)

তামাক...তাম্রকূট (ক্লীং)

তালঠোকা...আস্ফোটন (ক্লীং)

তাঁতি...তন্তুবায় (পুং)

তাড়ি...আসব (ক্লীং)

তাঁবু...পটবাস (পুং), পট্টবাস (পুং)

তিসী...মসীনা (স্ত্রীং)

তুড়ি...ছোটিকা (স্ত্রীং)

তেজপাতা...তেজপত্র (ক্লীং)

তেঁতুল...তিন্তিড়ী (স্ত্রীং)

তেমাথা রাস্তা...ত্রিপথ (ক্লীং)

থলিয়া (বগলি)...স্যূত (পুং)

থাম্ (খুঁটা)...স্তম্ভ (পুং)

থুথুফেলা...নিষ্ঠীবন (ক্লীং)

দড়ি...রজ্জু (স্ত্রীং)

দাদ্‌তোলা (To take revenge) ..বৈরনির্যাতন (ক্লীং)

দাড়ী...চিবুক (ক্লীং); শ্মশ্রু (ক্লীং)

দাঁড়...ক্ষেপণী (স্ত্রীং), বহিত্র (ক্লীং), নৌকাদণ্ড (পুং)

দাঁত...দংষ্ট্রা (স্ত্রীং), দন্ত (পুং)

দোকান (shop)...আপণ (পুং), বিপণি (পুং, স্ত্রীং)

দোয়াত...মস্যাধার (পুং), মসিধান (ক্লীং)

ধুনুচী...অঙ্গারধানী (স্ত্রীং)

ধুলা (ধূলি=Dust)...রজস্ (ক্লীং), রেণু (পুং, স্ত্রীং)

ধুঁয়া (Smoke)...ধূম (পুং)

ধুনা...ধূনক (পুং)

ধোপা...রজক (পুং)

নিক্তি...ধট (পুং), তুলা (স্ত্রীং)

নেকড়া (বস্ত্রাংশ)...চীর (ক্লীং)

নেক্‌ড়ে বাঘ...বৃক (পুং), ঈহামৃগ (পুং)

পশম...অঙ্গরুহ (পুং)

পর্দ্দা...যবনিকা (স্ত্রীং), কিলিঞ্জক (পুং)

পাকারাস্তা...ইষ্টকাপথ (পুং)

পাট (শন)...পট্ট (পুং), ক্ষুমা (স্ত্রীং)

পাৎকোয়া (Well)...কূপ (পুং)

পাক্‌ড়ি...উষ্ণীষ (পুং ক্লীং), মূর্দ্ধবেষ্টন (ক্লীং), শীর্ষক (ক্লীং)

পাখা...ব্যজন (ক্লীং)

পালকি...শিবিকা (স্ত্রীং)

পাঁজরা...পঞ্জর (ক্লীং), পর্শু (স্ত্রীং)

পাঁজা (ইটের)...চয়নেষ্টকা (স্ত্রীং)

পাঁজি...পঞ্জিকা (স্ত্রীং)

পিচ্ছল্‌ (পেচ্‌লা)...পিচ্ছিল (ত্রি)

পিঠা...পূপ (পুং), পিষ্ট (ক্লীং), পিষ্টক (ক্লীং)

পিঠের ডাঁড়া ..পৃষ্ঠ বংশ (পুং)

পিলা...প্লিহন্‌ (পুং)

পুঁঠীমাছ...শফরী (স্ত্রীং)

পুঁতুল...পুত্তলিকা (স্ত্রীং)

পুর্ব্বে...প্রাক্‌ (ব্য), পূর্ব্ব (ত্রি)

পেটুক...অঘ্মর (ত্রি)

পেঁচা...পেচক (পুং)

পেঁয়াজ...পলাণ্ডু (পুং)

পেন্সিল (Pencil)...লেখনী (স্ত্রীং), মসীপ্রসূ (স্ত্রীং)

ফাঁকি (ঠকান).. ফক্কিকা (স্ত্রীং)

ফাঁদ...কূটযন্ত্র (ক্লীং), জাল (ক্লীং), বাগুরা (স্ত্রীং)

ফাঁপা...স্ফীতি (স্ত্রীং)

ফুস্‌ফুসি...ক্লোমন্‌ (ক্লীং)

ফুঁ দেওন...ফুৎকার (পুং)

ফেণীবাতাসা...ফাণিত (ক্লীং)

ফোড়া...স্ফোটক (পুং)

ভাড়া...অবক্রয় (পুং)

ভাঁটা...গেণ্ডুক (পুং), কন্দুক (পুং)

ভাঁড়ারী...ভাণ্ডারিন্‌ (ত্রি)

ভাঁড় (জলের).. ভাণ্ড (ক্লীং)

ভাঁড়...ভণ্ড (পুং), বিদূষক (পুং)

ভিড় (লোকের, Gathering)...জনতা (স্ত্রীং), সম্বাধ (পুং)

ভুঁড়ি...তুন্দ (ক্লীং), পিচণ্ড (পুং)

ভূতে পাওয়া...ভূতাবেশ (পুং)

ভুষি...করঙ্কর (পুং), বুষ (ক্লীং)

ভোঁতা...কুণ্ঠিত (ত্রি), বিকুণ্ঠিত (ত্রি)

মড়ক...মরক (পুং)

ময়দা, আটা...আপূপ্য (পুং)

মশা...দংশক (পুং)

মাকড়সা...উর্ণায়ু (পুং), লূতা (স্ত্রীং), উর্ণনাভ (পুং)

মাথা (তৈলমাথা)...ম্রক্ষণ (ক্লীং)

মাগুরমাছ...মদ্গুর (পুং)

মাচা...মঞ্চ (পুং)

মাড়...মণ্ড (ক্লীং)

মাণকচু...মাণক (পুং)

মাদুর...কিলিঞ্জক (পুং), মন্দুরা (স্ত্রীং)

মাস্তল...কূপদণ্ড (পুং)

মাহিনা...বেতন (ক্লীং), ভৃতি (স্ত্রীং)

মুচি...চর্ম্মকার (পুং)

মোজা (Stokings বা Socks)...পাদত্রাণ (ক্লীং)

মোম...মধূথ (ক্লীং)

যাঁতা...যরট্ট (পুং)

যাঁতি...যন্ত্রিকা (স্ত্রীং)

যুঁইফুল...যূথিকা (স্ত্রীং)

রাস্তা...পথিন্ (পুং), পথ (পুং)

রুটিওয়ালা...আপূপিক (ত্রি)

রেশম...ক্ষুমা (স্ত্রীং), উর্ণা (স্ত্রীং)

লাউ...অলাবু (ক্লীং)

লাগাম...রশ্মি (পুং), বল্গা (স্ত্রীং), অভীশু (যু) পুং।

লাঠি...যষ্টি (পুং ; স্ত্রীং)

লাঠিয়াল...যাষ্টীক (পুং)

লাড়ু...লড্ডুক (পুং)

লুঠপাট...অভিগ্রহণ (ক্লীং)

লেবু...জম্বীর (ক্লীং)

লেবুগাছ...জম্বীর (পুং)

নোড়া (শিলের)...ঘর্ষণাল (পুং)

বালিশ (Pillow)...উপধান (ক্লীং), উপাধান (ক্লীং) উপধানীয় (ক্লীং)

বয়েড়াগাছ...বিভীতক (পুং)

বাঁধ...বন্ধ (পুং)

বাঁশ...বংশ (পুং), শতপর্ব্বন্ (পুং)

বাঁশী...বংশী (স্ত্রীং), বেণু (পুং)

বেড়া...প্রাবৃতি (স্ত্রীং), আবেষ্টক (পুং)

বেগুণ...বার্ত্তাকু (স্ত্রীং)

বেঁড়ে (লাঙ্গুলহীন)...বণ্ড (ত্রি)

বোল্‌তা...বরট (পুং)

বোঁটা (পুষ্পের)...বৃন্ত (পুং, ক্লীং)

ব্রুস্ (Brush)...মার্জ্জনী (স্ত্রীং)

শাঁখ...শঙ্খ (ক্লীং)

শাঁখা...শঙ্খক (ক্লীং)

শাড়ী...শাটী (স্ত্রীং)

শাঁইগাছ...শমি (মী) স্ত্রীং

শুঁড়ি...শৌণ্ডিক (পুং)

শেওলা...শৈবাল (ক্লীং), সৈবাল (ক্লীং)

সাপুড়ে...ব্যালগ্রাহিন্ (পুং)

সাঁকো...সেতু (পুং)

সাঁজোয়া...কবচ (ক্লীং), বর্ম্মন্ (ক্লীং), তনুচ্ছদ (পুং)

সাঁড়াশি...কঙ্কমুখ (পুং)

সাঁতার...সন্তরণ (ক্লীং)

সিঁড়ি...আরোহণী (স্ত্রীং), সোপান (ক্লীং), অধিরোহিণী (স্ত্রীং)

সিঁদুর...সিন্দূর (ক্লীং)

সীঁথি...সীমন্ত (পুং)

হাট (বাজার)...হট্ট (পুং)

হাড়িকাঠ…হড়ি (পুং)
হাতা…দর্ব্বী (স্ত্রীং), খজাক (পুং)
হাতুড়ি…অয়োঘন (পুং)
হাঁচি…ক্ষুত (ক্লীং)
হাঁটু…জানু (ক্লীং)
হাঁড়া…হণ্ডা (স্ত্রীং)
হাঁড়ি…হণ্ডিকা (স্ত্রীং)
হাঁ (Yes)…বাঢ়ম্ (ব্য)
হুড়কা…কীল (পুং), বিষ্কুম্ভ (পুং)
হুল…অল (ক্লীং)

বিশেষ্য, বিশেষণ।

ADJECTIVES.			NOUNS.
উচ্চ	…	…	উচ্চতা
উত্তম	…	…	উত্তমতা
উপযুক্ত	…	…	উপযুক্ততা
কৃশ	…	…	কৃশতা
কোমল	…	…	কোমলতা
ক্ষুদ্র	…	…	ক্ষুদ্রতা
দক্ষ	…	…	দক্ষতা
দয়ালু	…	…	দয়ালুতা
দয়াশীল	…	…	দয়াশীলতা
ধীর	…	…	ধীরতা
ধৃষ্ট	…	…	ধৃষ্টতা
নম্র	…	…	নম্রতা
নিষ্ফল	…	…	নিষ্ফলতা
পটু	…	…	পটুতা

প্রতিকূল	...	...	প্রতিকূলতা
প্রফুল্ল	...	...	প্রফুল্লতা
যোগ্য	...	...	যোগ্যতা
রমণীয়	...	...	রমণীয়তা
বিচিত্র	...	...	বিচিত্রতা
বিফল	...	...	বিফলতা
শুদ্ধ	...	...	শুদ্ধতা
শুভ্র	...	...	শুভ্রতা
সভ্য	...	...	সভ্যতা
সহিষ্ণু	...	...	সহিষ্ণুতা
সাধু	...	...	সাধুতা
অনুগত	...	...	আনুগত্য
অনুকূল	...	...	অনুকূলতা, আনুকূল্য।
অন্ধ	...	...	অন্ধত্ব, অন্ধতা।
উজ্জ্বল	...	...	উজ্জ্বলতা, ঔজ্জ্বল্য।
উৎসুক	...	...	উৎসুকতা, ঔৎসুক্য।
উষ্ণ	...	...	উষ্ণত্ব, উষ্ণতা।
ক্ষীণ	...	...	ক্ষীণত্ব, ক্ষীণতা।
গভীর	...	...	গভীরত্ব, গভীরতা।
গুরু	...	...	গুরুত্ব, গুরুতা।
চপল	...	...	চপলতা, চাপল্য।
দীন	...	...	দীনতা, দৈন্য।
দৃঢ়	...	...	দৃঢ়তা, দ্রাঢ্য।
নিপুণ	...	...	নিপুণতা, নৈপুণ্য।
নীচ	...	...	নীচত্ব, নীচতা।
পবিত্র	...	...	পবিত্রত্ব, পবিত্রতা।
ভদ্র	...	...	ভদ্রত্ব, ভদ্রতা।
মধুর	...	...	মধুরতা, মাধুর্য্য।

মিষ্ট	...	...	মিষ্টত্ব, মিষ্টতা।
লঘু	...	...	লঘুত্ব, লঘুতা।
বীর	...	...	বীরত্ব, বীরতা।
শীতল	...	...	শীতলত্ব, শীতলতা।
শূর	...	...	শূরত্ব, শূরতা।
সুন্দর	...	...	সুন্দরতা, সৌন্দর্য্য।
স্থূল	...	...	স্থূলত্ব, স্থূলতা।
হীন	...	...	হীনত্ব, হীনতা।
কঠিন	...	...	কঠিনতা, কঠিনত্ব, কাঠিন্য।
কৃপণ	...	...	কৃপণতা, কৃপণত্ব, কার্পণ্য।
গম্ভীর	...	...	গম্ভীরতা, গম্ভীরত্ব, গাম্ভীর্য্য।
দরিদ্র	...	...	দরিদ্রতা, দরিদ্রত্ব, দারিদ্র্য, দারিদ্র।
দুর্ব্বল	...	...	দুর্ব্বলতা, দুর্ব্বলত্ব, দৌর্ব্বল্য।
ধীর	...	...	ধীরতা, ধীরত্ব, ধৈর্য্য।
প্রধান	...	...	প্রধানতা, প্রধানত্ব, প্রাধান্য।
প্রবল	...	...	প্রবলতা, প্রবলত্ব, প্রাবল্য।
বৃদ্ধ	...	...	বৃদ্ধত্ব, বার্দ্ধক, বার্দ্ধক্য।

অবনত... অবনতি।
অবস্থিত...অবস্থিতি।
আসক্ত...আসক্তি।
উক্ত...উক্তি।
উৎপন্ন...উৎপত্তি।
উন্নত...উন্নতি।
গত...গতি।
দীপ্ত...দীপ্তি।
নত...নতি।
পুষ্ট...পুষ্টি।

প্রবৃত্ত...প্রবৃত্তি।
প্রাপ্ত...প্রাপ্তি।
ভক্ত...ভক্তি।
মুক্ত...মুক্তি।
যুক্ত...যুক্তি।
রত...রতি।
বৃত্ত...বৃত্তি।
বৃদ্ধ...বৃদ্ধি।
ব্যক্ত...ব্যক্তি।
শক্ত...শক্তি।

শান্ত...শান্তি।

শুদ্ধ...শুদ্ধি।

শ্রুত...শ্রুতি।

সিদ্ধ...সিদ্ধি।

সুপ্ত...সুপ্তি।

স্থিত...স্থিতি।

বিপরীত শব্দ।

Words...Opposite.

অজ্ঞ...বিজ্ঞ।

অনুকূল...প্রতিকূল।

অপচয়...উপচয়।

আবিষ্ট...অনাবিষ্ট।

আসক্ত...অনাসক্ত।

উত্তর...দক্ষিণ।

উপকারক...অপকারক।

উষা...প্রদোষ।

ঊর্দ্ধ...অধঃ।

গমন...আগমন।

দান...আদান।

ধনী...নির্ধন।

নিমীলিত...উন্মীলিত।

ন্যায়...অন্যায়।

পাপ...পুণ্য।

পূর্ব্ব...পশ্চিম।

প্রস্ফুটিত...মুদিত।

মিত্র...শত্রু।

মৃত...জীবিত।

বিদ্বান্...মূর্খ।

শীত...গ্রীষ্ম।

শীতল...উষ্ণ।

শুভ্র...কৃষ্ণ।

সৎ...অসৎ।

সত্য...মিথ্যা।

সুখ...দুঃখ।

সব্য...অপসব্য, সব্যেতর।

স্বর্গ...পাতাল।

হত...আহত।

হিত...অহিত।

হ্রদ...দ্বীপ।

Words of defferent spelling, nearly alike in pronunciation, have different meanings.

অংশ, পুং, ভাগ।

অংস, পুং, ক্লীং, স্কন্ধ।

অধ্যয়ন, ক্লীং, পঠন।

অধ্যাপন, ক্লীং, শিক্ষাদান।

অস্ত্র, ক্লীং, যেন ক্ষিপ্তেন হন্যতে তদস্ত্রম্।

শস্ত্র, ক্লীং, যেন করস্থিতেন হন্যতে তচ্ছস্ত্রম্।

অস্তি অস্+লট্+তি) To exist

অস্থি, ক্লীং, (Bone.)

উপচয়, পুং বৃদ্ধি, সংগ্রহ।

অপচয়, পুং, ক্ষতি।

উপায়, পুং, সাধন।
অপায়, পুং, নাশ।

আপন, নিজের, স্বকীয়।
আপণ, পুং, দোকান, হট্ট।

আশ্রম, পুং, ব্রহ্মচর্য্যাদি চারি অবস্থা।
আশ্রয়, পুং, অবলম্বন, গৃহ।

আস্তিক, ত্রি, ঈশ্বরবাদী।
আস্তীক, পুং, মুনিবিশেষ।

এনং, পুং, ইমং জনং।
এণং, পুং, হরিণং।

কটী, স্ত্রীং, কোমর।
কোটী, স্ত্রীং, ধনুকাদির অগ্রভাগ; ১০০০০০০০।

কপাল, পুং, ক্লীং, মাথার খুলি, ভিক্ষার পাত্র।
কপোল, পুং, গণ্ডদেশ।

কমল, পুং, পদ্ম।
কোমল, ত্রি, নরম (Soft)

কশ্চিৎ, কোন (Any)
কচ্চিৎ, ব্য, প্রশ্ন, কামপ্রবেদনে।
ক্বচিৎ, কোথাও, কুত্রচিৎ স্থলে।

কুল, ক্লীং, বংশ।
কূল, ক্লীং, জলাশয়ের তীর।

জ্বর, পুং, পীড়া, গাত্রতাপ।
জরা, স্ত্রীং, বার্দ্ধক্য, জীর্ণতা।

তদীয়, ত্রি, তাহার।
ত্বদীয়, ত্রি, তোমার।

দূত, পুং, চর।
দ্যূত, পুং, ক্লীং, পাশাক্রীড়া।

দেশ, পুং, স্থান।
দ্বেষ, পুং, ঈর্ষা।

দীপ, পুং, প্রদীপ।
দ্বিপ, পুং, হস্তী।
দ্বীপ, পুং, (Island)

নিষ্কাসিত, ত্রি, নিঃসারিত, দূরীকৃত।
নিষ্কোসিত, ত্রি, বহির্নিঃসারিত (খাপ হইতে বাহির করা)।

পক্ষ, পুং, পাখীর পাখা, মাসার্দ্ধ।
পক্ষ্ম (পক্ষ্মন্) ক্লীং, লোম, নেত্র-লোম, পালখ।

পঠন, ক্লীং, পাঠ।
পাঠনা, স্ত্রী, শিক্ষা।

পরভৃৎ, পুং, কাক।
পরভৃত, পুং, কোকিল।

পরিচ্ছন্ন, ত্রি, সজ্জিত, ভূষিত।
পরিচ্ছিন্ন, ত্রি, বিভক্ত, নির্ণীত।

পরুষ, ত্রি, কর্কশ।
পুরুষ, পুং, (Man)

পুরঃ, বা, সম্মুখে, অগ্রে।
পূর, পুং, প্রবাহ, জলরাশি।
পুর, ক্লীং, নগর।

প্রকার, পুং, সাদৃশ্য, রীতি।
প্রাকার, পুং, প্রাচীর।

প্রসাদ, পুং, অনুগ্রহ, প্রসন্নতা।
প্রাসাদ, পুং, অট্টালিকা, হর্ম্ম্য।

ভাষ, (ভাষণ), ক্লীং, কথন।
ভাস, পুং, পক্ষিবিশেষ।
ভাস্, স্ত্রীং, দীপ্তি।

মাণব, পুং, মনুষ্যবালক।
মানব, পুং, মনুষ্য (Man)

মুখ, ক্লীং, (Face)
মূক, ত্রি, (Dumb)

লক্ষ, ক্লীং, ১০০০০০।
লক্ষ্য, ক্লীং, শরব্য।

লবণ, ক্লীং, লুণ (Salt)
লবন, ক্লীং, ছেদন।

লাজ, পুং-বহু, খৈ।
লজ্জা, স্ত্রীং, (Shame)

বলি, পুং, পূজোপহার।
বলী, পুং, বলবান্।

বাণ, পুং, শর।
বান, জলপ্লাবন।

বিস্মিত, ত্রি, বিস্ময়াপন্ন।
বিস্মৃত, ত্রি, বিস্মরণ যুক্ত।

বীর, ত্রি, শূর।
বৈরী, পুং, শত্রু।

শক্তি, স্ত্রী, সামর্থ্য।
সক্থি, ক্লী, শকটের অঙ্গবিশেষ; উরু।

শর, পুং, বাণ।
স্বর, পুং, স্বরবর্ণ।

শর্ব্ব, পুং, শিব।
সর্ব্ব, ত্রি, (All)

শাস্ত্র, ক্লীং, গ্রন্থ।
শস্ত্র, ক্লীং, অস্ত্র।

শ্মশ্রু, ক্লীং, গোঁপ দাড়ী।
শ্বশ্রূ, স্ত্রী, শাশুড়ী।

ষষ্টি, স্ত্রীং, (Sixty)
ষষ্ঠী, স্ত্রীং, ষষ্ঠীতিথি।

সখি, পুং, বন্ধু।
সখী, স্ত্রীং, সহচরী।

সর্গ, পুং, অধ্যায়।
স্বর্গ, পুং, সুরলোক।

সুত, পুং, পুত্র।
সূত, পুং, সারথি, স্তুতিপাঠক।
স্যূত, পুং, থলিয়া, বগ্‌লি।

স্তম্ভ, পুং, থাম।
স্তম্ব, পুং, তৃণাদির গুচ্ছ।

Same words used in different meanings, on account of difference of gender.

অনঙ্গঃ—কাম।
অনঙ্গং—আকাশ, চিত্ত।

অমৃতঃ—অমর।
অমৃতং—সুধা।

অম্বুজঃ—চন্দ্র।
অম্বুজং—পদ্ম।

অর্দ্ধঃ—কোন এক অংশ (Any part)
অর্দ্ধং—সমান অংশ (Half)

অশ্বত্থঃ—অশ্বত্থবৃক্ষ।
অশ্বত্থং—জল।

কংসঃ—কংসরাজা।
কংসং—কাঁসার ধাতু (The metal)

কাদম্বঃ—বাণ।
কাদম্বং—কদম্বপুষ্পসমূহ।

কুলায়ঃ—নীড়।
কুলায়ং—শরীর।

জালঃ—কদম্ববৃক্ষ।
জালং—পাশ।

দীপকঃ—দীপকরাগ।
দীপকং—দীপক অলঙ্কার।

দ্বন্দ্বঃ—দ্বন্দ্বসমাস।
দ্বন্দ্বং—কলহ, যুগ্ম।

পিঞ্জরঃ—পিঙ্গলবর্ণ।
পিঞ্জরং—পিঁজারা (Cage)।

পুষ্কলঃ—ভরতের পুত্র।
পুষ্কলং—পশুরি।

মঙ্গলঃ—মঙ্গলগ্রহ।
মঙ্গলং—শুভ।

মার্গণঃ—বাণ, শর।
মার্গণং—অন্বেষণ।

মিত্রঃ—সূর্য্য।
মিত্রং—বন্ধু।

যুগঃ—যোত (Yoke) [যুগল।
যুগং—সত্য, ত্রেতা প্রভৃতি চারিযুগ;

রজতঃ—রৌপ্যমুদ্রা (Rupee)
রজতং—রৌপ্যধাতু (The metal)

বালিশঃ, ত্রি, মূর্খ।
বালিশং, ক্লীং, উপধান।

বঙ্গঃ—বাঙ্গালাদেশ।
বঙ্গং—রাঙ্‌ধাতু।

শাকঃ—শকরাজার প্রচালিত অব্দ।
শাকং—পত্রপুষ্পাদি।

সুরঙ্গঃ—সুন্দর রঙ্গভূমি।
সুরঙ্গং—ছিদ্র, গর্ত্ত, সাঁকো।

Words of the same meaning, but of different spelling.

অন্তেবাসিন্, ত্রি, শিষ্য, ছাত্র।
অন্তবাসিন্, ত্রি, „ „

অমাবস্যা, স্ত্রীং, কৃষ্ণপক্ষের শেষ তিথি
অমাবাস্যা, স্ত্রীং, „

অম্বুবাচি, স্ত্রীং, রজস্বলা পৃথিবী।
অম্বুবাচী, স্ত্রীং, „

অরণি, পুং, স্ত্রীং, কাষ্ঠ।
অরণী, পুং, স্ত্রীং, „

অবনি, স্ত্রীং, পৃথিবী।
অবনী, স্ত্রীং, „

আবলি, স্ত্রীং, শ্রেণী।
আবলী, স্ত্রীং, „

ঊর্দ্ধ ত্রি, উচ্চ, উপরিস্থিত।
ঊর্দ্ধ, ত্রি, „ „

কস্তুরিকা, স্ত্রীং, মৃগনাভি।
কস্তূরিকা, স্ত্রীং, „

কাকলি, স্ত্রীং, অব্যক্তমধুরধ্বনি।
কাকলী, স্ত্রীং, „

কাকুৎস্থ, পুং, সূর্য্যবংশীয় রাজা।
কাকুংস্থ্য, পুং, „

কাপুরুষ, পুং, অসারব্যক্তি।
কুপুরুষ, পুং, „

কিংবদন্তি, স্ত্রীং, জনশ্রুতি।
কিংবদন্তী, স্ত্রীং, „

কিঙ্কিণি, স্ত্রীং, অলঙ্কার বিশেষ
কিঙ্কিণী স্ত্রীং,

কিশলয়, পুং ক্লীং নবপল্লব।
কিসলয়, পুং. ক্লীং, „

কুটির, পুং, ক্লীং. পর্ণশালা।
কুটীর, পুং, ক্লীং, „

কুন্তি স্ত্রীং, পাণ্ডুপত্নী।
কুন্তী, স্ত্রী, „

কুলির, পুং, কর্কট।
কুলীর, পুং, „
কুলিরক, পুং, „
কুলীরক, পুং, „

কুসীদ. ক্লীং, সুদ (Interest)
কুষীদ, ক্লী, „
কুশীদ, ক্লী, „

কুষ্মাণ্ড, পুং. কুমড়া।
কূষ্মাণ্ড, পুং, „

কুহু, স্ত্রীং, অমাবস্যা।
কুহূ, স্ত্রীং, „

কেকয়ী. স্ত্রীং, ভরতের মাতা।
কৈকেয়ী, স্ত্রীং, „

কোটি, স্ত্রীং, ১০০০০০০০ সংখ্যা।
কোটী, স্ত্রীং, „

কোশ,পুং, ধনাগার, খড়্গাদির খাপ্।
কোষ, পুং, „ „

কোশল, পুং, অযোধ্যা।
কোসল, পুং, „

ক্ষুধ্, স্ত্রীং, ভোজনেচ্ছা।
ক্ষুধা, স্ত্রীং, „

গর্ভ, পুং. (pregnancy)
গর্ব্ভ, পুং, „

গাণ্ডিব, পুং. ক্লীং, ধনুক।
গাণ্ডীব, পুং, ক্লীং, „

তরণি, স্ত্রীং, নৌকা।
তরণী, স্ত্রীং, „

তরি, স্ত্রীং ; নৌকা।
তরী, স্ত্রীং ; „

দব, পুং ; বনাগ্নি।
দাব, পুং ; „
দবাগ্নি, পুং ; „
দাবাগ্নি, পুং ; „

দিব্, স্ত্রীং ; আকাশ, স্বর্গ।
দিব, ক্লীং ; „ „

দুষ্মন্ত, পুং ; শকুন্তলাপতি।
দুষ্যন্ত, পুং ; „

ধমনি, স্ত্রীং ; শিরা।
ধমনী, স্ত্রীং ; „

ধরণি, স্ত্রীং ; পৃথিবী।
ধরণী, স্ত্রীং ; „

নিশ্, স্ত্রীং ; রাত্রি।
নিশা, স্ত্রীং ; „

নিশাদ, পুং ; চণ্ডাল।
নিষাদ, পুং ; „

নিষ্কাশিত, ত্রি ; দূরীকৃত।
নিষ্কাসিত, ত্রি ; „

নেমি, স্ত্রীং ; চক্রের প্রান্ত।
নেমী, স্ত্রীং ; „

পদবি, স্ত্রীং ; উপনাম, ব্যবসা।
পদবী, স্ত্রীং ;

পদ্ধতি, স্ত্রীং ; রীতি।
পদ্ধতী, স্ত্রীং ; „

পরিক্ষিৎ, পুং ; অভিমন্যুপুত্র।
পরিক্ষিত, পুং ; „

পরিতাপ, পুং ; দুঃখ।
পরীতাপ, পুং ; „

পরিপাটি, স্ত্রী ; সুশৃঙ্খল।
পরিপাটী, স্ত্রী ; „

পাংশু, পুং ; ধূলি।
পাংসু, পুং ; „

পুত্র, পুং ; সন্তান।
পুত্র, পুং ; „

পুরন্ধ্রি, স্ত্রীং ; পতিপুত্রবতী স্ত্রী।
পুরন্ধ্রী, স্ত্রীং ; „

পেশি, স্ত্রীং ; মাংসপিণ্ডী।
পেশী, স্ত্রীং ; „

প্রতিবাদ, পুং ; প্রতিকূলে কথন।
প্রতীবাদ, পুং ; „

প্রতিহারিন্, পুং ; দ্বারপাল।
প্রতীহারিন্, পুং ; „

প্রত্যুষস্, ক্লীং ; প্রভাত।
প্রত্যূষস্, ক্লীং ; „
প্রত্যুষ, পুং ; „
প্রত্যূষ, পুং ; „

ভগিনী, স্ত্রীং ; Sister।
ভগ্নী, স্ত্রীং ; „

ভল্লুক, পুং ; ভালুক।
ভল্লূক, পুং ; „

ভূমি, স্ত্রীং ; পৃথিবী, স্থান।
ভূমী, স্ত্রীং ; „ „

মহি, স্ত্রীং ; পৃথিবী।
মহী, স্ত্রীং ; „

মুদ্, স্ত্রীং ; হর্ষ।
মুদা, স্ত্রীং ; „

মৃদ্, স্ত্রীং ; মৃত্তিকা।
মৃদা, স্ত্রীং „

যবনিকা, স্ত্রীং ; পর্দা।
জবনিকা, স্ত্রীং ; „

যুধ্, স্ত্রীং ; যুদ্ধ।
যুধা, স্ত্রীং ; „

যুবতী, স্ত্রীং ; যৌবনবতী।
যুবতি, স্ত্রীং ; „

যোষিৎ, স্ত্রীং ; নারী।
যোষিতা, স্ত্রীং ; „

রক্ষস্, ক্লীং ; রাক্ষস।
রাক্ষস, পুং ; „

রজনি, স্ত্রীং ; রাত্রি।
রজনী, স্ত্রীং ; „

রাত্রি, স্ত্রীং ; রজনী।
রাত্রী, স্ত্রীং ; „

লাঙ্গুল, ক্লীং ; লেজ (Tail)।
লাঙ্গূল, ক্লীং ; „

বল্লি, স্ত্রীং ; লতা।
বল্লী, স্ত্রীং ; „

বশিষ্ট, পুং ; মুনিবিশেষ।
বশিষ্ঠ, পুং ;

বাষ্প, পুং ; উষ্মা।
বাস্প, পুং ; „

বিকশিত, ক্লীং ; প্রস্ফুটিত।
বিকষিত, ক্লীং ; „
বিকসিত, ক্লীং ; „

বিকাশ (স), পুং ; প্রকাশ।
বীকাশ (স), পুং ; „

সমুদয়, পুং, সমূহ।
সমুদায় পুং ; „

সরণি, স্ত্রীং ; পথ, শ্রেণী।
সরণী, স্ত্রীং ; „ „

সীতা, স্ত্রীং ; রামচন্দ্রপত্নী।
শীতা, স্ত্রীং ; „

সরযু, স্ত্রীং ; নদীবিশেষ।
সরযূ, স্ত্রীং ; „

সৌদামনী, স্ত্রীং ; বিদ্যুৎ।
সৌদামিনী, স্ত্রীং ; „

COMMON ERRORS.

Common errors in spelling.

Incorrect. Correct.

অধিশ্বর—অধীশ্বর
অস্মদ্—অস্মদ্
আচার্য্যাণী—অচার্য্যানী
আমাবস্যা—অমাবস্যা
উজ্জল—উজ্জ্বল
উৎকৃষ্ঠ—উৎকৃষ্ট
উর্দ্ধ—ঊর্দ্ধ্ব
কর্তৃক—কর্ত্তৃক
কালীদাস—কালিদাস
কৃষ্ট—কৃষ্ণ
কুটুম্ব বা কুটম্ব—কুটুম্ব
কৌমুদী—কৌমুদী
কুর্ম্ম—কূর্ম্ম
কুসম—কুসুম
ক্রয়তে—ক্রিয়তে।
ক্রমশ—ক্রমশঃ
দুখ্য বা দুক্ষ—দুঃখ।
গগণ—গগন
গুপী—গোপী
গৃষ্ম—গ্রীষ্ম
গ্রাহনীয়—গ্রাহ্য
জজ্ঞ—যজ্ঞ
জলিত—জ্বলিত
জোতিষ—জ্যোতিষ
জেষ্ট—জ্যেষ্ঠ
দত্ত্যা—দত্ত্বা
দুরাদৃষ্ট—দুরদৃষ্ট
দুরাবস্থা—দুরবস্থা
দুষী—দোষী
ধংশ—ধ্বংস
পক্ক—পক্ব
পরস্পর—পরস্পর
পিড়িত—পীড়িত
পিপিলিকা—পিপীলিকা
প্রচূর—প্রচুর
ফাল্গুণ—ফালগুন

Incorrect—Correct.
ভিন্ন—ভিন্ন
মৎস—মৎস্য
মনরম—মনোরম
মুর্খ—মূর্খ
মুর্দ্ধণ্য—মূর্দ্ধন্য
মাহাত্য—মাহাত্ম্য
যগ্য—যোগ্য
যশ—যশঃ
যষ্টি—যষ্টি
যাচিঞা—যাচ্ঞা
রশ্মি—রশ্মি
লক্ষী—লক্ষ্মী
লাঘবতা—লাঘব, লঘুতা
বিনদ—বিনোদ
বয়ক্রম—বয়ঃক্রম
বশত—বশতঃ
বিশিষ্ঠ—বিশিষ্ট
শণিবার—শনিবার
শান্তনা—সান্ত্বনা
শ্রেষ্ট—শ্রেষ্ঠ
সন্ধা—সন্ধ্যা
সম্মান—সম্মান
সম্মন্ধ—সম্বন্ধ
সরবর—সরোবর
সর্ব্বণাম—সর্ব্বনাম
সাক্ষ্যাৎ—সাক্ষাৎ
সঙ্গীগণ—সঙ্গিগণ
সামর্থ—সামর্থ্য
সাহায্যতা—সহায়তা, সাহায্য
সুরধনী—সুরধুনী
স্বাস্থ—স্বাস্থ্য
হর্ম্ম—হর্ম্ম্য
হেত্যর্থে—হেত্বর্থে

Errors in use of words.

Such as :—

অংস (স্কন্ধ) for অংশ (ভাগ)
অস্তি (অস-লট্-তি) „ অস্থি (Bone)
অন্য (Another) „ অন্ন (Rice)
আহত (Wounded) „ হত (Dead)
কুত্র (কোন স্থানে) „ (কোন সময়ে)
কুল (বংশ) „ কূল (তীর)
কুসুম (পুষ্প) „ পদ্ম Only
কোটি (১০০০০০০০) „ কটিদেশ (কোমর)
কোমল (নরম) „ কমল (পদ্ম)
জরা (বার্দ্ধক্য)—জ্বর „ (রোগবিশেষ)
তত্র (তস্মিন্ স্থানে) „ তস্মিন্ কালে
তত্রাচ (Is not a Sanskrit word) „ তথাপি
তদীয় (তাহার) „ত্বদীয় (তোমার)
স্তন্য (স্তন দুগ্ধ) „ স্তন
নগরী (নগর) „ নগরস্থ লোক
নিশীথ(দুই প্রহর রাত্রি)„ নিশি (রাত্রি)
নিষ্কাসিত (বহিষ্কৃত) „ নিষ্কোসিত (বহির্নিঃসারিত)

পুরুষ (Man) for পরুষ (বর্কশ)
মণি (রত্ন) „ মুনি (ঋষি)
লক্ষণ (চিহ্ন) „ লক্ষ্মণ (দশরথ তনয়)
সখি (বন্ধু) „ সখী (সহচরী)
সর্গ (অধ্যায়) for স্বর্গ (Heaven)
সর্বথা (সকল প্রকারে), সর্বদা (সকল সময়ে)

CHAPTER IV.

বিভক্তিনির্ণয় ।

প্রথমা—

১। লিঙ্গার্থে বা ক্রিয়ারাহিত্যে অথবা অভিধেয়মাত্রে প্রথমা হয়। যথা—মনুষ্যঃ, বৃক্ষঃ, লতা, পুষ্পম্, নদী, একঃ, অষ্টৌ ইত্যাদি।

২। উক্তার্থে ১মা হয় (১); অর্থাৎ উক্ত কর্তৃকারকে ও উক্ত কর্ম্মে ১মা হয়। এবং অব্যয় দ্বারা উক্ত হইলেও ১মা বিভক্তি হইয়া থাকে। যথা—অশ্বো ধাবতি। চন্দ্রো দৃশ্যতে। "দশরথ ইতি উদাহৃতঃ।" "বিষবৃক্ষোঽপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্।"

৩। সম্বোধনে—যথা হে রাম; সখে শৃণু।

দ্বিতীয়া—

১। কর্ম্মকারকে। যথা—পুষ্পং চিনোতি, রাজানং পৃচ্ছতি।

২। ক্রিয়ার বিশেষণে। (একবচনে ও ক্লীবলিঙ্গে প্রযুক্ত হইয়া থাকে)। যথা—শীঘ্রং গচ্ছতি; দ্রুতং পলায়তে।

৩। ধিক্, প্রতি, বিনা, ঋতে, অনু প্রভৃতি কতকগুলি শব্দের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—পাপিণং ধিকং; দীনং প্রতি দয়া উচিতা; দুঃখং বিনা সুখং নহি ভবতি, শ্রমং ঋতে বিদ্যা ন ভবতি; "তদনু দর্শিতস্তেন কূপঃ"; বনং যাবৎ অনুসরতি; স ত্বাং মাং চ অন্তরা উপবিষ্টঃ; ইত্যাদি।

৪। ব্যাপ্ত্যর্থে পথ ও কালবাচক শব্দের উত্তর ২য়া হয়। যথা—গিরিঃ ক্রোশং স্থিতঃ—ক্রোশং ব্যাপ্য ইত্যর্থঃ। রামশ্চতুর্দ্দশ বৎসরান্ বনে বসতি স্ম—বৎসরান্ ব্যাপ্য ইত্যর্থঃ। (ইহাকে অত্যন্তসংযোগে ২য়াও বলে)।

---

(১) উক্তকারক মাত্রেই প্রথমা হইয়া থাকে।

৫। "গত্যর্থানাং কর্ম্মসংজ্ঞা প্রযোজ্যস্ত।" গত্যর্থ ধাতুর প্রয়োগে প্রয়োজ্য কর্ত্তায় কর্ম্ম সংজ্ঞা হয়। যথা—পুত্রঃ বিদ্যালয়ং গতবান্;—পিতা তং পুত্রং বিদ্যালয়ং গমিতবান্।

৬। তস্ প্রত্যয়ান্ত অভি, পরি, সর্ব্ব, উভয় এই কয় শব্দের যোগে ২য়া বিভক্তি হয়। যথা—গ্রামং অভিতঃ, পৃথিবীং পরিতঃ, ইত্যাদি।

৭। অভি+নি পূর্ব্বক বিশ ধাতুর অধিকরণে কর্ম্ম সংজ্ঞা হয়। যথা—ধর্ম্মং অভিনিবিশতে।

৮। অধি পূর্ব্বক শী, স্থা, ও আস ধাতুর অধিকরণে কর্ম্ম সংজ্ঞা হয়। যথা—স শয্যায়াং শেতে—স শয্যাং অধিশেতে।

স তিষ্ঠতি—স গ্রামং অধিতিষ্ঠতি। স গৃহে আস্তে—স গৃহং অধ্যাস্তে।

"যঃ শ্রীকৃষ্ণঃ অদ্রিং অধিষ্ঠিতঃ (অধি-স্থা-ত) সন্ অহিং (অনন্তং নাম সর্পরাজং) অধিশেতে (অধি-শী-লট-তে) স বৈকুণ্ঠং অধ্যাস্তে (অধি-আস-লট্-তে)।"

৯। অনু, অধি, উপ ও আঙ্ পূর্ব্বক বসধাতুর অধিকরণ কারকে কর্ম্ম সংজ্ঞা হয়। যথা—"যঃ শ্রীকৃষ্ণঃ মথুরাং অনুষ্য (অনু+বস+যপ্) দ্বারকাং অধ্যুষিতঃ (অধি-বস-ত) সন্ বিকুণ্ঠং (বৈকুণ্ঠং) উপাবসৎ (উপ্-বস্-লঙ্-দ্), স নঃ (অস্মাকম্) হৃৎ (হৃদয়ং) আবসতাৎ (আ-বস-তুপ্ স্থানে তাতঙ্)।"

তৃতীয়া—

১। করণ কারকে ৩য়া বিভক্তি হয়। যথা—হস্তেন গৃহ্লাতি, চক্ষুষা পশ্যতি।

২। অনুক্ত কর্ত্তায় তৃতীয়া হয়। যথা—রামেণ উক্তম্।

৩। সহার্থ (১) শব্দের যোগে তৃতীয়া হয়। যথা—পিতা পুত্রেণ সহ গচ্ছতি। সহার্থ শব্দের অপ্রয়োগেও হয়; যথা—পিতা পুত্রেণ গচ্ছতি।

৪। হেত্বর্থে ৩য়া হয়। যথা—অর্থেন বলবান্ (২)

(১) সহার্থ=সহ, সাকম্, সার্দ্ধং, সমম্ ইত্যাদি।

(২) হেত্বর্থে ৫মী বিভক্তিও হয়।

৫। বিশেষণে ৩য়া হয়। যথা—ছত্রেণ ছাত্রং ; জটাভিস্তাপসঃ। (১)

৬। ভেদে তৃতীয়া (পাণিনি মতে প্রকৃত্যাদিভ্য উপসংখ্যানম্)। যথা—নাম্না উদ্দালকঃ ; জাত্যা ব্রাহ্মণঃ ; প্রকৃত্যা সরলঃ ; বেগেন গচ্ছতি ; ইত্যাদি।

৭। তুল্যার্থ (২), হীনার্থ (৩), নিষেধার্থ (৪), প্রয়োজনার্থ ও যুক্তার্থ শব্দের যোগে ৩য়া হয়। যথা—পিত্রা তুল্যং (৫) ; বিদ্যয়া হীনঃ ; বিলম্বেন অলম্ ; জীবিতেন প্রয়োজনম্ ; তেন যুক্তম্ ইত্যাদি।

৮। বিনা (৬) ও পৃথক্ শব্দের যোগে ৩য়া হয়। যথা—ধনেন বিনা, বিদ্বান্ মূর্খেণ পৃথক্।

(৯)। অঙ্গীর অঙ্গবিকার অর্থে অঙ্গবাচক শব্দের উত্তর ৩য়া হয়। যথা—চক্ষুষা কাণঃ, পাদেন খঞ্জঃ।

১০। ক্রিয়াপবর্গে অর্থাৎ ক্রিয়া সমাপ্তি ও ফল প্রাপ্তি বুঝাইলে কাল-বাচক এবং অধ্ববাচক শব্দের উত্তর তৃতীয়া হয়। যথা—মাসেন ব্যাকরণং অধীতম্, ক্রোশেন উপাখ্যানম্ শ্রুতম্। (৭)

(১১) ক্রীড়ার্থ দিব্ ধাতুর যোগে। যথা—অক্ষৈঃ দীব্যতি। (৮)

চতুর্থী—

১। সম্প্রদানে ৪র্থী হয়। যথা—বালকায় পুস্তকং দদাতি।

২। তাদর্থে অর্থাৎ নিমিত্তার্থে ৪র্থী হয়। যথা—জ্ঞানায় অধ্যয়নম্, অশ্বায় ঘাসঃ।

---

(১) বিশেষণং দৃষ্টমেব ভেদকস্তু অদৃষ্টমেব ইতি বিশেষণভেদকয়োর্ভেদঃ।

(২) তুল্যার্থ=সম, তুল্য, সমান, সদৃশ ইত্যাদি।

(৩) হীনার্থ=হীন, উন, শূন্য, রহিত ইত্যাদি।

(৪) নিষেধার্থ=অলম্, কিম্ ইত্যাদি।

(৫) ৬ষ্ঠীও হয়। যথা—পিতুঃ তুল্যম্।

(৬) বিনা শব্দের যোগে ২য়া এবং ৫মীও হয়। যথা—ধনং বিনা, ধনাৎ বিনা।

(৭) ফলপ্রাপ্তি না হইলে হয় না। যথা—মাসং ব্যাকরণং অধীতম্ এবং ক্রোশং উপাখ্যানং শ্রুতম্ হইবে।

(৮) দ্বিতীয়াও হয়। যথা—অক্ষান্ দীব্যতি।

৩। তুম্ প্রত্যয়ের অপ্রয়োগে তাহার কর্ম্মে ৪র্থী হয়। যথা—আতপায় ছত্রম্; মশকায় ধূমঃ।

৪। শক্তার্থ শব্দ (১), বষট্, হিত, সুখ, স্বাহা, স্বধা, স্বস্তি ও নমস্ শব্দের যোগে ৪র্থী হয়। যথা—সমর্থো মল্লো মল্লায়; দৈত্যায় অলম্। ইন্দ্রায় বষট্। পুত্রায় হিতম্। ভক্তায় সুখম্। অগ্নয়ে স্বাহা। পিত্রে স্বধা। রাজ্ঞে স্বস্তি। বিষ্ণবে নমঃ (২)।

৫। "ক্রিয়য়া যমভিপ্রৈতি"—ক্রিয়া দ্বারা যাহাকে অভিপ্রায় করা যায় অর্থাৎ যাহার সন্তোষাদি উদ্দেশে ক্রিয়ার অনুষ্ঠান করা যায়, তাহাতে ৪র্থী হয়। যথা—পত্যে শেতে; "তস্মৈ সভ্যাঃ সভার্য্যায় গোপ্ত্রে গুপ্ততমেন্দ্রিয়াঃ" "তত্বৎ ভূমিপতিঃ পত্নৈ দর্শয়ন্ প্রিয়দর্শনঃ"

রঘু—১ম। ৪৭।

"ত্বং রক্ষসা ভীরু যতোঽপনীতা,
তং মার্গমেতাঃ কৃপয়া লতা মে (মহ্যং)।" রঘু—১৩শ। ২৪।

৬। কৢপ ও রুচ ধাতুর যোগে ৪র্থী হয়। যথা—

ভক্তির্জ্ঞানায় কল্পতে; ইদং তস্মৈ ন রোচতে।

৭। অবজ্ঞা বুঝাইলে দিবাদি গণীয় মন ধাতুর অবজ্ঞা বোধক কর্ম্মে বিকল্পে ৪র্থী হয় যথা। যথা—

স ত্বাং তৃণায় (তৃণং বা) মন্যতে।
অহং ত্বাং কুকুরায় (কুকুরং বা) মন্যে। (৩)

৮। চেষ্টা বুঝাইলে গমনার্থ ধাতুর কর্ম্মে বিকল্পে ৪র্থী হয়। যথা—গ্রামায় গচ্ছতি, গ্রামং গচ্ছতি। কিন্তু চেষ্টা না বুঝাইলে ৪র্থী হয় না, কেবলমাত্র ২য়া হয়। যথা—মনসা দ্বারকামেতি।

পঞ্চমী—

১। অপাদান কারকে। যথা—বৃক্ষাৎ পুষ্পং চিনোতি।

---

(১) শক্তার্থ—অলং, প্রভু, সমর্থ, (অলং ব্যর্থসমর্থয়োঃ ইত্যমরঃ)।

(২) ইহাতে বুঝিতে হইবে যে কেবলমাত্র "নমস্" এই অব্যয় শব্দের যোগে ৪র্থী হইবে, কিন্তু নম ধাতুর যোগে হইবে না। যথা—অহং গণেশং নমামি, "রামং নমতি সানন্দম্।" ইত্যাদি।

(৩) শৃগাল, কাক, শুক, নৌ এবং অন্ন শব্দে হয় না। যথা—অহং ত্বাং শৃগালং মন্যে।

২। অন্যার্থ ও আরভ্যার্থ শব্দ, আরাৎ, বহিস্, বিনা (১), ঋতে (২), আঙ্ (৩) ও দিক্‌বাচক শব্দ (৪) এবং পৃথক্ (৫), নানা (৬) প্রভৃতি শব্দের যোগে ৫মী হয়। যথা—রামাদন্যঃ কঃ পরিত্রাতুং সমর্থঃ। গোপালঃ জন্মনঃ প্রভৃতি পঠতি (জন্মনঃ আরভ্য পঠতি ইত্যর্থঃ)। আরাদ্বনাৎ। উদ্যানদ্বহিঃ। শ্রমাদ্বিনা। রামাদৃতে। আজন্মনঃ, আশৈশবাৎ, আসকলাৎ ব্রহ্ম (সকলং ব্যাপ্য ইত্যর্থঃ)। গৃহাৎ উত্তরঃ চৈত্রো মৈত্রাৎ পূর্ব্বদেশেঃ, চৈত্রাৎ পূর্ব্বঃ ফাল্গুনঃ। রামাৎ পৃথক্।

৩। হেত্বর্থে ৫মী হয়। যথা—ধনাৎ কুলম্; বিষাৎ মৃতঃ। (৭)

৪। "নিকৃষ্টাদেকোৎকর্ষে" অর্থাৎ দুই বা বহুর মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে নিকৃষ্টের উত্তর ৫মী হয়। যথা—ধনাৎ বিদ্যা গরীয়সী।

৫। অপেক্ষার্থে ও অনন্তরার্থে ৫মী হয়। যথা,—দরিদ্রাৎ মরণং বরং; বহুকালাৎ অনন্তরম্।

৬। ল্যব্‌লোপে বা যবর্থে ৫মী হয়। যথা,—প্রাসাদাৎ পশ্যতি (প্রাসাদং আরুহ্য ইত্যর্থঃ)।" "সপ্তরাত্রাদিতো নেতা যমস্য সদনং প্রতি (সপ্তমীং রাত্রিং প্রাপ্য ইত্যর্থঃ)।

৭। ভিন্নার্থ শব্দের যোগে ৫মী হয়। যথা—স অস্মদ্ভ্যঃ ভিন্নঃ।

৮। "বিরামার্থানাং যতো বিরতিঃ।"—বিরামার্থক ধাতুর প্রয়োগে ৫মী হয়। যথা—সঃ অধ্যয়নাৎ বিরমতি।

৯। "ভীত্রার্থানাং ভয়হেতুঃ।"=ভয়ার্থ ও ত্রাণার্থ ধাতুর প্রয়োগে অনিষ্টোৎপাদক শব্দের উত্তর ৫মী হয়। যথা—ব্যাঘ্রাৎ বিভেতি, নকুলাৎ রক্ষণীয়ঃ।

---

(১) এবং ২য়া ও ৩য়া হয়—শ্রমং, শ্রমেণ বিনা।

(২) দ্বিতীয়াও হয়—রামং ঋতে।

(৩) মর্য্যাদা ও অভিবিধি বুঝাইলে আ—শব্দের যোগে ৫মী বিভক্তি হয়, অন্য অর্থে হয় না।

(৪) দিক্‌বাচক—দিক্, দেশ, ও কালবাচক শব্দ।

(৫) দ্বিতীয়া, ও তৃতীয়া হয়।

(৬) দ্বিতীয়া ও তৃতীয়া হয়।

(৭) এবং তৃতীয়া হয়।

ষষ্ঠী—

১। সম্বন্ধে ৬ষ্ঠী হয়। যথা—গোপালস্য পুস্তকম্।

২। সম্বন্ধবিবক্ষাতে ষষ্ঠী হয়। যথা—শম্ভোশ্চরণয়োর্বন্দে।

৩। তৃপ্ত্যর্থ ধাতুর করণ কারকে বিকল্পে ৬ষ্ঠী হয়। যথা—নাগ্নিস্তৃপ্যতি কাষ্ঠানাং, কাষ্ঠৈর্বা।

৪। কৃত্য প্রত্যয়ের (১) প্রয়োগে ও ভাববাচ্যবিহিত ক্ত প্রত্যয়ের প্রয়োগে কর্ত্তায় বিকল্পে ৬ষ্ঠী হয়। যথা—ঈশঃ অস্মাকং (অস্মাভির্বা) অর্চ্চনীয়ঃ। তব (ত্বয়া বা) পুস্তকং পাঠ্যম্।

৫। "কর্ত্তৃকর্ম্মণোঃ কৃতি।" কৃৎ প্রত্যয়ের প্রয়োগে কর্ত্তায় ও কর্ম্মে ৬ষ্ঠী হয়। যথা—কর্ত্তায়—শিশোঃ শয়নম্, অশ্বস্য গতিঃ। কর্ম্মে—অন্নস্য পাকঃ, পয়সঃ পানম্।

৬। কর্ত্তা ও কর্ম্ম উভয়ত্র প্রাপ্তিসম্ভাবনা হইলে কেবলমাত্র কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হইয়া থাকে। যথা—ধনস্য দানং নৃপেণ।

৭। তুল্যার্থে ৬ষ্ঠী হয়। যথা—মাতুস্তুল্যা। (২)

৮। বর্ত্তমান কালে বিহিত ক্ত প্রত্যয়ের প্রয়োগে কর্ত্তায় ৬ষ্ঠী হয়। যথা—রাজ্ঞাং মতঃ।

৯। ভাববাচ্যবিহিত ক্ত প্রত্যয়ের প্রয়োগে কর্ত্তায় বিকল্পে ৬ষ্ঠী হয়। যথা—তস্য (তেন বা) স্থিতম্।

১০। স্মৃত্যর্থদয়েশাং কর্ম্মণি ষষ্ঠী বা (স্মরণার্থ দয় ও ঈশ ধাতুর কর্ম্মে বিকল্পে ৬ষ্ঠী হয়)। যথা—মাতুঃ (মাতরং বা) স্মরতি পুত্রঃ। ভক্তস্য (ভক্তং বা) দয়তে মহেশঃ। মধুনঃ (মধু বা) ঈষ্টে সাধুঃ।

১১। হেতু শব্দের প্রয়োগে নিমিত্তবোধক সর্ব্বনাম শব্দের উত্তর ৬ষ্ঠী ও তৃতীয়া হয়। যথা—কস্য হেতোঃ (কেন হেতুনা বা) স আয়াতঃ। কেহ কেহ বলেন হেতু প্রয়োগে ৬ষ্ঠী বিভক্তি হইয়া থাকে। যথা—"অল্পস্য হেতো র্বহুহাতুমিচ্ছন্"—রঘু—২য়। ৪৭।

---

(১) "তব্যানীয়ক্যপ্ঘ্যণ্যাঃ পঞ্চৈতে কৃত্যসংজ্ঞকাঃ" অর্থাৎ তব্য, অনীয়, ক্যপ্, ঘ্যণ্ ও য এই পাঁচটী প্রত্যয়কে কৃত্য প্রত্যয় বলে।

(২) তৃতীয়াও হয়। যথা—মাত্রা তুল্যা।

১২। নি ও প্র পূর্ব্বক হন ধাতুর প্রয়োগে কর্ম্মে ৬ষ্ঠী হয়। যথা—অসুরাণাং (অসুরান্ বা) নিজঘান।

১৩। হিত ও সুখ শব্দের যোগে ৬ষ্ঠী হয়। যথা—ঔষধং শরীরস্য হিতং; ঔষধং আয়ুষঃ সুখং।

১৪। নির্দ্ধারে (১) ৬ষ্ঠী হয় (২)। যথা—পর্ব্বতানাং হিমালয়ঃ শ্রেষ্ঠঃ, মনুষ্যাণাং ক্ষত্রিয়ঃ শূরঃ, গবাং কৃষ্ণা বাহুক্ষীরা, অমরাণাং বৃহস্পতির্গুরুঃ, ছাত্রাণাং মৈত্রঃ প্রবীণঃ।

১৫। "ষষ্ঠী চানাদরে" (অনাদর অর্থে ষষ্ঠী ও ৭মী হয়)। যথা—রুদতঃ শিশোঃ (রুদতি শিশৌ বা) অগাম, অর্থাৎ—রুদন্তং শিশুং অনাদৃত্য, ইত্যর্থঃ।

সপ্তমী—

১। অধিকরণ কারকে। যথা—গৃহে তিষ্ঠতি।

২। ভাবে (৩) ৭মী হয়। যথা—রবৌ অস্তং গতে স বহির্গাম্, অর্থাৎ সূর্য্য অস্ত যাইলে পর তিনি বাহিরে গিয়াছিলেন। এস্থলে "গিয়াছিলেন" এই ক্রিয়ার কালরবির অস্ত গমন কালদ্বারা নিরূপিত হইল।

৩। অবচ্ছেদে (৪) ৭মী হয়। যথা—"গৃহীত্বা ইব কেশেষু"; স মাং করে জগ্রাহ। এস্থলে চুলের কোন অংশ ও হাতের কোন অংশ বুঝাইতেছে।

৪। অনাদরে ৬ষ্ঠী বা সপ্তমী হয়। যথা—রুদতি শিশৌ (রুদন্তং শিশুং অনাদৃত্য) ইত্যর্থঃ।

৫। নির্দ্ধারে ৬ষ্ঠী ও ৭মী হয়। যথা—মনুষ্যেষু (মনুষ্যানাং বা) ব্রাহ্মণঃ শ্রেষ্ঠঃ।

---

(১) জাতিগুণক্রিয়াণাং উৎকর্ষেণাপকর্ষাণাং বা সজাতীয়াৎ পৃথক্করণং নির্দ্ধারঃ। অর্থাৎ জাতি, গুণ, ক্রিয়া বা সংজ্ঞা দ্বারা সমুদায় জাতি হইতে যে পৃথক্ করণ, তাহার নাম নির্দ্ধার।

(২) সপ্তমী বিভক্তিও হইয়া থাকে।

(৩) যস্য ক্রিয়া ক্রিয়ান্তরমপেক্ষতে স এব ভাবঃ।—যদীয় ক্রিয়ার কাল দ্বারা অন্যদীয় ক্রিয়ার কাল নিরূপিত হইলে, তাহাকে ভাব কহে।

(৪) কর্ম্মকারকের অংশকে অবচ্ছেদ বলে।

৬। কর্ম্মের সহিত সংযোগ বুঝাইলে নিমিত্তার্থে নিমিত্তবোধক শব্দের উত্তর ৭মী হয়। যথা—

"চর্ম্মণি দ্বীপিনং হন্তি, দন্তয়োর্হন্তি কুঞ্জরম্।
কেশেষু চমরীং হন্তি, মাংসেষু হরিণো হতঃ॥ (১)

৭। দূরার্থ ও অন্তিকার্থ শব্দের উত্তর ৭মী এবং ২য়া, ৩য়া ও ৫মী বিভক্তি হয়। যথা—গ্রামস্য দূরে (দূরং, দূরেণ, দূরাৎ বা); গৃহস্য অন্তিকে (অন্তিকং, অন্তিকেন, অন্তিকাৎ বা)। (২)

অতিরিক্ত।

"অপাদানসম্প্রদানকরণাধারকর্ম্মণাম্।
কর্ত্তুশ্চান্যোন্যসন্দেহে পরমেকং প্রবর্ত্ততে॥"

অপাদান, সম্প্রদান, করণ, অধিকরণ, কর্ম্ম ও কর্ত্তা—ইহাদিগের পরস্পরের প্রাপ্তির সন্দেহ হইলে, সূত্রানুযায়ী ক্রম অনুসারে পরবর্ত্তী কারক প্রাপ্ত হয়। যথা—

নদীং অবগাহ্য উত্তিষ্ঠতি—(এস্থলে নদী পদটি অবগাহ্য ক্রিয়ার কর্ম্ম ও উত্তিষ্ঠতি ক্রিয়ার অপাদান; অতএব ইহাতে কর্ম্ম ও অপাদান উভয় কারকের বিভক্তি প্রাপ্তির সন্দেহে সূত্রোক্ত ক্রম অনুসারে নদীতে কর্ম্মকারকের বিভক্তি পাইল)। ঐরূপ—দরিদ্রং ধনং দাতুং আহ্বয়তি—(এস্থলে দরিদ্র পদে সম্প্রদান ও কর্ম্মকারকের সন্দেহ; অতএব কর্ম্মত্ব প্রাপ্ত হইল)। "পশ্যায়ং মূষিকঃ পাপঃ স্বজাতিসমতাং গতঃ"—(এস্থলে কর্ম্ম ও কর্ত্তার সন্দেহ; অতএব কর্ত্তৃত্ব প্রাপ্ত হইল)।

সমাস (Compounds)

একপদীকরণং সমাসঃ। দুই বা বহুপদের একপদীকরণকে সমাস কহে। যেমন—রামলক্ষ্মণৌ, কন্দমূলফলানি ইত্যাদি।

---

(১) কর্ম্মযুক্ত না হইলে হয় না। যথা;—কীর্ত্তয়ে দ্বীপিনং হন্তি।

মুক্তাফলায় করিণং, হরিণং পলায়—ইত্যাদয়োহপপ্রয়োগঃ; অথ মুক্তাফলেষু করিণং হরিণং পলেষু ইত্যেব পাঠঃ।

(২) বিশেষণরূপে ব্যবহৃত হইলে হয় না; যথা—দূরো গ্রামঃ, দূরঃ পন্থাঃ ইত্যাদি।

ব্যাসবাক্য—

সমাসকালীন অর্থ বুঝাইবার জন্য যে বাক্য করা যায় তাহার নাম ব্যাসবাক্য, সমাসবাক্য অথবা বিগ্রহবাক্য। যেমন রামশ্চ লক্ষ্মণশ্চ রামলক্ষ্মণৌ; পীতং অম্বরং যস্য অসৌ—পীতাম্বরঃ; এই স্থলে রামশ্চ লক্ষ্মণশ্চ এবং পীতং অম্বরং যস্য অসৌ এই দুইটী ব্যাসবাক্য হইল।

সমস্তপদ (Compound word)—

সমাস করিয়া যে পদটী দাঁড়ায়, তাহার নাম সমস্তপদ। যথা—উপরি উক্ত উদাহরণদ্বয়ে রামলক্ষ্মণৌ এবং পীতাম্বরঃ এইদুইটী সমস্ত পদ হইল।

"দ্বন্দ্বো দ্বিগুরপি চাহং মদ্‌গৃহে নিত্যমব্যয়ীভাবঃ।
তৎপুরুষ কর্ম্মধারয় যেনাহং স্যাং বহুব্রীহিঃ।"

সমাস ছয়প্রকার—দ্বন্দ্ব, বহুব্রীহি, কর্ম্মধারয়, তৎপুরুষ, দ্বিগু ও অব্যয়ীভাব।

"ভিন্নান্যৈকার্থদ্ব্যাদিসংখ্যাব্যাদীনাং চহযষগবাঃ।"

(১) ভিন্নার্থানাং দানাং সশ্চসংজ্ঞঃ স্যাৎ।

ভিন্নার্থ পদের সমাসকে চ অর্থাৎ দ্বন্দ্ব সমাস কহে। যথা—কৃষ্ণশ্চ অর্জ্জুনশ্চ—কৃষ্ণার্জ্জুনৌ; (এস্থলে ভিন্ন ভিন্ন দুইজনকে বুঝাইল)।

(২) অন্যার্থানাং দানাং হসংজ্ঞঃ স্যাৎ।

অন্যার্থপদের সমাসকে হ অর্থাৎ বহুব্রীহি সমাস কহে। যথা—পীতং অম্বরং যস্য সঃ—পীতাম্বরঃ (হরিঃ); (এস্থলে পীত কিম্বা অম্বর কিছুই না বুঝাইয়া অন্য আর একটীকে বুঝাইল)।

(৩) একার্থানাং দানাং যসংজ্ঞঃ স্যাৎ।

একার্থ পদের সমাসকে য অর্থাৎ কর্ম্মধারয় সমাস কহে। যথা—নীলং উৎপলং—নীলোৎপলং; (এস্থলে কেবল মাত্র উৎপলকে বুঝাইল)।

(৪) দ্ব্যাদিক্যন্তপূর্ব্বদানাং ষ সংজ্ঞঃ স্যাৎ।

দ্বিতীয়াদি বিভক্ত্যন্তপদ পূর্ব্বে থাকিয়া যে সমাস হয় তাহাকে ষ অর্থাৎ তৎপুরুষ সমাস কহে। যথা—কৃষ্ণং আশ্রিতঃ—কৃষ্ণাশ্রিতঃ, পাপাৎ ভয়ং—পাপভয়ং ইত্যাদি; (এস্থলে পূর্ব্বপদদ্বয় ক্রমান্বয়ে দ্বিতীয়া ও পঞ্চমী বিভক্তিযুক্ত হইয়াছে)।

(৫) সংখ্যাপূর্ব্বদানাং গ সংজ্ঞঃ স্যাৎ।

সংখ্যাবাচক পদ পূর্ব্বে থাকিয়া যে সমাস হয় তাহাকে গ অর্থাৎ দ্বিগু সমাস কহে। যথা—পঞ্চভির্গোভিঃ ক্রীতঃ=পঞ্চগুঃ; (এস্থলে সংখ্যাবাচক পঞ্চন্ শব্দ পূর্ব্বে আছে)।

(৬) ব্যপূর্ব্বদানাং ব সংজ্ঞঃ স্যাৎ।

অব্যয় পূর্ব্বক পদের সমাসকে ব অর্থাৎ অব্যয়ীভাব সমাস কহে। যথা, কূলস্য সমীপে=উপকূলং; (এস্থলে উপ এই অব্যয়পদ পূর্ব্বে আছে)।

সমাসবিধিঃ। (১)

১। সমাসের অন্তর্গত পদসমূহের বিভক্তির লোপ হইয়া থাকে। যথা—
ভীমঃ অর্জ্জুনঃ=ভীমার্জ্জুনৌ; ফলং পুষ্পং=ফলপুষ্পে;
দশরথস্য পুত্রঃ=দশরথপুত্রঃ ইত্যাদি।

২। সমাসে পূর্ব্বপদ নকারান্ত হইলে, তাহার নকারের লোপ হয়। যথা—আত্মনঃ (আত্মন্‌শব্দ) গ্লানিঃ=আত্মগ্লানিঃ; রাজ্ঞঃ (রাজন্ শব্দ) বংশঃ=রাজবংশঃ ইত্যাদি।

৩। স্বরবর্ণ পরে থাকিলে পরপদের নকারের লোপ হয়। যথা—মহারাজন্+ট (অ)=মহারাজঃ; একাহন্+ট (অ)=একাহঃ ইত্যাদি।

৪। সমাসে মহৎ শব্দস্থানে মহা আদেশ হয় (২)। যথা—মহান্তৌ ভুজৌ যস্য সঃ=মহাভুজঃ।

৫। স্বরবর্ণ পরে থাকিলে নঞ্ স্থানে অন্ এবং ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে অ হয়। যথা—ন-আয়াসঃ=অনায়াসঃ, ন-ইষ্টঃ=অনিষ্টঃ, ন-চলঃ=অচলঃ, ন-স্বীকারঃ=অস্বীকারঃ।

৬। সহ ও সমান শব্দ স্থানে বিকল্পে স আদেশ হয়(৩)। যথা—সহোদরঃ,

---

(১) সমাস করিবার সময় কতকগুলি নিয়ম জানা আবশ্যক, সেইগুলি সমাসবিধিমধ্যে সন্নিবেশিত হইল।

(২) বিশেষণরূপে ব্যবহৃত না হইলে হয় না; যথা—মহতঃ ভুজঃ=মহদ্ভুজঃ।

(৩) রূপ, নাম, গোত্র, স্থান, বর্ণ, বয়ঃ, বচন, ধর্ম্ম, জাতীয় ও উদর শব্দ পরে সমান শব্দ স্থানে বিকল্পে স হয়।

সোদরঃ। সহনাগরাঃ, সনাগরাঃ। সমানগোত্রঃ, সগোত্রঃ। সমানধর্ম্মঃ, সধর্ম্মঃ ।

৭। অগ্নি এবং উষ্ণ শব্দ পরে থাকিলে ঈষদর্থে কু শব্দ স্থানে কৎ, কব এবং কা আদেশ হয়। যথা—কু (ঈষৎ) অগ্নিঃ=কদগ্নিঃ, কবাগ্নিঃ, কাগ্নিঃ। কু (ঈষৎ) উষ্ণং=কদুষ্ণং, কবোষ্ণং, কোষ্ণং (১)।

৮। "পথিপুরুষে বা"=পথিন্ ও পুরুষ শব্দ পরে থাকিলে কুশব্দ স্থানে বিকল্পে কা আদেশ হয়। যথা—কু (কুৎসিতঃ) পন্থাঃ=কুপথঃ, কাপথঃ। কু (কুসিতঃ) পুরুষঃ=কুপুরুষঃ, কাপুরুষঃ।

৯। "পথো বা"=নঞের পরস্থিত পথিন্ শব্দের উত্তর বিকল্পে অ হয়; কিন্তু বহুব্রীহি ও অব্যয়ীভাব সমাসে নিত্যই অ হইয়া থাকে। যথা—ন-পন্থাঃ=অপন্থাঃ, অপথং। বহুব্রীহি সমাসে—নাস্তি পন্থাঃ যত্র সঃ=অপথঃ (দেশঃ)। অব্যয়ীভাব সমাসে—পথঃ অভাবঃ=অপথং।

১০।"পথ্যপ্ পুরঃ সে"=সর্ব্বসমাসেই পথিন্, অপ্ ও পুর্ শব্দের উত্তর অ হয়। যথা—

পথিন্ শব্দের উদাহরণ—

দ্বন্দ্ব সমাসে—সখা চ পন্থাশ্চ=সখিপথৌ।

বহুব্রীহি সমাসে—রম্যঃ পন্থাঃ যত্র সঃ=রম্যপথঃ।

কর্ম্মধারয় সমাসে—মহাংশ্চাসৌ পন্থাশ্চেতি=মহাপথঃ।

তৎপুরুষ সমাসে—দক্ষিণস্যাং পন্থাঃ=দক্ষিণপথঃ।

দ্বিগু সমাসে—চতুর্ণাং পথাং সমাহারঃ=চতুষ্পথং।

অব্যয়ীভাবসমাসে—পথঃ সমীপং=উপপথং।

অপ্ শব্দের উদাহরণ—

বিমলা আপঃ যত্র তৎ বিমলাপং (সরঃ); এইরূপ—গঙ্গাপঃ, নির্ম্মলাপঃ ইত্যাদি।

পুর্ শব্দের উদাহরণ—

বিষ্ণোঃ পূঃ=বিষ্ণুপুরং।

---

(১) কিন্তু কু অন্নঃ=কদন্নং হইবে।

১১। "সখ্যহোরাজ্ঞঃ ষঃ ষগে চ।" (১)

কর্ম্মধারয়, তৎপুরুষ বা দ্বিগুসমাস বুঝাইলে সখি, অহন্ ও রাজন্ শব্দের উত্তর ষ (অ) হয় (২)। যথা—বায়ুসখঃ, বিবুধসখঃ, মহারাজঃ, অধিরাজঃ, একাহঃ সপ্তাহঃ, পুণ্যাহম্ ইত্যাদি।

১২। "সংখ্যাসূপমানাৎ পাৎ পাদোঽহস্ত্যাদেঃ।"

যদি সংখ্যাবাচক শব্দ এবং সু ও উপমান বাচক শব্দ পূর্ব্বে থাকে, তাহা হইলে হস্তী প্রভৃতির (৩) পাদ ভিন্ন অন্য পাদ শব্দ স্থানে পাৎ আদেশ হইয়া থাকে। যথা—দ্বৌ পাদৌযস্য-স দ্বিপাৎ, সুশোভনৌ পাদৌ যস্য স সুপাৎ; ব্যাঘ্রস্যেব পাদৌ যস্য স ব্যাঘ্রপাৎ; "বৃষশ্চতুপাদ্ভগবান্"—ইতি রামায়ণে। কিন্তু হস্তিন ইব পাদৌ যস্য স হস্তিপাদঃ হইবে।

১৩। কাম ও মনস্ শব্দ পরে থাকিলে তুম্ এবং সম্ প্রত্যয়ের মকারের লোপ হয়। যথা—নির্ব্বেষ্টু কামঃ, গন্তুমনাঃ। সকামঃ, সমনাঃ।

১৪। তব্য, অনীয় এবং য প্রত্যয়ান্ত পদ পরে থাকিলে অবশ্যম্ পদের মকারের লোপ হয়। যথা—অবশ্যকর্ত্তব্যম্।

১৫। হিত ও তত শব্দ পরে থাকিলে বিকল্পে সম্ শব্দের মকারে লোপ হয়। যথা—সহিতঃ, সংহিতঃ। সততঃ, সন্ততঃ।

১৬। বিশেষণ স্ত্রীলিঙ্গ শব্দের পুম্বদ্ভাব (৪) হয়। যথা—সুন্দরী নারী= সুন্দরনারী; ধীরা-প্রকৃতিঃ=ধীরপ্রকৃতিঃ।

১৭। পূর্ব্ববর্ত্তী যুষ্মদ্ বা অস্মদ্ শব্দের সহিত সমাস হইলে কেবলমাত্র একবচন স্থলে (৫) যুষ্মদ্ শব্দ স্থানে ত্বৎ এবং অস্মদ্ শব্দ স্থানে মৎ

---

(১) রাজাহসখিভ্যষ্টচ্—ইতি পাণিনিঃ।

(২) (a) প্রশংসা অর্থে সু ও অতি শব্দ পূর্ব্বে থাকিলে হয় না। যথা—সুরাজা, অতিরাজা।

(b) নিন্দা অর্থে কিম্ শব্দ পূর্ব্বে থাকিলে হয় না। যথা—কিংরাজা, কিংসখা।

(c) নঞ্ তৎপুরুষ সমাসে হয় না। যথা—অরাজা, অসখা।

(৩) হস্ত্যাদির্যথা—

"হস্তী কটোলঃ কণ্ডোলো গণ্ডোলো গণিকা মহান্।
দাসী কুশূল ইত্যষ্টৌ হস্ত্যাদৌ পরিকীর্ত্তিতাঃ॥"

(৪) অর্থাৎ স্ত্রীলিঙ্গের যে চিহ্ন (আ কিম্বা ঈ) থাকে, তাহার লোপ হয়।

(৫) বহুবচনে—অস্মাকম্ দেশঃ=অস্মদ্দেশঃ হইবে।

আদেশ হইয়া থাকে। যথা—তব অধীনঃ=ত্বদধীনঃ, তব পুস্তকম্=ত্বৎ-পুস্তকম্, ময়া প্রণীতং=মৎপ্রণীতং, মম ইদম্=মদীয়ম্।

১৮। ওতু এবং ওষ্ঠ শব্দ পরে থাকিলে পূর্ব্ববর্ত্তী অকার ও আকারের বিকল্পে লোপ হয়। যথা—বিম্বোষ্ঠ, বিম্বৌষ্ঠ। স্থূলোতু, স্থূলৌতু।

১৯। তৎপুরুষ, কর্ম্মধারয় ও দ্বিগুসমাসে সর্ব্ব, পুণ্য, সংখ্যাবাচক ও একদেশবাচক শব্দের পরবর্ত্তী রাত্রি শব্দের উত্তর অ হয়। যথা—সর্ব্ব-রাত্রঃ, পুণ্যরাত্রঃ, ত্রিরাত্রং, অর্দ্ধরাত্রং, মধ্যরাত্রঃ ইত্যাদি।

২০*। "অহঃসর্ব্বৈকদেশসংখ্যাতপুণ্যাচ্চ রাত্রেঃ।" অহঃশব্দাৎ, সর্ব্বশব্দাৎ, সংখ্যাতশব্দাৎ, পূর্ব্বাপরাদিকাৎ একদেশবাচকশব্দাৎ, পুণ্য-শব্দাৎ, সংখ্যাবাচকাৎ, অব্যয়াৎ চ পরতঃ রাত্রিশব্দাৎ তৎপুরুষসমাসে অচ্ স্যাৎ, অহর্গ্রহণং দ্বন্দ্বার্থম্; অর্থাৎ—অহন্ শব্দ, সর্ব্ব শব্দ, পূর্ব্বপরাদি একদেশবাচক শব্দ, সংখ্যাত শব্দ, পুণ্য শব্দ, সংখ্যাবাচক শব্দ এবং অব্যয় শব্দ পরে থাকিয়া রাত্রি শব্দের সহিত তৎপুরুষ সমাস হইলে ঐ শব্দের উত্তর অ হয় (কিন্তু অহন্ শব্দের সহিত সমাস হইলে দ্বন্দ্ব সমাস হইবে)। যথা—অহশ্চ রাত্রিশ্চ=অহোরাত্রঃ, সর্ব্বা রাত্রিঃ=সর্ব্বরাত্রঃ, পূর্ব্বং রাত্রেঃ=পূর্ব্বরাত্রঃ, অপরং রাত্রেঃ=অপর রাত্রঃ, সংখ্যাতা রাত্রিঃ= সংখ্যাতরাত্রঃ, পুণ্যা রাত্রিঃ=পুণ্যরাত্রঃ, দ্বয়োঃ রাত্র্যোঃ সমাহারঃ =দ্বিরাত্রম্, অতিক্রান্তো রাত্রিম্=অতিরাত্রঃ।

২১। "অক্ষ্ণোঽচক্ষুষি"=চক্ষু ভিন্ন অর্থ বুঝাইলে, অক্ষি শব্দের উত্তর অ হয়। যথা—গবাক্ষঃ, প্রত্যক্ষম্ ইত্যাদি। কিন্তু নরাক্ষি হইবে।

২২। অব্যয়ীভাব সমাসে সম্, প্রতি, পর এবং অনু শব্দের পরবর্ত্তী অক্ষি শব্দের উত্তর অ হয়। যথা—সমক্ষং, প্রত্যক্ষং, পরোক্ষং অন্বক্ষং।

২৩। "নাভের্নাম্নি"=নাম বুঝাইলে বহুব্রীহি সমাসে নাভি শব্দের উত্তর অ হয়। যথা—পদ্মং নাভৌ যস্য সঃ=পদ্মনাভঃ; ঐরূপ—উর্ণনাভঃ, বজ্র-নাভঃ ইত্যাদি। কিন্তু নাম না বুঝাইলে হয় না, যথা—গভীরনাভিঃ।

২৪। অপ্রধানত্ব বুঝাইলে বহুব্রীহি সমাসে গো শব্দের ওকারের হ্রস্ব হয়। যথা—শীতা গৌঃ যস্য স শীতগুঃ অর্থাৎ শীতল কিরণ যার এইবাক্যে শীতগুঃ (চন্দ্রঃ); এস্থলে শীতা শব্দের পুম্বদ্ভাব (১৬ সূত্রানুসারে) এবং গো শব্দের ওকার স্থানে উকার হইল।

২৫। বহুব্রীহি সমাসে জায়া শব্দ স্থানে জানি আদেশ হয়। যথা—যুবতী জায়া যস্য স যুবজানিঃ।

২৬। অপ্রধানত্ব বুঝাইলে বহুব্রীহিসমাসনিষ্পন্ন পদের অন্তেস্থিত আপ্, ঈপ্ (১) এবং উপ্ প্রত্যয়ের হ্রস্ব হয়। যথা—ধ্বস্তা মায়া যস্য সঃ =ধ্বস্তমায়ঃ; সু (শোভনা) নদী যস্মিন্ (দেশে) সঃ=সুনদিঃ; কালী তনূঃ যস্যাসৌ=কালতনুঃ।

২৭। বহুব্রীহি সমাসে দীর্ঘ ঈকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ এবং ঋকারান্ত শব্দের উত্তর ক হয়। যথা—সস্ত্রীকঃ; সমাতৃকঃ।

২৮। "উরঃ প্রভৃতিভ্যঃ কঃ" বহুব্রীহি সমাসে উরস্ প্রভৃতি শব্দের উত্তর ক হয়। যথা—"ব্যূঢ়োরস্কোবৃষস্কন্ধঃ"—ইতি রঘুবংশে।

২৯। বহুব্রীহি সমাসে ধর্ম্ম শব্দের উত্তর মন্ হয়। যথা—সুধর্ম্মা, বিধর্ম্মা ইত্যাদি।

৩০। "অস্ প্রজায়াঃ" বহুব্রীহি সমাসে নঞ্ দুর্ ও সু এই তিন শব্দের পরবর্ত্তী প্রজা শব্দের উত্তর অস্ হয়। যথা—নাস্তি প্রজা যস্য সঃ=অপ্রজাঃ; ঐরূপ—দুষ্প্রজাঃ, সুপ্রজাঃ।

৩১। "মন্দাল্পাচ্চ তু মেধায়াঃ" বহুব্রীহি সমাসে নঞ্, দুর্, সু, মন্দ ও অল্প শব্দের পরবর্ত্তী মেধা শব্দের উত্তর অস্ হয়। যথা—নাস্তি মেধা যস্য সঃ=অমেধাঃ; ঐরূপ—দুর্মেধাঃ, সুমেধাঃ, মন্দমেধাঃ, অল্পমেধাঃ।

৩২। বহুব্রীহি সমাসে দ্বি ও ত্রি শব্দের পরবর্ত্তী মূর্দ্ধন্ শব্দের উত্তর অ হয়। যথা—দ্বিমূর্দ্ধঃ, ত্রিমূর্দ্ধঃ।

৩৩। বাহুল্য বুঝাইলে ছায়া শব্দের উত্তর অ হয় এবং উহা ক্লীবলিঙ্গ হইয়া যায়। যথা—তরূণাং ছায়া=তরুচ্ছায়ম্।

৩৪। সমাসে দিব্ শব্দ স্থানে দ্যাবা হয়। যথা—দ্যাবাপৃথিব্যৌ।

৩৫। "ব্যং পূর্ব্বম্" সমাস বুঝাইলে পরস্থিত অব্যয়পদ পূর্ব্ববর্ত্তী হয়। যথা— বেলাং উদ্গতঃ=উদ্বেলঃ; জ্যাং অধিরূঢ়ং=অধিজ্যং; মুখং অভিগতঃ=অভিমুখং ইত্যাদি।

---

(১) কিন্তু ঈয়স্ প্রত্যয়ের পরস্থিত ঈপ্ প্রত্যয়ের হ্রস্ব হয় না। যথা—বহ্বী প্রেয়সী যস্য স বহুপ্রেয়সী।

৩৬। সর্ব্বসমাসে অন্ধ শব্দের পরস্থিত তমস্ শব্দের উত্তর অ হয়। যথা—অন্ধঞ্চ তৎ তমশ্চেতি = অন্ধতমসম্।

৩৭। মাতৃ শব্দের সহিত সমাস হইলে পিতৃ শব্দ এবং শ্বশ্রূ শব্দের সহিত সমাস হইলে শ্বশুর শব্দ বিকল্পে অবশিষ্ট থাকে। যথা—

মাতা চ পিতা চ = পিতরৌ, মাতাপিতরৌ।

শ্বশ্রূশ্চ শ্বশুরশ্চ = শ্বশুরৌ, শ্বশ্রূশ্বশুরৌ।

৩৮। "পুমান্ স্ত্রিয়া" = সমানাকার স্ত্রীবাচক পদের সহিত সমাস হইলে স্ত্রীবাচক পদের লোপ হয়, পুরুষবাচক পদ অবশিষ্ট থাকে (১)। যথা—ব্রাহ্মণশ্চ ব্রাহ্মণীচ = ব্রাহ্মণৌ।

৩৯। "চগৈক্যবং ক্লীবং।" চস্যৈক্যং গস্যৈক্যং বশ্চ ক্লীবং স্যাৎ। সমাহার দ্বন্দ, সমাহার দ্বিগু এবং অব্যয়ীভাব সমাসে সমস্তভাগ ক্লীবলিঙ্গ হইয়া যায়। যথা—পাণী চ পাদৌ চ = পাণিপাদম্। ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ = ত্রিভুবনম্। কূলস্য সমীপে = উপকূলম্।

৪০। সু, উৎ, সুরভি, ও পূতি শব্দের পরস্থিত গন্ধ শব্দের উত্তর ই হয়; কিন্তু উপমানবাচক শব্দের পরবর্ত্তী গন্ধ শব্দেব উত্তর বিকল্পে ই হইয়া থাকে। যথা—সু (শোভনঃ) গন্ধঃ যস্য সঃ = সুগন্ধিঃ; ঐরূপ—উদ্গন্ধিঃ, সুরভিগন্ধিঃ, পূতিগন্ধিঃ। কিন্তু পদ্মস্য ইব গন্ধঃ যস্য সঃ = পদ্মগন্ধিঃ বা পদ্মগন্ধঃ হইবে।

অলুক্ সমাস।

কোন কোন স্থলে সমাস হইলেও পূর্ব্ববর্ত্তী পদের বিভক্তির লোপ হয় না; সুতরাং উল্লিখিত অবস্থার সমাসকে অলুক্ সমাস কহা যায়। যথা—আত্মনেপদং, পরস্মৈপদং, যুধিষ্ঠিরঃ, দিবোদাসঃ, অন্তেবাসী, সহসাকৃতম্, বিশাম্পতিঃ, মনসাদেবী ইত্যাদি।

CHAPTER V.

শব্দার্থ।

VARIOUS MEANINGS OF WORDS.

অক্ষ, পুং 1. পাশক (পাশা), 2. তোলা, 3. শকট, 4. চক্র, 5. সর্প, 6. বিভীতক বৃক্ষ, 7. কুক্ষি।

---

(১) ইহার নাম একশেষ দ্বন্দ।

অক্ষত, পুং, ক্লীং, বহু, 1. আতপ তণ্ডুল, 2. যব। ত্রি, আঘাতশূন্য।

অক্ষর, ক্লীং, 1. ব্রহ্ম, 2. তপঃ, 3. আকাশ।

অঙ্ক, পুং, 1. ক্রোড়, 2. চিহ্ন, 3. কলঙ্ক, 4. সংখ্যা, 5. নাটকের পরিচ্ছেদ।

অজ, পুং, 1. জন্মরহিত—ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর, 2. রঘুরাজপুত্র, 3. কন্দর্প, 4. ছাগল।

"অজোহরৌ হরে কামে বিধৌ ছাগে রঘোঃ সুতে।" ইতি বিশ্বঃ।

অথ, ব্য, 1. অনন্তর, 2. সংশয়, 3. প্রশ্ন, 4. আরম্ভ, 5. সমুচ্চয়।

অদ্রি, পুং, 1. পর্ব্বত, 2. বৃক্ষ, 3. সূর্য্য।

অধ্বন্, পুং, 1. পথ, 2. কাল 3. অবয়ব, 4. উপায়।

অন্ত, পুং, 1. নাশ, 2. অবয়ব, 3. সীমা, 4. শেষ।

অনন্ত, পুং, 1. বাসুকি, 2. বিষ্ণু, 3. মেঘ। ক্লীং, আকাশ। ত্রি, অন্তহীন।

অন্বয়, পুং, 1. অর্থ, 2. সম্বন্ধ, 3. বংশ, 4. সন্তান।

অভিজাত, ত্রি, 1. সদ্বংশজাত, 2. কুলীন, 3. জ্ঞানী, 4. সুন্দর।

অভিষঙ্গ, পুং, 1. আলিঙ্গন, 2. সম্পর্ক, 3. শপথ, 4. অভিভব, 5. ব্যসন, 6. মিথ্যাপবাদ।

অভ্যাস, পুং, 1. আবৃত্তি, 2. শিক্ষা, 3. নিকট, 4. দ্বিরুক্তধাতুর পূর্ব্বভাগ।

অভ্র, ক্লীং, 1. মেঘ, 2. আকাশ, 3. স্বর্ণ, 4. অভ্রক ধাতু।

অমর, পুং, 1. দেবতা, 2. পারদ, 3. অমরসিংহ (নবরত্ন সভার একটি রত্ন)।

অমৃত, ক্লীং, 1. সুধা, 2. জল, 3. দুগ্ধ, 4. ঘৃত, 5. বিষ।

অম্বর, ক্লীং, 1. আকাশ, 2. বস্ত্র, 3. কার্পাস, 4. অভ্র।

অরুণ, পুং, 1. সূর্য্য, 2. সূর্য্যসারথি, 3. রক্তবর্ণ, 4 সন্ধ্যারাগ।

অর্ক, পুং, 1. সূর্য্য, 2. রবিবার, 3. আকন্দবৃক্ষ, 4. পণ্ডিত, 5 ইন্দ্র, 6 বিষ্ণু।

অর্থ, পুং, 1. ধন, 2. প্রয়োজন, 3. প্রার্থনা, 4. বিষয়, 5. উদ্দেশ্য, 6. ফল, 7. প্রকার।

অলি, পুং, 1. ভ্রমর, 2. কোকিল, 3. কাক, 4. বৃশ্চিক।

অব্যক্ত, পুং, 1. বিষ্ণু, 2. শিব, 3. কন্দর্প।

ক্লীং, 1. কারণ, 2. প্রকৃতি।

ত্রি, 1. অস্পষ্ট, 2. অজ্ঞাত।

আকার, পুং, 1. 'আ'বর্ণ, 2. আকৃতি, 3. দেহ, 4. ইঙ্গিত, 5. চিহ্ন।

আত্ম', পুং, 1. দেহ, 2. ধৈর্য্য, 3. জীবাত্মা, 4. স্বভাব 5. পরমাত্মা।

আর্য্য, ত্রি, 1. শ্রেষ্ঠ, 2. গুরু, 3. মাননীয়, 4. স্বামী।

আশিস্, স্ত্রীং, 1. আশীর্ব্বাদ, 2. অভিলাষ, 3. সর্পের বিষদন্ত।

ইতর, ত্রি, 1. নীচ, 2. অন্য, 3 সাধারণ।

ইন্দ্র, পুং, 1. দেবরাজ, 2. রাজা, 3. প্রধান, 4. সূর্য্য, 5. আত্মা।

ইব, ব্য, 1. সাদৃশ্য, 2. তুল্যতা, 3. সাম্য।

ঈশ্বর পুং, 1. পরমেশ্বর, 2. ব্রহ্ম 3. শিব, 4. প্রভু। ত্রি, 1. প্রভু, 2. শ্রেষ্ঠ।

উত, ব্য, 1. সংশয়, 2 বিতর্ক, 3. প্রশ্ন, 4. সমুচ্চয়, 5. পাদপূরণ।

উপচার, পুং 1. সেবা, 2. চিকিৎসা, 3. সজ্জা, 4. উৎকোচ, 5. মিথ্যা বাক্য।

ঋক্ষ, পুং, 1. ভল্লুক, 2. পর্ব্বত বিশেষ। পুং, ক্লীং, নক্ষত্র।

ঋষভ, পুং 1. বৃষ, 2. গীতিশাস্ত্রে—স্বরবিশেষ; 3. কোন শব্দের পরবর্ত্তী হইলে শ্রেষ্ঠবাচক হয়।

নিম্নলিখিত শব্দগুলি শব্দের পরবর্ত্তী হইলে শ্রেষ্ঠবাচক হইবে। যথা—

"স্যুরুত্তরপদে ব্যাঘ্রপুঙ্গবর্ষভকুঞ্জরাঃ।
সিংহশার্দ্দূলনাগাদ্যাঃ পুংসি শ্রেষ্ঠার্থগোচরাঃ॥"

—ব্যাঘ্র, পুঙ্গব, ঋষভ, কুঞ্জর, সিংহ, শার্দ্দূল, নাগ প্রভৃতি শব্দ।

ঋষি, পুং, 1. মুনি, 2. বেদ, 3. দীধিতি।

ওঘ, পুং, 1. সমূহ, 2. প্রবাহ, 3. পরম্পরা।

ওম্, ব্য, 1. প্রণব, 2. ব্রহ্ম, 3. মঙ্গল।

ওষধি, স্ত্রীং, 1. ফলপাকান্ত বৃক্ষশস্যাদি, 2. জ্যোতিলতা।

কটু, ত্রি, 1 ঝাল, 2. তিক্ত, 3. কষায়, 4. উগ্র, 5. কর্কশ 6. কুৎসিত।

কথম্, ব্য, 1. কেন (why), 2. প্রশ্ন, 3. কিপ্রকার, 4. হর্ষ, 5. নিন্দা, 6. সম্ভাবনা।

কন্যা, স্ত্রীং, 1. তনয়া, 2. দশবর্ষীয়া কুমারী, 3. কন্যারাশি, 4. গৌরী।

কমল, ক্লীং, 1. পদ্ম, 2. ঔষধ, 3. জল।

কমলা, স্ত্রীং, 1. লক্ষ্মী, 2. সম্পত্তি।

কর, পুং, 1. কিরণ, 2. হস্ত, 3 শুণ্ড, 4. রাজস্ব, 5. শুল্ক।

করুণ, ত্রি, 1. দীন, 2. শোকাভিভূত, 3. দয়ালু।

,, পুং 1. রসবিশেষ (করুণ রস)।

কর্ণ, পুং, 1. শ্রবণেন্দ্রিয়, 2. হাইল, 3. কুন্তীপুত্র, 4. সমকোণের সম্মুখীন বাহু।

কলঙ্ক, পুং 1. অযশঃ, 2. চিহ্ন।

কলা, স্ত্রীং, 1. চন্দ্রের ষোড়শাংশ, 2. ভাগ, 3. লেশ, 4. কালপরিমাণ বিশেষ, 5. ৬৪ বিদ্যা, 6. সামর্থ্য, 7. শৌর্য্যাদি গুণ।

কলাপ, পুং, 1. সমূহ, 2. ময়ূরপুচ্ছ, 3. ভূষণ, 4. তূণ, 5. চন্দ্র, 6. ব্যাকরণ বিশেষ।

কল্প, পুং, 1. বেদাঙ্গ, 2. গ্রন্থবিশেষ, 3. বিধি, 4. শাস্ত্র, 5. নিয়ম, 6. ন্যায়, 7. প্রলয়, 8. অভিপ্রায়, 9. কল্পবৃক্ষ।

কবি, পুং, 1. কাব্যকর্ত্তা, 2. পণ্ডিত, 3. শুক্রাচার্য্য, 4. বাল্মীকি, 5. ব্রহ্মা।

কাণ্ড, পুং, ক্লীং, 1. গাছের গুঁড়ি, 2. বাণ, 3. গুচ্ছ, 4. নল, 5. পরিচ্ছেদ, 6. প্রস্তাব, 7, অবসর, 8. ব্যাপার, 9. সমূহ।

কান্ত, পুং, 1. স্বামী, 2. বসন্ত, 3. চন্দ্র, 4. কৃষ্ণ।

,, ক্লীং লৌহ। ত্রি, রমণীয়।

কাম, পুং, 1. কামদেব, 2. ইচ্ছা। ক্লীং, রেতঃ। ব্য, পর্য্যাপ্ত।

কারণ, ক্লীং, 1. হেতু, 2. সাধন, 3. ইন্দ্রিয়, 4. দেহ।

কাল, পুং, 1. সময়, 2. অবসর, 3. যম; 4. মৃত্যু, 5. শিব, 6. শনি।

কালী, স্ত্রী, 1. দেবীবিশেষ, 2. মাতৃকাবিশেষ, 3. কৃষ্ণপক্ষের রাত্রি, 4. অযশঃ।

কিম্, ব্য, 1, প্রশ্ন, 2. নিষেধ, 3 বিতর্ক।

কুমার, পুং, 1. কার্ত্তিকেয়, 2. যুবরাজ, 3. পাঁচ বৎসরের শিশু, 4. শুকপক্ষী।

কুম্ভ, পুং, 1. ঘট, 2. কলস, 3. গজকুম্ভ, 4. কুম্ভরাশি।

কুল, ক্লীং, 1. বংশ, 2. গৃহ, 3. সমূহ।

কূট, ক্লীং, 1. পর্ব্বতশৃঙ্গ, 2. স্তূপ, 3, দম্ভ, 4, জাল, 5, ফাঁদ, 6. তুচ্ছ।

কোটি (টী), স্ত্রীং, 1. শত লক্ষ (১০০০০০০০), 2. অস্ত্রাদির ধার (The blade), 3. ধনুকাদির অগ্রভাগ।

কোমল, ত্রি, 1. নরম, 2. মনোহর। ক্লীং, জল।

কোষ, পুং, ক্লীং, 1. অভিধান, 2. ধনাগার, 3. খাপ, 4. গুটি, 5. ধন, 6. ডিম্ব, 7. মুষ্ক।

ক্রম, পুং, 1. অনুক্রম, 2. আক্রমণ, 3. অতিক্রম, 4. পাদক্ষেপ।

ক্রিয়া, স্ত্রীং, 1. কার্য্য, 2. অনুষ্ঠান, 3. সংস্কার, 4. আরম্ভ, 5. চেষ্টা, 6. শ্রাদ্ধ, 7. পূজা, 8. ধাতু।

ক্ষমা, স্ত্রীং, 1. মার্জ্জনা, 2. সহিষ্ণুতা, 3. বিরতি, 4. শান্তি, 5. পৃথিবী।

ক্ষেত্র, ক্লীং, 1. ক্ষেত, 2. শরীর, 3. মন, 4 ইন্দ্রিয়।

খলু, ব্য, 1. নিশ্চয়, 2. নিষেধ, 3. জিজ্ঞাসা, 4. বীপ্সা, 5. বাক্যালঙ্কার।

খেচর, পুং, 1. সূর্য্যাদিগ্রহ, 2. বিদ্যাধর। ত্রিং, 1. পক্ষী, 2. আকাশচর।

গণ্ড, পুং, 1. কপোল, 2. হস্তিকপোল, 3. গণ্ডার।

গতি, স্ত্রীং, 1. গমন, 2. উপায়, 3. যাত্রা, 4. সঞ্চয়, 5. প্রাপ্তি, 6. জীবনযাত্রা, 7. জ্ঞান, 8. পথ, 9. আশ্রয়, 10, প্রমাণ।

গন্ধ, পুং, 1. ঘ্রাণেন্দ্রিয়গ্রাহ্যপদার্থ, 2. চন্দন, 3. গন্ধক, 4. গর্ব্ব, 5. গন্ধদ্রব্য।

গর্ভ, পুং, 1. গর্ভাশয়গতপিণ্ড, 2. শিশু, 3. কুক্ষি, 4. অভ্যন্তর।

গাথা, স্ত্রীং, 1. শ্লোক, 2. গীত, 3. সংস্কৃতভাষা।

গুণ, পুং, 1. উৎকর্ষ, 2. বৃদ্ধি, 3. সত্ত্ব, রজঃ, তমঃ—এই তিন গুণ, 4. ব্যাকরণে—স্বরের গুণ, 5. ন্যায়ে—রূপরসাদি চতুর্ব্বিংশতি গুণ, 6. দণ্ডনীতিশাস্ত্রে—সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ, আশ্রয় এই ছয় গুণ।

গুরু, পুং, 1. অধ্যাপক, 2. মন্ত্রদাতা, 3. দ্রোণাচার্য্য, 4. বৃহস্পতি, 5. মাননীয় ব্যক্তি—(পিতা মাতা প্রভৃতি), 6. দীর্ঘস্বরবর্ণ, 7 পূজ্য, 8. উৎকৃষ্ট, 9. মহৎ, 10. কঠিন, 11. দুস্তর, 12. দুর্ভর।

গো, পুং, 1. বৃষ, 2. পশু, 3. চন্দ্র, 4. সূর্য্য, 5. কিরণ, 6. দৃষ্টি।

গৌরী, স্ত্রীং, 1. পার্ব্বতী, 2. অষ্টবর্ষীয়া কন্যা, 3. গোরোচনা, 4. হরিদ্রা, 5. রাগিণীবিশেষ।

গ্রাম, পুং, 1 বহুলোকের বসতি স্থান, 2. সমূহ, 3. ষড়্জ মধ্যম গান্ধার এই তিন স্বরসংঘাত।

ঘন, পুং, 1. মেঘ, 2. কাঠিন্য, 3, লৌহমুদ্গর। ত্রি, 1. নিবিড়, 2. Cube.

ঘৃণা, স্ত্রীং, 1. দয়া, 2. জুগুপ্সা।

চক্র, ক্লীং, 1. রথাদির চাকা, 2. যাঁতা, 3. ব্যূহবিশেষ, 4. দ্বাদশবিধ রাজ্য, 5. অস্ত্রবিশেষ, 6. সমূহ, 7. তন্ত্রে—দেহস্থ ষট্পদ্ম। পুং, চক্রবাক।

চণ্ড, পুং, দৈত্যবিশেষ। ক্লীং—ক্রোধ। ত্রিং 1. তীক্ষ্ণ, 2. প্রচণ্ড, 3. উষ্ণ।

চন্দ্র, পুং, 1. চাঁদ, 2. কর্পূর, 3. জল।

চরণ, পুং, ক্লীং, 1. পাদ, 2. শ্লোকের চতুর্থ ভাগ, 3. গোত্র। ক্লীং, ভ্রমণ।

চিত্র, ক্লীং, 1. আশ্চর্য্য, 2. আলেখ্য, 3. আকাশ, 4. রঙ দেওন।

চীর, ক্লীং, 1. বস্ত্রখণ্ড, 2. বল্কল।

চূড়া, স্ত্রীং, 1. সংস্কারবিশেষ, 2. শিখা, 3. অগ্রভাগ, 4. শৃঙ্গ, 5. শিরঃ, 6. শিরোভূষণ।

চৈতন্য, ক্লীং, 1. চেতনা, 2. জ্ঞান, 3. ব্রহ্ম। পুং, চৈতন্যদেব।

ছায়া, স্ত্রীং, 1. প্রতিবিম্ব, 2. অনাতপ, 3. কান্তি, 4. দীপ্তি, 5. দুর্গা।

জড়, ত্রি, 1. অচেতন, 2. স্পন্দরহিত, 3. অক্ষম, 4. তেজোহীন, 5. মূর্খ।

জনক, পুং, 1. পিতা, 2. মিথিলাধিপতি। ত্রি, উৎপাদক।

জাতি, স্ত্রীং, 1. ব্রাহ্মণাদি জাতি, 2. বংশ, 3. জন্ম, 4. প্রকার।

জাল, ক্লীং, 1. পাশ, 2. ইন্দ্রজাল, 3. সমূহ, 4. দম্ভ, 5. কপট।

জীবন, ক্লীং, 1. প্রাণ, 2. জীবিকা, 3. জল। পুং, বায়ু।

তনু, স্ত্রীং, 1. শরীর, 2. মূর্ত্তি। ত্রি, 1. অল্প, 2. সূক্ষ্ম, 3. কৃশ।

তপন, পুং, 1. সূর্য্য, 2. গ্রীষ্মকাল, 3. সূর্য্যকান্ত মণি, 4. নরক বিশেষ।

তমস্, ক্লীং, 1. গুণবিশেষ, 2. অন্ধকার, 3. শোক, 4. মোহ।

তল, পুং, ক্লীং, 1. অধোভাগ, 2. পাতাল, 3. পৃষ্ঠদেশ। পুং, করতল।

তীর্থ, পুং, ক্লীং, 1. পুণ্যভূমি, 2. ঘাট, 3. উৎপত্তিস্থান, 4. উপায়, 5. সৎপাত্র, 6. দর্শনশাস্ত্র, 7. উপাধ্যায়, 8. মন্ত্রী প্রভৃতি ১৮ প্রকার।

তেজস্, ক্লীং, 1. দীপ্তি, 2. প্রতাপ, 3. শক্তি, 4. পরাক্রম, 5. মজ্জা, 6. শুক্র।

দণ্ড, পুং, ক্লীং, 1. লগুড়, পুং, 1. দমন, 2. চারিহস্ত পরিমাণ বিং, 3. ৬০ পল (২৪ মিনিট)।

দম, পুং, 1. দমন, 2. দণ্ড, 3. ইন্দ্রিয় সংযম, 4. শান্তি।

দশা, স্ত্রীং, 1. অবস্থা, 2. দশকামদশা, 3. (বহু বচনান্ত) বস্ত্রের দশী।

দান, ক্লীং, 1. বিতরণ, 2. হস্তীর মদজল, 3. ছেদন।

দারু, পুং, ক্লীং, 1. কাষ্ঠ, 2. দেবদারু, 3. পিত্তল, 4. বিদারক, 5. শিল্পী।

দেব, পুং, 1. দেবতা, 2. ঈশ্বর, 3. রাজা, 4. প্রভু।

দেবন, ক্লীং, 1. ক্রীড়া, 2. স্তুতি, 3. দীপ্তি, 4. দুঃখ, 5. ক্রীড়াস্থান।

দ্বিজ, পুং, 1. ব্রাহ্মণ, 2. ক্ষত্রিয়, 3. বৈশ্য, 4. দন্ত, 5. অণ্ডজ (পক্ষী, সর্প, মৎস্য ইত্যাদি)।

ধর্ম্ম, পুং, ক্লীং, 1. পুণ্য, 2. সৎকার্য্য, 3. শাস্ত্রোক্ত কার্য্য, 4. গুণ, 5. স্বভাব।

ধারা, স্ত্রীং, 1. বৃষ্টি, 2. তরল দ্রব্যের পতন, 3. সমূহ, 4. অস্ত্রাদির তীক্ষ্ণ প্রান্ত (Blade)

ধ্রুব, পুং, 1. উত্তানপাদরাজার পুত্র, 2. বিষ্ণু, 3. শিব। ত্রি, নিশ্চিত।

নকুল, পুং, 1. বেজী, 2. শিব, 3. চতুর্থ পাণ্ডব। ত্রি, কুলহীন।

নিধি, পুং, 1. ধন, 2. রত্ন, 3. আধার, 4. সমুদ্র, 5. পদ্ম, মহাপদ্ম, শঙ্খ, মকর, কচ্ছপ, মুকুন্দ, কুন্দ, নীল, খর্ব্ব এই নয়টী কুবেরের সম্পত্তি।

পক্ষ, পুং, 1. ডানা, 2. ১৫ দিবস, 3. পার্শ্ব, 4, সহায়, 5. যুগ্ম।

পক্ষিন্, পুং, 1. পাখী, 2. বাণ।

পটল, ক্লীং, 1. ছাদ, 2. তিলক, 3. পরিচ্ছদ, 4. পরিবার, 5. সমূহ। পুং, বৃক্ষবিশেষ।

পণ, পুং, 1. প্রতিজ্ঞা, 2. বাজি রাখা, 3. ক্রীড়া, 4. ধন, 5. বিক্রেয় বস্তু, 6. বেতন, 7. মূল্য।

পতগ, পতঙ্গ, পতঙ্গম } পুং, 1. পক্ষী, 2. সূর্য্য, 3. শর।

পত্র, ক্লীং, 1. পাতা, 2. পালখ, 3, বাণের পাখা, 4. পুস্তকাদির পৃষ্ঠা, 5. স্বর্ণ রৌপ্যাদির পাত, 6. চিঠি, 7, বাহন।

পথ, পুং, 1. রাস্তা, 2. উপায়।

পদ, ক্লীং, 1. চরণ, 2. চিহ্ন, 3. বাক্য, 4. চতুর্থাংশ, 5. স্থান।

পর, ত্রি, 1. অন্য, 2. ভিন্ন, 3. শ্রেষ্ঠ, 4. অধিক, 5. অনন্তর, 6. দূর, 7. আসক্ত। পুং, শত্রু।

পশ্চিম, ত্রি, 1. চরম, 2. শেষ, 3. অনন্তর। ক্লীং, 1. পৃষ্ঠদেশ, 2. পশ্চিমদিক্।

পাত্র, ক্লীং, 1 ভাজন, 2. যোগ্যব্যক্তি, 3. বিষয়, 4. যজ্ঞপাত্র, 5. দেহ।

পাশ, পুং, 1. ফাঁদ, 2. জাল, 3. রজ্জু, 4. কেশবাচক শব্দের পরবর্ত্তী হইলে—গুচ্ছ।

পিণ্ড, পুং, 1. গ্রাস, 2. পিতৃ লোকের ভক্ষ্য বস্তু, 3. গোলাকৃতি বস্তু, 4. গজকুম্ভ, 5. পুঞ্জ।

পুণ্ডরীক, ক্লীং, 1. শ্বেত পদ্ম, 2. শ্বেত ছত্র, 3. ঔষধ বিং।

পোত, পুং, 1. নৌকা, 2. জলযান, 3. দশমবর্ষীয় হস্তী, 4. শিশু।

প্রকাশ, পুং, 1. বিকাশ, 2. দীপ্তি, 3. আলোক, 4. প্রকটন, 5. জ্ঞান।

প্রকৃতি, স্ত্রী, 1. স্বভাব 2. হেতু, 3. কারণ, 4. শক্তি।

প্রজা, স্ত্রী, 1. সন্ততি, 2. অধীনস্থ জন (Subjects)।

প্রজাপতি, পুং 1. ব্রহ্মা, 2. বিশ্বকর্ম্মা, 3 রাজা।

প্রণয়, পুং, 1. প্রেম, 2. প্রীতি, 3 প্রার্থনা, 4. বিশ্বাস, 5. পরিচয়।

প্রতিষ্ঠা, স্ত্রী, 1. সুখ্যাতি, 2, সংস্কার, 3. উদ্‌যাপন, 4. স্থিতি, 5. স্থান, 6. আশ্রয়।

প্রধান, (অজহল্লিঙ্গ), 1. রাজার পাত্র মিত্র, 2. প্রকৃতি (মূল কারণ), 3, পরমাত্মা, 4. প্রজ্ঞা (জ্ঞান), 5. এক, 6. উত্তম (শ্রেষ্ঠ)।

"প্রধানং স্যাৎ মহাপাত্রে প্রকৃতৌ পরমাত্মনি।
প্রজ্ঞায়ামপি চ ক্লীবমেকত্বেপ্যুত্তমেসদা" ॥—ইতি মেদিনী।

প্রভব, পুং 1. উৎপত্তিস্থান, 2. হেতু, 3. কারণ, 4. জন্ম, 5. উৎপত্তি।

প্রমাণ, (অজহল্লিঙ্গ) 1. নিশ্চয়জ্ঞাপক হেতু, 2. প্রত্যক্ষ, 3. অনুমান, 4. শাস্ত্র, 5. সাক্ষী, 6. বিশ্বাস।

প্রসাদ, পুং 1. অনুগ্রহ, 2. প্রসন্নতা, 3. নির্ম্মলতা, 4. দেবতা কিম্বা গুরুলোকের ভুক্তাবশিষ্ট।

প্রাচীন, ত্রি, 1. পূর্ব্বকালীন, 2. পুরাতন, 3. বৃদ্ধ, 4. পূর্ব্বদেশীয়।

ফল, ক্লী, 1. বৃক্ষলতাদির ফল, 2. উৎপন্ন বস্তু, 3. লাভ, 4. প্রয়োজন, 5. কার্য্যসিদ্ধি, 6. ধন, 7. সুখ, 8. দুঃখ।

বল, ক্লী, 1. সামর্থ্য, 2. মৌল, ভৃত্য, সুহৃৎ, শ্রেণী, দ্বিষৎ ও বন্য এই ষড়্‌বিধ সৈন্য, 3. সার। পুং 1. বলরাম, 2. দৈত্য বিং।

ভব, পুং, 1. অভিপ্রায় 2 স্বভাব, 3. অনুরাগ, 4. সম্ভাবনা 5. চেষ্টা 6. ভাবভঙ্গী, 7. ইত্যাদি।

ভিন্ন, ত্রি, 1. পৃথক্‌, 2. ছিন্ন, 3. খণ্ডিত, 4. বিদীর্ণ, 5. বিকসিত, 6. স্খলিত, 7. ত্যক্ত।

ভূতি, স্ত্রী, 1. সম্পত্তি, 2. ভস্ম, 3. মহিমা, 4. সিদ্ধি, 5. উৎপত্তি, 6. মঙ্গল, 7. অভ্যুদয়।

মৎস্য, পুং, 1. মাছ, 2. বিষ্ণুর অবতারবিশেষ, 3. দেশ বিং।

মদ, পুং, 1. মত্ততা, 2. মদরাগ, 3. উন্মাদ, 4. আনন্দ, 5. গর্ব্ব, 6. মদ্য, 7. মদবারি।

মা, ব্য, 1. নিষেধ, 2. বিকল্পে, 3. নিন্দা, 4. মাতা, 5. লক্ষ্মী, 6. কান্তি।

মান, পুং, 1. অভিমান, 2. অহঙ্কার, 3. সম্মান। ক্লী, পরিমাণ।

মায়া, স্ত্রীং, 1. মমতা, 2. স্নেহ, 3. কপটতা, 4. ইন্দ্রজাল, 5. ছদ্মবেশ।

মালা, স্ত্রীং, 1. মাল্য, 2. শ্রেণী।

মুখ, ক্লীং, 1. আনন, 2. দ্বার, 3. আরম্ভ, 4. উপায়, 5. শব্দ।

মূল, ক্লীং, 1. শিকড় (root) 2. মূলা আলু প্রভৃতি, 3. আদিকারণ, 4. পুঁজিধন।

মৃগ, পুং, 1. হরিণ, 2. পশু, 3. গজবিশেষ, 4. অগ্রহায়ণ মাস।

যতি, পুং, 1. মুনি, 2. ভিক্ষু।

যথা, ব্য, 1. যেমন, 2. যে পরিমাণ, 3. সাদৃশ্য, 4. যোগ্যতা, 5. অনতিক্রম।

যুগ, ক্লীং, 1. সত্য ত্রেতা দ্বাপর কলি এই চারি কাল, 2. যুগল, 3. চতুর্হস্ত পরিমাণ।

যোগ, পুং, 1. মিলন, 2. সম্বন্ধ, 3. সম্ভাব, 4. ধ্যান, 5. উপায়।

রাগ, পুং, 1. অনুরাগ, 2. আসক্তি, 3. রক্তবর্ণ, 4. রঞ্জক দ্রব্য, 5. ভৈরব, মালব, সারঙ্গ, হিন্দোল, দীপক, মেঘ এই ছয় স্বর।

রাম, পুং, 1. পরশুরাম, 2. শ্রীরাম, 3. বলরাম।

রোহিণী, স্ত্রীং, 1. চতুর্থ নক্ষত্র, 2, দক্ষকন্যা বিশেষ, 3. বলরামের মাতা, 4. বিদ্যুৎ, 5. নববর্ষীয়া কন্যা।

রৌদ্র, ক্লীং, 1. সূর্য্যরশ্মি, 2. ক্রোধ।

পুং, 1. যম, 2. কাব্যের রসবিশেষ।

ত্রি, 1. প্রচণ্ড, 2. ভীষণ, 3. রুদ্রসম্বন্ধীয়।

লক্ষণ, ক্লীং, 1. চিহ্ন, 2. নাম, 3. স্বরূপ, 4. পরিচয়সূত্র, 5. ব্যাকরণে—সূত্র।

লঘু, ত্রি, 1. হাল্কা (light) 2. হ্রস্ব, 3. অল্প, 4. অসার, 5. শীঘ্র।

বর, পুং, 1. প্রার্থনা, 2. ইচ্ছা, 3. জামাতা, 4. পতি। ত্রি, শ্রেষ্ঠ।

বর্গ, পুং, 1. সমূহ, 2. পরিচ্ছেদ, 3. Square।

বর্ণ, পুং, 1. রঙ্, 2. অঙ্গরাগ, 3. জাতি, 4. যশঃ, ক্লীং, অক্ষর।

বিধি, পুং, 1. ঈশ্বর, 2. ব্রহ্মা, 3. বিষ্ণু, 4. নিয়ম, 5. বিধান, 6. অনুষ্ঠান, 7. শাস্ত্র, 8. ভাগ্য, 9. উপায়।

বিষম, ত্রি, 1. অসমান, 2. অযুগ্ম, 3. দুঃসহ, 4. দুর্গম, 5. দারুণ, 6. বিষতুল্য।

বিষয়, পুং, 1. রূপ রস গন্ধ স্পর্শ শব্দ প্রভৃতি ভোগ্য বস্তু, 2. সম্পত্তি, 3. স্থান, 4. বর্ণনীয় পদার্থ।

বৃত্তি, স্ত্রীং, 1. স্থিতি, 2. জীবিকা, 3. ব্যাপার, 4. ভোজন, 5. জীবন, 6. ব্যবসায়, 7. স্বভাব, 8. মনোবৃত্তি।

ব্যসন, ক্লীং, 1. বিপদ্, 2. ভ্রংশ, নাশ, 3. পাপ, 4. দুঃখ, 5. কামজ ও কোপজ দোষ, 6. মৃগয়াদিতে আসক্তি।

শিক্ষা, স্ত্রীং, 1. অধ্যয়ন, 2. উপদেশ, 3. শাসন, 4. বেদাঙ্গ গ্রন্থবিশেষ।

শিব, পুং, 1. মহাদেব, 2. যোগ, 3. বেদ, 4. মোক্ষ। ক্লী, 1. মঙ্গল, 2. শুভ, 3. জল। ত্রি, রমণীয়।

শূন্য, ত্রি, 1. নির্জন, 2. রহিত, 3. রিক্ত, 4. তুচ্ছ। ক্লীং, 1. নির্জন স্থান, 2. আকাশ।

শৃঙ্গ, ক্লীং, 1. শিং (horn) 2. পর্ব্বতের শিখর, 3. ধনুকাদির অগ্রভাগ, 4. বাদ্যযন্ত্র বিং।

শেষ, পুং, 1. অনন্তদেব, 2. সর্পরাজ, 3. অবশেষ, 4. অন্ত, 5. নাশ।

শ্রী, স্ত্রীং, 1. লক্ষ্মী, 2. শোভা, 3. সম্পত্তি, 4. সরস্বতী, 5. বৃদ্ধি, 6. বুদ্ধি।

শ্লোক, পুং, 1. কবিতা, 2. যশঃ।

সংজ্ঞা, স্ত্রীং, 1. নাম, 2. জ্ঞান, 3. বুদ্ধি, 4. সঙ্কেত।

সৎ, ত্রি, 1. সাধু, 2. বিদ্বান্, 3. উত্তম, 4. সত্য, 5. বিদ্যমান। ক্লীং, ব্রহ্ম।

সত্ত্ব, ক্লীং, 1. বিদ্যমানতা, 2. প্রকৃতি, 3. আত্মা, 4. মন, 5. বল, 6. পরাক্রম, 7. প্রাণ।

সনাতন, পুং, 1. ব্রহ্মা, 2. বিষ্ণু, 3. মহেশ্বর। ত্রি, চিরকাল স্থায়ী।

সভাজন, পুং, 1. সভাসদ্, 2. সভ্য। ক্লীং, 1. সম্ভাষণ, 2. পূজা।

সম, ত্রি, 1. যুগ্ম, 2. সমান, 3. সকল।

সময়, পুং, 1. কাল, 2. অবসর, 3. নিয়ম, 4. প্রতিজ্ঞা, 5. সঙ্কেত।

সর্গ, পুং, 1. স্বভাব, 2. সৃষ্টি, 3. নিয়ম, 4. নিশ্চয়, 5. ত্যাগ, 6. যত্ন, 7. গ্রন্থের পরিচ্ছেদ।

সহ, ব্য, 1. সাকল্য, 2. সাদৃশ্য, 3. বিদ্যমানতা, 4. সম্বন্ধ।

সার, পুং, I. বল, 2. শ্রেষ্ঠাংশ 3. উৎকর্ষ। ক্লীং, ধন।

সারঙ্গ, পুং, 1. চাতক পক্ষী, 2. হরিণ, 3. হস্তী, 4. সিংহ, 5. ভ্রমর, 6. ময়ূর, 7. কন্দর্প, 8. চন্দন।

সিদ্ধি, স্ত্রীং, 1. নিষ্পত্তি, 2. ফলোৎপত্তি, 3. শুভ, 4. ধন, 5, যোগবিশেষ।

সুধা, স্ত্রীং, 1. অমৃত, 2. জল, 3. পুষ্পরস।

সুরভি, পুং, 1. সুগন্ধি বস্তু, 2. বসন্তকাল, 3. চৈত্র মাস, 4. কদম্ববৃক্ষ। ত্রি, 1. সুগন্ধবিশিষ্ট, 2. মনোহর, 3. পণ্ডিত।

সোম, পুং, 1. সোমলতার রস, 2. চন্দ্র, 3. যম, 4. বায়ু, 5. কুবের, 6. অমৃত, 7. জল।

স্কন্ধ, পুং, 1. কাঁধ, 2. গাছের গুঁড়ি, 3. দেহ, 4. পথ, 5. যুদ্ধ।

স্থান, ক্লীং, 1. স্থল, 2. আধার, 3. পাত্র, 4. পদ, 5. বাটী, 6. সন্নিবেশ, 7. স্থিতি।

স্নিগ্ধ, ত্রি, 1. স্নেহযুক্ত, 2. স্নেহের পাত্র, 3. মধুর, 4. কোমল, 5. মসৃণ, 6. সুন্দর।

হংস, পুং, 1. হাঁস, 2. পরব্রহ্ম, 3. যতি, 4. বিষ্ণু, 5. সূর্য্য, 6. শব্দের পরবর্ত্তী হইলে—শ্রেষ্ঠ।

হরি, পুং, 1. ব্রহ্মা, 2. বিষ্ণু, 3. মহেশ্বর, 4. সূর্য্য, 5. ইন্দ্র, 6. চন্দ্র, 7. বায়ু, 8. যম, 9. অগ্নি, 10. কিরণ, 11. পশু, 12. সিংহ, 13. অশ্ব।

হরিৎ, পুং, 1. সবুজবর্ণ, 2. বেগগামী ঘোটক, 3. সূর্য্য, 4. বিষ্ণু, 5. সিংহ। স্ত্রীং—দিক্। ত্রি, হরিদ্বর্ণবিশিষ্ট।

SYNONYMS.

অগ্নি, পুং, 1. বহ্নিঃ, 2. বৈশ্বানরঃ, 3. বীতিহোত্রঃ, 4. তনূনপাৎ, 5. কৃষ্ণবর্ত্মা, 6. কৃশানুঃ, 7. পাবকঃ, 8. অনলঃ, 9. বায়ুসখা, 10. হব্যভুক্, 11. হব্যবাহনঃ, 12. সপ্তার্চ্চিঃ, 13. বিভাবসুঃ।

অর্জ্জুন, পুং, "অর্জ্জুনঃ ফাল্গুনো জিষ্ণুঃ কিরীটী শ্বেতবাহনঃ।
বীভৎসু র্বিজয়ঃ কৃষ্ণঃ সব্যসাচী ধনঞ্জয়ঃ॥"

1. অর্জ্জুনঃ, 2. ফাল্গুনঃ, 3. জিষ্ণুঃ, 4. কিরীটী, 5. শ্বেতবাহনঃ, 6. বীভৎসুঃ, 7. বিজয়ঃ, 8. কৃষ্ণঃ, 9. সব্যসাচী, ধনঞ্জয়ঃ।

অলি, পুং, 1. ভ্রমরঃ, 2. মধুব্রতঃ, 3. মধুকরঃ, 4. মধুপঃ, 5. মধুলিট্, 6. দ্বিরেফঃ, 7. ভৃঙ্গঃ, 8. ষট্পদঃ।

অশ্ব, পুং 1. ঘোটকঃ, 2. তুরগঃ, 3. তুরঙ্গঃ, 4. তুরঙ্গমঃ, 5. বাজী, 6. হয়ঃ, 7. সৈন্ধবঃ।

আকাশ, ক্লীং, পুং, 1. দ্যৌঃ, 2. অভ্রং, 3. ব্যোম, 4. অম্বরং, 5. নভঃ, 6. অন্তরীক্ষং, 7. গগনং, 8. অনন্তং, 9. খং, 10. বিয়ৎ, 11. বিহায়ঃ।

ইন্দ্র, পুং, 1. মঘবা, 2. পাকশাসনঃ, 3. বৃদ্ধশ্রবাঃ, 4. পুরুহূতঃ, 5. পুরন্দরঃ, 6. শক্রঃ, 7. বজ্রী, 8. দিবস্পতিঃ, 9. গোত্রভিৎ, 10. বাসবঃ, 11. বৃত্রহাঃ, 12. সুরপতিঃ, 13. শচীপতিঃ, 14. তুরাষাট্, 15. সহস্রাক্ষঃ, 16. শতক্রতুঃ।

কন্যা, স্ত্রীং, 1. দুহিতা, 2. সুতা, 3. তনয়া, 4. আত্মজা।

কর্ণ, পুং 1. শ্রোত্রং, 2. শ্রবণং, 3. শ্রুতিঃ, 4. শ্রবণেন্দ্রিয়ম্।

কাম, পুং, 1. মদনঃ, 2. মন্মথঃ, 2. মারঃ, 3. কন্দর্পঃ, 5. অনঙ্গঃ, 6. স্মরঃ, 7. মনসিজঃ, 8. পুষ্পধন্বা, 9. রতিপতিঃ।

কুক্কুর, পুং, 1. সারমেয়ঃ, 2. শ্বা, 3. গ্রাম্যমৃগঃ।

কৃষ্ণ, পুং, 1. গোপালঃ, 2. গোবিন্দঃ, 3. মুকুন্দঃ, 4. হরিঃ, 5. মুরারিঃ, 6. বনমালিঃ, 7. মধুসূদনঃ, 8. ভগবান্।

ক্রোধ, পুং, 1. কোপঃ, 2. অমর্ষঃ, 3, রোষঃ, 4. রুট্।

গণেশ, পুং, 1. বিনায়কঃ, 2. হেরম্বঃ, 3. লম্বোদরঃ, 4. গজাননঃ, 5. একদন্তঃ, 6. দ্বৈমাতুরঃ।

গৃহ, ক্লীং, 1. গেহং, 2. বেশ্ম, 3. সদ্ম, 4. নিকেতনং, 5. সদনং, 6. ভবনং, 7. মন্দিরং, 8. গৃহাঃ, 9. আলয়ঃ, 10. বাসঃ, 11. শালা, 12. আগারঃ।

গোপ, পুং, 1. গোপালঃ, 2. আভীরঃ, 3. বল্লবঃ।

ঘৃত, ক্লীং 1. আজ্যং, 2. হবিঃ, 3. সর্পিঃ, 4. হোম্যং।

চক্ষুস্, ক্লীং, 1. লোচনং, 2. নয়নং, 3. দৃষ্টিঃ, 4. নেত্রং, 5. অক্ষি, 6. অম্বকং।

চন্দ্র, পুং, 1. হিমাংশুঃ, 2. চন্দ্রমাঃ, 3. ইন্দুঃ, 4. বিধুঃ, 5. সুধাংশুঃ, 6. নিশাপতিঃ, 7. সোমঃ, 8. গ্লৌঃ, 9. মৃগাঙ্কঃ, 10. কলানিধিঃ, 11. শশধরঃ, 12. দ্বিজরাজঃ, 13. ক্ষপাকরঃ, 14. শীতরশ্মিঃ, 15. সুধাকরঃ, 16. মৃগলাঞ্ছনঃ, 17 কলাভৃৎ, 18. শশভৃৎ, 19. হরিণাঙ্কঃ, 20. নিশাকরঃ।

জল, ক্লীং, 1 আপঃ, 2. বারি, 3. সলিলং, 4. কমলং, 5. পয়ঃ, 6. জীবনং, 7. উদকং, 8. অম্ভঃ, 9. অর্ণঃ, 10. তোয়ং, 11. নীরং, 12. অম্বু।

জীবন, ক্লীং 1. প্রাণাঃ, 2. অসবঃ।

তরঙ্গ, পুং, 1. ঊর্ম্মিঃ, 2. বীচি, 3. লহরী।

দন্ত, পুং 1. দশনঃ, 2. রদনঃ, 3. রদঃ, 4. দ্রংষ্ট্রা, 5. দ্বিজঃ, 6. আশিস্।

দিন, ক্লীং, 1. অহঃ, 2. দিবসঃ, 3. বাসবঃ, 4. দিবা (ব্য)

দুর্গা, স্ত্রী, 1. উমা, 2. কাত্যায়নী, 3. গৌরী, 4. কালী, 5. হৈমবতী, 6. ভবানী, 7. রুদ্রাণী, 8. পার্ব্বতী, 9. চণ্ডিকা, 10. অম্বিকা, 11. সর্ব্বমঙ্গলা, 12. চণ্ডী, 13. মহামায়া, 14. দিগম্বরী, 15. ত্রিনেত্রী, 16. দশভুজা, 17. গিরিজা, 18. কমলা।

দেব, পুং, 1. অমরঃ, 2. দেবতা, 3. ত্রিদশঃ, 4. সুরঃ, 5. বিবুধঃ, 6. দিবৌকাঃ, 7. ক্রতুভুক্, 8. দানবারিঃ, 9. দৈবতং, 10. স্বর্গী।

ধন, ক্লীং, 1 বিত্তং, 2. বসু, 3. দ্রাবণং, 4. অর্থঃ, 5. বিভবঃ, 6. সম্পত্তিঃ, 7. সম্পৎ, 8. লক্ষ্মীঃ।

নারী, স্ত্রীং, 1. যোষিৎ, 2. অবলা, 3. সীমন্তিনী, 4. বামা, 5. মহিলা, 6. রমণী, 7. কামিনী।

পণ্ডিত, পুং, 1. বিদ্বান্, 2. বিপশ্চিৎ, 3. কোবিদঃ, 4. সুধীঃ, 5. বুধঃ, 6. মনীষী, 7. প্রাজ্ঞঃ, 8. কবিঃ, 9. সুরিঃ, 10. কৃতী।

পথিন্, পুং, বর্ত্ম, 2. মার্গঃ, 3. অধ্বা, 4. সরণিঃ।

পদ্ম, পুং, ক্লীং, 1. নলিনং, 2. অরবিন্দং, 3. কমলং, 4. উৎপলং, 5. শতপত্রং, 6, সরসীরুহং, 7. রাজীবং, 8. পঙ্কজং, 9.অম্বুজং, 10.অব্জং, 11. সরসিজং।

পর্ব্বত,পুং, 1. অদ্রিঃ, 2.মহীধ্রঃ, 3. গিরিঃ, 4. অচলঃ, 5. শৈলঃ, 6. সানুমান্, 7. ভূধরঃ, 8. অগঃ, 9. নগঃ, 10. ভূভৃৎ।

পুত্র, পুং, 1. তনয়ঃ, 2. সূনুঃ, 3. সুতঃ, 4. আত্মজঃ, 5. অপত্যং, 6. দায়াদঃ, 7. সন্ততিঃ, 8. নন্দনঃ।

পুষ্প, ক্লী, 1. প্রসূনং, 2. কুসুমং, 3. সুমনসঃ (সুমনস্ শব্দ—বহুবচনান্ত)।

পৃথিবী, স্ত্রী, 1. ভূঃ, 2. বিশ্বম্ভরা, 3. বসুন্ধরা, 4. ধরা, 5. ধরণী, 6. ক্ষৌণী, 7. ক্ষিতিঃ, 8. বসুমতী, 9. বসুধা, 10. উর্ব্বী, 11. পৃথ্বী, 12. ক্ষ্মা, 13. অবনিঃ, 14. মেদিনী, 15 মহী।

বালক, পুং, 1. শিশুঃ, 2. বালঃ, 3. মাণবঃ, 4. কিশোরঃ, 5. বটুঃ, 6. অর্ভকঃ, 7. পোতঃ।

ব্রাহ্মণ, পুং, 1. দ্বিজাতিঃ, 2. দ্বিজঃ, 3. অগ্রজন্মা, 4. ভূদেবঃ, 5. বিপ্রঃ, 6. দ্বিজন্মা।

মনুষ্য, পুং, 1. মানুষঃ, 2.মর্ত্ত্যঃ, 3.মনুজঃ, 4. মানবঃ, 5.নরঃ, 6. না, 7. বিট্।

মহাদেব, পুং, 1. ঈশঃ, 2.শিবঃ, 3.শম্ভুঃ, 4. শূলী, 5. পশুপতিঃ, 6. মহেশ্বরঃ, 7. সর্ব্বঃ, 8. ঈশানঃ, 9.শঙ্করঃ, 10. চন্দ্রশেখরঃ, 11.ভূতেশঃ, 12. গিরিশঃ, 13. মৃত্যুঞ্জয়ঃ, 14. পিনাকী, 15. শ্রীকণ্ঠঃ, 16. নীলকণ্ঠঃ, 17. হরঃ, 18. বিরূপাক্ষঃ, 19. ত্রিলোচনঃ, 20. ধূর্জটিঃ, 21. ত্র্যম্বকঃ, 22. গঙ্গাধরঃ, 23. উমাপতিঃ, 24. দিগম্বরঃ, 25. পঞ্চাননঃ।

মুখ, ক্লীং, 1. বক্ত্রং, 2. আস্যং, 3. বদনং, 4. তুণ্ডং, 5. আননং।

মেঘ, পুং, 1. অভ্রং, 2. বলাহকঃ, 3. জলধরঃ, 4.বারিদঃ, 5. ঘনঃ, 6. জীমূতঃ, 7. জলমুক্, 8. পয়োধরঃ, 2. নীরদঃ, 10 অম্বুদঃ, 11. জলদঃ।

যম, পুং, 1. কৃতান্তঃ, 2. শমনঃ, 3. রবিসুতঃ, 4. ধর্ম্মরাজঃ, 5. পিতৃপতিঃ, 6.দণ্ডধরঃ, 7. কালঃ, 8. বৈবস্বতঃ, 9. অন্তকঃ।

রাজন্, পুং, 1. পার্থিবঃ, 2. ক্ষ্মাভৃৎ, 3.নৃপঃ, 4. ভূপঃ, 5. নরপতিঃ,6. নৃপতিঃ, 7. ভূপালঃ, 8. নরেন্দ্রঃ।

লক্ষ্মী, স্ত্রী, 1. কমলা, 2. শ্রীঃ, 3. হরিপ্রিয়া, 4. মা, 5. রমা ।

লতা, স্ত্রী, 1. বল্লী, 2. ব্রততিঃ, 3. বীরুৎ ।

বজ্র, পুং, ক্লী, 1. কুলিশং, 2. অশনিঃ, 3. অক্ষজং ।

বন, ক্লী, 1. অরণ্যং, 2. কাননং, 3. বিপিনং ।

বায়ু, পুং, 1. অনিলঃ, 2. সদাগতিঃ, 3. সমীরঃ, 4. সমীরণঃ, 5. আশুগঃ, 6. মরুৎ, 7. মারুতঃ, 8. নভস্বান্‌, 6. বাতঃ, 10. পবনঃ, 11. প্রভঞ্জনঃ ।

বৈদ্য, পুং, 1. ভিষক্‌, 2. চিকিৎসকঃ ।

ব্যাঘ্র, পুং, 1. শার্দ্দূলঃ, 2. দ্বীপী ।

ব্যাধ, পুং, 1. মৃগয়ুঃ, 2. লুব্ধকঃ ।

শরীর, ক্লীং, 1. কলেবরং, 2. গাত্রং, 3. বপুঃ, 4. বিগ্রহঃ, 5. কায়ঃ, 6. দেহঃ, 7. মূর্ত্তিঃ, 8. তনুঃ, 9. তনূঃ, 10. অঙ্গং ।

শীঘ্র, ক্লীঃ, 1. স্রাক্‌, 2. ঝটিতি, 3. অঞ্জসা, 4 অহ্নায়, 5. দ্রাক্‌, 6. মংক্ষু, 7. সপদি—(ইহারা সকলেই অব্যয়শব্দ)

শৃগাল, পুং, 1. শিবা, 2. গোমায়ুঃ, 3. ফেরুঃ, 4. জম্বুকঃ ।

সমুদ্র, পুং, 1. অব্ধিঃ, 2. উদন্বান্‌, 3. সরিৎপতিঃ, 4. উদধিঃ, 5. সিন্ধুঃ, 6. সাগরঃ, 7. অর্ণবঃ, 8. রত্নাকরঃ, 9. জলনিধিঃ, 10. অপাংপতিঃ, 11. জলধিঃ, 12. অম্বুধিঃ, 13. বারিধিঃ, 14. তোয়নিধিঃ ।

সারথি, পুং, 1. নিয়ন্তা, 2. যন্তা, 3. সূতঃ, 4. সব্যেষ্ঠা ।

সিংহ, পুং, 1. মৃগেন্দ্রঃ, 2. পঞ্চাস্যঃ, 3. হর্য্যক্ষঃ, 4. কেশরী, 5. হরিঃ, 6. মৃগরাজঃ, 7. পশুরাজঃ ।

সূর্য্য, পুং, 1. দিবাকরঃ, 2. আদিত্যঃ, 3. অর্কঃ, 4. ভাস্করঃ, 5. প্রভাকরঃ, 6. বিবস্বান্‌, 7. সপ্তাশ্বঃ, 8. হরিদশ্বঃ, 9. উষ্ণরশ্মিঃ, 10. মার্ত্তণ্ডঃ, 11. অরুণঃ, 12. দ্যুমণিঃ, 13. মিত্রঃ, 14. চিত্রভানুঃ, 15. বিভাবসুঃ, 16. গ্রহপতিঃ, 17. ত্বিষাম্পতিঃ, 18. ভানুঃ, 19. অহঃপতিঃ, 20. সহস্রাংশুঃ, 21. তপনঃ, 22. সবিতা, 23. রবিঃ, 24. হরিঃ, 25. দিনমনিঃ, 26. গভস্তিমান্‌, 27. অংশুমালী, 28. পদ্মবন্ধুঃ, 29. চিত্ররথঃ, 30. পতঙ্গঃ ।

স্বর্গ, পুং, 1. স্বঃ, 2. নাকঃ, 3. ত্রিদিবঃ, 4. দ্যোঃ, 5. সুরলোকঃ, 6. দ্যৌ, 7. ত্রিপিষ্টপং, 8. দেবলোকঃ, 9. ত্রিদশালয়ঃ ।

স্বর্ণ, ক্লীং, 1. সুবর্ণং, 2. হাটকং, 3. হেম, 4. কনকং, 5. হিরণ্যং, 6. চামীকরং, 7 জাম্বুনদং।

হরিণ, পুং, 1. মৃগঃ, 2. কুরঙ্গঃ, 3. কুরঙ্গমঃ, 4. সারঙ্গঃ।

হস্ত, পুং, 1. করঃ, 2. ভুজঃ, 3. পাণিঃ, 4. শয়ঃ।

হস্তিন্, পুং, 1. দন্তী, 2. দ্বিরদঃ, 3. অনেকপঃ, 4. দ্বিপঃ, 5. মতঙ্গঃ, 6. মতঙ্গজঃ, 7. গজঃ, 8. নাগঃ, 9. কুঞ্জরঃ, 10. বারণঃ, 11. করী, 12. ইভঃ, 13. মাতঙ্গঃ, 14. করেণুঃ।

CHAPTER VI.

পরস্মৈপদবিধান।

(১) অনু ও পরা পূর্ব্বক কৃ ধাতুর পরস্মৈপদ হয়। যথা—অনুকরোতি, পরাকরোতি।

(২) বি, আ, ও পরি পূর্ব্বক রম ধাতুর পরস্মৈপদ হয়। যথা—বিরমতি, আরমতি, পরিরমতি।

(৩) উপ পূর্ব্বক রম ধাতুর বিকল্পে পরস্মৈপদ হয়। যথা—উপরমতি, উপরমতে।

(৪) পালনার্থে ভুজ ধাতু পরস্মৈপদী হয়। যথা—ভুনক্তি, (পালয়তি ইত্যর্থঃ)।

(৫) প্র পূর্ব্বক বহ ধাতুর পরস্মৈপদ হয়। যথা— প্রবহতি।

(৬) লুট্, লৃট্ ও লৃঙ্ বিভক্তিতে এবং সন্ প্রত্যয় পরে কৃপ ধাতুর বিকল্পে পরস্মৈপদ হয়। যথা—কল্প্তা, কল্প্তা; কল্প্স্যতি, কল্প্স্যতে; অকল্প্স্যৎ, অকল্প্স্যত; চিকৢপ্স্যতি, চিকৢপ্সতে।

(৭) লিট্, লুট্, লৃট্ ও লৃঙ্ বিভক্তিতে মৃ ধাতু পরস্মৈপদী হয়। যথা—লিট্=মমার, লুট্=মর্ত্তা, লৃট্=মরিষ্যতি, লৃঙ্=অমরিষ্যৎ।

(৮) অণিজন্তকালে প্রাণী কর্ত্তা থাকিলে, অকর্ম্মক ণিজন্ত ধাতু পরস্মৈপদী হয়। যথা—শিশুঃ শেতে—মাতা শিশুং শায়য়তি, পুত্রঃ নিদ্রাতি—মাতা পুত্রং নিদ্রাপয়তি। প্রাণীকর্ত্তা না হইলে হয় না; যথা—

জলং শুষ্যতি—সূর্য্যঃ জলং শোষয়তি বা শোষয়তে। সকর্ম্মক হইলে হয় না। যথা—কুম্ভকারঃ ঘটং করোতি—প্রভুঃ কুম্ভকারং ঘটং কারয়তি বা কারয়তে।

আত্মনেপদবিধান।

(১) আ পূর্ব্বক দা ধাতু (১) ও প্রচ্ছ ধাতুর আত্মনেপদ হয়। যথা—"আদত্তে হি রসং রবিঃ ;" বন্ধূন্‌ আপৃচ্ছতে ; ইত্যাদি।

(২) সম্‌ পূর্ব্বক গম্‌, শ্রু, প্রচ্ছ ও দৃশ ধাতু অকর্ম্মক হইলে আত্মনেপদী হয়। যথা—সংগচ্ছতে, সংশৃণুতে, সংপৃচ্ছতে, সংপশ্যতে।

(৩) প্র, বি, অব, উৎ (২) ও সম্‌ পূর্ব্বক স্থা ধাতুর আত্মনেপদ হয়। যথা—প্রতিষ্ঠতে, বিতিষ্ঠতে, অবতিষ্ঠতে, উত্তিষ্ঠতে, সন্তিষ্ঠতে।

(৪) উপ পূর্ব্বক স্থা ধাতু অকর্ম্মক হইলে আত্মনেপদী হয়, কিন্তু সকর্ম্মক হইলে হয় না। যথা—মৃত্যুসময়ঃ উপতিষ্ঠতে, জ্ঞানং উপতিষ্ঠতে। সকর্ম্মক হইলে—গুরুং উপতিষ্ঠতি।

(৫) উপ পূর্ব্বক স্থা ধাতুর সকর্ম্মক অবস্থায় কেবল মাত্র দেবপূজা, মিলন ও মৈত্রীকরণ অর্থে আত্মনেপদ হয়। যথা—শিবমুপতিষ্ঠতে (শিবং পূজয়তীত্যর্থঃ), যমুনাং উপতিষ্ঠতে গঙ্গা (যমুনয়া মিলতি ইত্যর্থঃ), সাধুমুপতিষ্ঠতে সাধুঃ (সাধুং মৈত্রীকরোতি ইত্যর্থঃ)।

(৬) বি, ও পরা পূর্ব্বক জি ধাতুর আত্মনেপদ হয়। যথা—বিজয়তে, পরাজয়তে।

(৭) নি পূর্ব্বক বিশ ধাতু আত্মনেপদী হয়। যথা—নিবিশতে।

(৮) বি, পরি ও অব পূর্ব্বক ক্রী ধাতুর আত্মনেপদ হয়। যথা—বিক্রীণীতে, পরিক্রীণীতে, অবক্রীণীতে।

(৯) আ, অনু, অব ও পরি পূর্ব্বক ক্রীড় ধাতু আত্মনেপদী হয়। যথা—আক্রীড়তে, অনুক্রীড়তে, অবক্রীড়তে, পরিক্রীড়তে।

---

(১) বিস্তার অর্থ বুঝাইলে পরস্মৈপদী হইবে। যথা—মুখং ব্যাদদাতি সর্পঃ।

(২) উত্থান অর্থে পরস্মৈপদী হইবে। যথা—আসনাৎ উত্তিষ্ঠতি।

(১০) উপ পূর্ব্বক যম ধাতুর বিবাহ অর্থে আত্মনেপদ হয়। যথা—কন্যাং উপযচ্ছতে।

(১১) আ পূর্ব্বক হ্বে ধাতুর স্পর্দ্ধা অর্থে আত্মনেপদ হয়। যথা—বিপক্ষং আহ্বয়তে।

(১২) অধি পূর্ব্বক কৃ ধাতুর অভিভব অর্থে আত্মনেপদ হয়। যথা—অসুরান্ অধিকুরুতে (অভিভবতি ইত্যর্থঃ)।

(১৩) তৃতীয়ান্ত পদের যোগে সম্ পূর্ব্বক চর ধাতু আত্মনেপদী হয়। যথা—অশ্বেন সঞ্চরতে।

(১৪) উপসর্গ পূর্ব্বক যুজ ধাতু আত্মনেপদী হয়। যথা—প্রযুঙ্‌ক্তে, নিযুঙ্‌ক্তে, বিনিযুঙ্‌ক্তে ইত্যাদি।

(১৫) বৃদ্ধি, উৎসাহ ও অপ্রতিবন্ধ অর্থে ক্রম ধাতু আত্মনেপদী হয়। যথা—সতাং শ্রীঃ ক্রমতে (বর্দ্ধতে ইত্যর্থঃ), ছাত্রঃ পাঠায় ক্রমতে (উৎসহতে ইত্যর্থঃ), শাস্ত্রেষু বুদ্ধিঃ ক্রমতে (অপ্রতিহতা ভবতি ইত্যর্থঃ)।

(১৬) আরম্ভ অর্থে প্র ও উপ পূর্ব্বক ক্রম ধাতু আত্মনেপদী হয়। যথা—গন্তুং প্রক্রমতে বা উপক্রমতে (আরভ্যতে ইত্যর্থঃ)।

(১৭) উপসর্গহীন ক্রম ও জ্ঞা ধাতুর বিকল্পে আত্মনেপদ হয়। যথা—ক্রামতি, ক্রামতে; জানাতি, জানীতে।

(১৮) বিবাদ অর্থে বি পূর্ব্বক বদ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা—বালকাঃ বিবদন্তে, "বিবদমানানাং তেষাং", ইত্যাদি।

(১৯) অনু পূর্ব্বক বদ ধাতু অকর্ম্মক হইলে আত্মনেপদী হয়। যথা—পণ্ডিতঃ গ্রন্থকারস্য অনুবদতে; অর্থাৎ—গ্রন্থকারো যথা বদতি, পণ্ডিতোঽপি তথা বদতি। সকর্ম্মক হইলে, যথা—পণ্ডিতঃ শাস্ত্রং অনুবদতি।

(২০) পালন অর্থ ভিন্ন অন্য অর্থ বুঝাইলে ভুজ ধাতু আত্মনেপদী হয়। যথা—অন্নং ভুঙ্‌ক্তে। পালনার্থে—রাজা পৃথ্বীং ভুনক্তি।

(২১) "ভুবঃ প্রাপ্তৌ বা মৎ।" প্রাপ্ত্যর্থে ভূ ধাতুর বিকল্পে আত্মনেপদ হয়। যথা—ভবতি, ভবতে; বভূব, বভূবে ইত্যাদি।

(২২) সনন্ত জ্ঞা, শ্রু, দৃশ ও স্মৃ ধাতু আত্মনেপদী হয়। যথা—জিজ্ঞাসতে, শুশ্রূষতে, দিদৃক্ষতে, সুস্মূর্ষতে। কিন্তু অনু পূর্ব্বক জ্ঞা এবং আ কিম্বা

প্রতি পূর্ব্বক শ্রু ধাতু আত্মনেপদী হয় না। যথা—অনুজিজ্ঞাসতি, আশুশ্রূষতি, প্রতিশুশ্রূষতি।

কৃদন্ত ।

ধাতুর উত্তর তুম্ ত্বা প্রভৃতি কতকগুলি প্রত্যয় হয়; সেই সকল প্রত্যয়কে কৃৎ বলে।

তুম্ (Infinitive Mood.)

নিমিত্তার্থে ধাতুর উত্তর তুম্ প্রত্যয় হয়। যথা—দা—তুম্=দাতুম্, গম—তুম্=গন্তুম্, দৃশ—তুম্=দ্রষ্টুম্ ইত্যাদি।

ক্ত্বাচ্, যপ্ (১)।

ক্ত্বাচ্—অনন্তর অর্থে ধাতুর উত্তর ত্বা (ক্ত্বাচ্) প্রত্যয় হয়। যথা; কৃ—ত্বা= কৃত্বা, গম্—ত্বা=গত্বা ইত্যাদি।

যপ্—নঞ্ ভিন্ন অব্যয় পদের সহিত সমাস হইলে, অনন্তর অর্থে ধাতুর উত্তর যপ্ (ল্যপ্) হয়। যথা—আ—দা—যপ্=আদায়; আ—গম্—যপ্= আগম্য, আগত্য (২); আ—নী—যপ্=আনীয় ইত্যাদি।

কিন্তু ন—কৃ—ক্ত্বাচ্=অকৃত্বা, ন—দৃশ—ক্ত্বাচ্=অদৃষ্ট্বা ইত্যাদি।

"যদদৃষ্ট্বৈব রামস্য মুখং ত্যক্ষ্যামি জীবিতম্॥" ইতি মহাভারতে।

PARTICIPLES.

Present participlo (শতৃ, শানচ্)।

১। কর্ত্তৃবাচ্যে পরস্মৈপদী ধাতুর উত্তর বর্ত্তমান কালে শতৃ, আত্মনেপদী ধাতুর উত্তর শানচ্ এবং উভয়পদী ধাতুর উত্তর শতৃ ও শানচ্ উভয় প্রত্যয়ই হয়। (৩) যথা—ভূ—শতৃ=ভবৎ, ধাব—শতৃ=ধাবৎ, হা—শতৃ=জহৎ, সেব্—শানচ্=সেবমান (৪),

---

(১) তুম্, ত্বা ও যপ্ প্রত্যয় করিয়া যে সকল পদ হয়, তাহারা অব্যয়।

(২) যপ্ করিলে যম্, রম্, নম্, গম্ প্রভৃতি ধাতুর ম্ স্থানে বিকল্পে ৎ হয়। যথা— সংযম্য, সংযত্য; বিরম্য, বিরত্য; প্রণম্য, প্রণত্য; আগম্য, আগত্য।

(৩) শতৃ, ইহার অৎ থাকে এবং শানচ্, ইহার আন থাকে।

(৪) আন স্থানে মান হয়।

বিদ্—শানচ্=বিদ্যমান, মৃ—শানচ্=ম্রিয়মাণ,
নী—শতৃ=নয়ৎ, ব্রূ—শতৃ=ব্রুবৎ,
„—শানচ=নয়মান। „—শানচ=ব্রুবাণ ইত্যাদি।

২। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে পরস্মৈপদী ও আত্মনেপদী, সকল প্রকার ধাতুর উত্তরই শানচ্ হয়। যথা—ক্রিয়মাণ, দীয়মান, দৃশ্যমান ইত্যাদি।

৩। শতৃ ও শানচ্ প্রত্যয় করিয়া যে সকল পদ সিদ্ধ হয়, তাহারা বিশেষণ; অতএব বিশেষ্যের লিঙ্গ, বচন ও বিভক্তি প্রাপ্ত হয়। যথা—হসন্ বালকঃ, হসন্তৌ বালকৌ, হসন্তঃ বালকাঃ; গচ্ছন্ শিশুঃ, গচ্ছন্তং শিশুং, গচ্ছতা শিশুনা, গচ্ছতাং শিশূনাম্, গচ্ছন্তী স্ত্রী, রুদত্যঃ স্ত্রিয়ঃ, পতৎ ফলং, পততঃ ফলস্য, ইত্যাদি।

Past participle (ত, তবৎ)।

১। ধাতুর উত্তর অতীত কালে কর্ম্ম ও ভাববাচ্যে ত হয়। যথা—ময়া হরিঃ পূজিতঃ; ত্বয়া রুদিতম্।

২। জ্ঞানার্থ, ইচ্ছার্থ, শীলার্থ ও পূজার্থ ধাতুর উত্তর বর্ত্তমান এবং অতীত, উভয় কালেই ত হয়। যথা—বিদিতঃ, ইচ্ছিতঃ, শীলিতঃ, পূজিতঃ।

৩। অকর্ম্মক ধাতুর, গত্যর্থ ধাতুর এবং শী, স্থা, আস, বস, জন, রুহ ও শ্লিষ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যেও ত হয়। যথা—শয়িতঃ, গতঃ, জাতঃ ইত্যাদি।

৪। ধাতুর উত্তর অতীত কালে কর্ত্তৃবাচ্যে তবৎ প্রত্যয় হয়। যথা—গতবান্, মুক্তবান্ ইত্যাদি।

৫। কর্ম্মবাচ্যে ত প্রত্যয় করিলে, ঐ ত প্রত্যয় নিষ্পন্ন শব্দ কর্ম্মের বিশেষণ হয়; সুতরাং কর্ম্মের লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হয়। যথা—কুম্ভকারেণ ঘটঃ কৃতঃ, ঘটৌ কৃতৌ; তেন পুস্তকং পঠিতং, তেন পুস্তকানি পঠিতানি; তেন নদী দৃষ্টা ইত্যাদি।

৬। অকর্ম্মক ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ত হয়, সুতরাং ঐ ত নিষ্পন্ন শব্দ কর্ত্তার বিশেষণ হয়। যথা—স জাগরিতঃ, তৌ জাগরিতৌ, তে জাগরিতাঃ, ফলং পতিতং, সা ভীতা ইত্যাদি।

৭। কর্ত্তৃবাচ্যে তবৎ প্রত্যয় হয়, এই জন্য তবৎ নিষ্পন্ন শব্দ কর্ত্তার

বিশেষণ হইয়া থাকে। যথা—স গতবান্, তৌ গতবন্তৌ, তে গতবন্তঃ; সা গতবতী; ফলং পতিতবৎ, ফলানি পতিতবন্তি ইত্যাদি।

Potential passive participle. (তব্য, অনীয়, য)।

কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ভবিষ্যৎ কালে ধাতুর উত্তর তব্য, অনীয়, য হয়। যথা—বক্তব্যঃ, গ্রহীতব্যঃ, করণীয়ঃ, শ্রবণীয়ঃ, শ্রব্যঃ, দেয়ঃ ইত্যাদি।

তি।

ভাববাচ্যে ধাতুর উত্তর তি (ক্তি) হয়; তি প্রত্যয় নিষ্পন্ন শব্দ সকল স্ত্রীলিঙ্গ হইয়া থাকে। যথা—গতিঃ, মুক্তিঃ, আসক্তিঃ, প্রবৃত্তিঃ, নীতিঃ, বুদ্ধিঃ ইত্যাদি।

অনট্। (১)

করণ ও অধিকরণ অর্থে, ধাতুর উত্তর অনট্ প্রত্যয় হয়; অনট্ প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ হইয়া থাকে। যথা—

নয়নম্—নীয়তে অনেন ইতি। শয়নম্—শয্যতে অস্মিন্ ইতি।
ভূষণম্—ভূষ্যতে অনেন ইতি। স্থানম্—স্থীয়তে অস্মিন্ ইতি।

ঘঞ্, অল্।

ভাববাচ্যে ও কর্ত্তৃ ভিন্ন কারকবাচ্যে ধাতুর উত্তর ঘঞ্ এবং অল্ হয়।

যথা—ঘঞ্—পচ্-ঘঞ্—পাকঃ অল্—জি—অল্—জয়ঃ
শুচ্- ,, —শোকঃ ভী— ,,—ভয়ম্
লভ্- ,, —লাভঃ ইত্যাদি। ভিদ্—,,—ভেদঃ ইত্যাদি।

তৃন্, ণক, ণিন্।

কর্ত্তৃবাচ্যে তৃন্, ণক ও ণিন্ প্রত্যয় হয়। যথা—

কৃ—তৃন্—কর্ত্তা; কৃ—ণক—কারকঃ; কৃ—ণিন্—কারী।

ক্বিপ্।

ভাববাচ্যে ও কারকবাচ্যে ক্বিপ্ প্রত্যয় হয়। যথা—

কৃৎ, অংশভাজ্, মর্ম্মবিদ্, মর্ম্মস্পৃশ্, মাংসাৎ ইত্যাদি।

---

(১) অনট্ প্রত্যয়ান্ত শব্দগুলিকে verbal nouns বলিতে পারা যায়।

অনি।

ঋ, সৃ, ধৃ, ধম, অম, অশ, অব ও তৃ এই কয়েকটী ধাতুর উত্তর অনি প্রত্যয় হয়। যথা—অরণিঃ, সরণিঃ, ধরণিঃ, ধমনিঃ, অমনিঃ, অশনিঃ, অবনিঃ, তরণিঃ। (১)

মন্।

"অর্ত্তি স্তু সু হু সৃ ধৃ ক্ষি ক্ষু ভা যা বা পদ্ যক্ষি নীভ্যোমন্"; এই চৌদ্দটী ধাতুর উত্তর মন্ প্রত্যয় হয়। যথা—

অর্ম্মঃ, স্তোমঃ, সোমঃ, হোমঃ, সর্ম্মঃ, ধর্ম্মঃ, ক্ষেমং, ক্ষোমং, ক্ষৌমং বা, ভামঃ, যামঃ, বামঃ, পদ্মম্, যক্ষ্মঃ এবং নেমঃ।

CHAPTER VII.

বাচ্যপরিবর্ত্তন-প্রণালী।

ক্রিয়া (VERB).

ক্রিয়া দুই প্রকার, তিঙন্ত ও কৃদন্ত।

তিপ্, তস্, অন্তি প্রভৃতি ১৮০টী বিভক্তি যোগ করিয়া যে সকল ক্রিয়া পদ উৎপন্ন হয়, তাহারা তিঙন্ত ক্রিয়া। যথা—গচ্ছতি, গচ্ছেঃ, জগাম, অগমৎ ইত্যাদি। এবং কৃৎ প্রত্যয়ের যোগে যে সকল ক্রিয়ার উৎপত্তি হয়, তাহারা ক্রিদন্ত ক্রিয়া। যথা—গত্বা, গতঃ, গতবান্, গন্তব্যম্ ইত্যাদি।

ক্রিয়া আবার তিন প্রকার————অকর্ম্মক, সকর্ম্মক, দ্বিকর্ম্মক।

"ধাতবস্ত্রিবিধা উক্তাস্তেষু কেচিদকর্ম্মকাঃ।
সকর্ম্মকাশ্চ কতিচিৎ কতিচিচ্চ দ্বিকর্ম্মকাঃ॥"

অকর্ম্মক (Neuter).

যাহার কর্ম্ম নাই, তাহা অকর্ম্মক। যথা—স তিষ্ঠতি, রোদিতি, হসতি ইত্যাদি। এস্থলে স্থা, রুদ এবং হস ধাতু অকর্ম্মক হইল, কারণ এই সকল ক্রিয়ার কর্ম্ম থাকিতে পারে না।

---

(১) ইহারা সকলে দীর্ঘ ঈকারান্তও হইয়া থাকে।

"সত্তা-লজ্জা-স্থিতি-জাগরণং-বৃদ্ধি-ক্ষয়-ভয়-জীবিত-মরণম্ ।
শয়ন-ক্রীড়া-রুচি-দীপ্ত্যর্থা নৈতে কর্ম্মণি ধাতব উক্তাঃ ॥"

বিশেষ বিশেষ অর্থে অকর্ম্মক ধাতুরও কর্ম্ম দেখা যায় ।

"দেশাধ্বকালভাবং বাচৈঃ"—অচৈ ধূর্ভির্যোগে এতে চ সংজ্ঞা বা স্যুঃ ।

অর্থাৎ—অকর্ম্মক ধাতুর যোগে দেশ, অধ্ব (পথ), কাল ও ভাববাচক (১) শব্দের অধিকরণে বিকল্পে কর্ম্ম সংজ্ঞা হয় । যথা—

"নদীর্বনেষু চোষিত্বা ক্রোশান্নল্লেষ্বহর্নিশি ।
চংক্রমিত্বা প্রিয়ানীতিং রামোরক্ষোবধে স্থিতঃ ॥"

রামঃ নদীঃ বনেষু উষিত্বা, অহঃ (দিবসং) নিশি (রাত্রৌ) ক্রোশান্ (ক্রোশপরিমিতান্ মার্গান্) নল্লেষু (নল্পপরিমিতেষু মার্গেষু) চংক্রমিত্বা (ইতস্ততঃ ভ্রমিত্বা), প্রিয়ানীতিং (প্রিয়ানয়নং) রক্ষোবধে চ (রাক্ষসহননেন চ) স্থিতঃ ।

এস্থলে উষিত্বা অকর্ম্মক ক্রিয়ার যোগে দেশবাচক নদীঃ শব্দ কর্ম্মকারক হইল এবং বিকল্প পক্ষে বনেষু অধিকরণ হইল ; ঐরূপ চংক্রমিত্বা ক্রিয়ার যোগে কালবাচক অহঃ ও নিশি শব্দ দ্বয় ক্রমান্বয়ে কর্ম্ম ও অধিকরণ হইল ; ঐরূপ পুনরায় ঐ ক্রিয়ার যোগে পথবাচক ক্রোশান্ ও নল্লেষু ক্রমান্বয়ে কর্ম্ম ও অধিকরণ হইল ; এবং স্থিতঃ ক্রিয়ার যোগে ভাববাচক প্রিয়ানীতিং এবং রক্ষোবধে পদদ্বয়ে ক্রমান্বয়ে কর্ম্ম ও অধিকরণ হইল ।

সকর্ম্মক (Active or Transitive.)

যে সকল ক্রিয়ার একটী মাত্র কর্ম্ম থাকে, তাহারা সকর্ম্মক । যথা—

বালকশ্চন্দ্রং পশ্যতি, স জলং পিবতি ; (এস্থলে দৃশ ও পাধাতু সকর্ম্মক হইল) ।

"গমন-প্রেক্ষণ-ভোজন দানং, পূজা-পঠন-প্রাপণ-গানম্ ।
বন্ধন-মোচন-বপন-ধ্যানং, বিদ্ধি সকর্ম্মকধাতোর্গণনম্ ॥"

দ্বিকর্ম্মক ।

"দুহ্যাচ্ পচ্ দণ্ড্ রুধি প্রচ্ছি চি ব্রূ শাসু জি মন্থ মুষঃ । নী হৃ কৃষ্ বহ ইত্যেতে ধাতবঃ স্যুর্দ্বিকর্ম্মকাঃ ॥"

---

(১) ভাবো ধাত্বর্থঃ ।

যে সকল ধাতুর দুইটী করিয়া কর্ম্ম থাকে, তাহারা দ্বিকর্ম্মক। যথা—গোপো গাং দুগ্ধং দোগ্ধি, কৈকেয়ী দশরথং দ্বৌ বরৌ যাচিতবতী ; এস্থলে—দুহ ও যাচ ধাতু দ্বিকর্ম্মক হইল।

"যাচ্‌ঞার্থ দুহ চি প্রচ্ছ রুধ ব্রূ শাস্ জিনীবহঃ। হৃ দণ্ডি গ্রহ কৃষ মন্থ মুষ্পচাদ্যা ধবো দ্বিচাঃ॥"

যাচ্‌ঞার্থ ধাতু (১), দুহ, চি, প্রচ্ছ, রুধ্, ব্রূ (২), শাস্, জি, নী, বহ, হৃ, দণ্ডি, গ্রহ, কৃষ্, মন্থ, মুষ্ এবং পচাদি (৩) ধাতু দ্বিকর্ম্মক। যথা—

"তমর্থয়েঽহং মোক্ষং, যো গোপৈর্দুগ্ধমদুগ্ধ গাঃ।
ফলান্যবাচিনোদ্‌বৃক্ষান্, বার্ত্তাঃ পপ্রচ্ছ বল্লবান্।
রুরোধগোকুলং গোপীরব্রবীচ্চ মনোহরং।
গোপালানন্বশাৎ কেলীংস্তত্রাজয্যং জিগায় তান্।
বৃন্দাবনমনৈষীদ্ গাশ্চিচ্ছিশূনবহদ্ ব্রজং।
জহারারণ্যমাভীরীর্দৈত্যান্ প্রাণানদণ্ডয়ৎ।
জগ্রাহ যজ্বনো ভোজ্যমকর্ষৎ পূতনাং বলং।
মমন্থামৃতমম্ভোধিং মুমোষ দিতিজাংশ্চ তৎ।
যোঽসৌ পচতি লোকানাং পুণ্যপাপং সুখাসুখম্॥"

= অহং তং শ্রীকৃষ্ণং মোক্ষং অর্থয়ে (অর্থি—লট্-এ যাচে।
(তং = ২, মোক্ষং = ১)

যো গোপৈঃ সহ গাঃ দুগ্ধং অদুগ্ধ (দুহ—লঙ্—দ্)।
(গাঃ = ২, দুগ্ধং = ১)

যো বৃক্ষান্ ফলানি অবাচিনোৎ (অব—চি—লঙ্—দ্)।
(বৃক্ষান্ = ২, ফলানি = ১)

যো বল্লবান্ বার্ত্তাঃ পপ্রচ্ছ (প্রচ্ছ—লিট্—অ)।
(বল্লবান্ = ২, বার্ত্তাঃ = ১)

যো গোকুলং গোপীঃ রুরোধ (রুধ—লিট্—অ)।
(গোকুলং = ২, গোপীঃ = ১)

---

(১) যাচ্‌ঞার্থ = যাচ্, অর্থ, নাথ, ভিক্ষা প্রভৃতি।
(২) কথনার্থ = কথ, বচ, বদ, ভাষ প্রভৃতি।
(৩) পচাদি = পচ্, বচ্ বদ্, বপ্, চল্, চর্, নদ্ পত্, মদ্, গাহ প্রভৃতি।

২ ১
যো গোপীঃ মনোহরং (বচ ইতি শেষঃ) অব্রবীচ্চ (ব্রূ—লঙ্—দ্)।

২ ১
যো গোপালান্ কেলীন্ অন্বশাৎ (অনু-শাস্-লঙ-দ্) শিক্ষয়িতবান্।

২ ১
যস্তত্র তান্ গোপালান্ অজয্যং জিগায় (জি—লিট্—অ)।

২ ১
যো বৃন্দাবনং গা অনৈষীৎ (নী—লুঙ্—দ্) প্রাপয়ামাস।

১ ২
যস্তচ্ছিশূন্ ব্রজং অবহৎ (বহ—লঙ্—দ্)।

১ ২
যঃ আভীরীররণ্যং জহার (হৃ—লিট্—অ)।

১ ২
যো দৈত্যান্ প্রাণান্ অদণ্ডয়ৎ (দণ্ডি—লঙ্—দ্)।

২ ১
যো স্বজনো ভোজ্যং জগ্রাহ (গ্রহ—লিট্—অ)।

১ ২
যঃ পূতনাং বলং অকর্ষৎ (কৃষ—লঙ্—দ্)।

২ ১
যঃ অম্ভোধিম্ অমৃতং মমন্থ (মন্থ—লিট্—অ)।

১ ২
যস্তৎ অমৃতং দিতিজান্ মুমোষ (মুষ—লিট্—অ)।

২ ১
যোঽসৌ কৃষ্ণঃ লোকানাং পুণ্যাপাপং সুখাসুখং পচতি (পচ্—লট্—তি) (১)।

দ্বিকর্ম্মক ধাতুর উল্লিখিত দুইটী কর্ম্মের মধ্যে একটী মুখ্য (অর্থাৎ-প্রধান = Direct or Primary accusative) এবং অপরটী গৌণ (অর্থাৎ অপ্রধান = Indirect or secondary accusative)।

মুখ্য—সাক্ষাৎক্রিয়াম্বয়িত্বং মুখ্যত্বম্। অর্থাৎ—ক্রিয়ার সহিত সাক্ষাৎসম্বন্ধে যে কর্ম্মকে অবলম্বন করা হয়, তাহাই মুখ্য কর্ম্ম।

(১) নিম্নরেখশব্দগুলি ক্রিয়া এবং ১ চিহ্নিত শব্দগুলি উহার মুখ্য কর্ম্ম ও ২ চিহ্নিত শব্দগুলি উহার গৌণকর্ম্ম।

গৌণ—ব্যবহিতক্রিয়ান্বয়িত্বং গৌণত্বম্। অর্থাৎ—ক্রিয়ার সহিত যাহার দূর অন্বয় লক্ষিত হয়, তাহাই গৌণ কর্ম্ম। যথা—দরিদ্রঃ রাজানং ধনং যাচতে; পিতা পুত্রং গৃহং নয়তি।

এস্থলে ধনং ও পুত্রং মুখ্য কর্ম্ম, এবং রাজানং ও গৃহং গৌণ কর্ম্ম।

বাচ্য (Voice).

যে পদের সহিত ক্রিয়ার অধিক নিকট সম্বন্ধ থাকে, তাহাকে বাচ্য বলে।

বাচ্য সমুদয়ে আট প্রকার; যথা—কর্ত্তৃ, কর্ম্ম, ভাব, কর্ম্মকর্ত্তৃ, করণ, সম্প্রদান, অপাদান ও অধিকরণ। কৃৎ প্রত্যয় সকল বাচ্যেই হয়, কিন্তু তিঙন্ত ক্রিয়া কেবল মাত্র প্রথম চারিটী বাচ্যে (অর্থাৎ—কর্ত্তৃ, কর্ম্ম, ভাব ও কর্ম্মকর্ত্তৃ বাচ্যে) হইয়া থাকে, অন্য বাচ্যে দৃষ্ট হয় না।

কর্ত্তৃবাচ্য।

1. কর্ত্তৃবাচ্যে ধাতু ত্রিবিধ—পরস্মৈপদী, আত্মনেপদী, উভয়পদী।

2. কর্ত্তৃবাচ্যের প্রয়োগে কর্ত্তৃকারকে প্রথমা ও কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি পায়।

3. কর্ত্তৃবাচ্যে ক্রিয়া কর্ত্তার অনুসারিণী হয়; অর্থাৎ কর্ত্তার পুরুষ ও বচনানুসারে ক্রিয়ার পুরুষ ও বচন হইয়া থাকে।

কর্ম্মবাচ্য ও ভাববাচ্য।

1. "ট ভাবে মং।" (ধোর্টে ভাবেচ মং স্যাৎ)।=কর্ম্মবাচ্যে এবং ভাববাচ্যে সকল ধাতু আত্মনেপদী হয়। যথা—পঠ্যতে, দৃশ্যতে, স্থীয়তে, ভূয়তে ইত্যাদি।

2. "যতনোর্যগিনৌ।" (ধোরে পরে যক্ তনি পরে ইণ্ স্যাৎ টে ভাবে চ)।=কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্, এই চারি বিভক্তিতে সর্ব্বগণীয় ধাতুর উত্তর য হয়; এবং সর্ব্বগণীয় ধাতুর লুঙের ত বিভক্তি স্থানে ই হয়। যথা—

তেন	বিষ্ণুঃ	স্তূয়তে	(লট্)
ঐ	ঐ	স্তূয়তাম্	(লোট্)
ঐ	ঐ	অস্তূয়ত	(লঙ্)
ঐ	ঐ	স্তূয়েত	(বিধিলিঙ্)
ঐ	ঐ	অস্তাবি	(লুঙ্)।

3. "ভাবে যাদ্যং"। (মস্ত্যাদ্যং বচনং ভাবে প্রযুজ্যতে) = ভাববাচ্যে ক্রিয়া কেবল আত্মনেপদের প্রথম পুরুষের একবচন হয়। যথা—তেন স্থীয়তে, তাভ্যাং স্থীয়তে, তৈঃ স্থীয়তে। ত্বয়া, যুবাভ্যাম্, যুষ্মাভিঃ স্থীয়তে। ময়া, আবাভ্যাম্, অস্মাভিঃ স্থীয়তে।

4. কর্ম্মবাচ্যে কর্ম্মপদে যে পুরুষ ও যে বচন থাকে, ক্রিয়া পদেরও সেই পুরুষ ও সেই বচন হয়। যথা—

কর্ত্তৃবাচ্য	কর্ম্মবাচ্য
অহং তং পশ্যামি	ময়া স দৃশ্যতে।
স ত্বাং পশ্যতি	তেন ত্বং দৃশ্যসে।
স মাং পশ্যতি	তেনাহং দৃশ্যে।
রামঃ রাবণং জঘান	রামেণ রাবণঃ জঘ্নে।
স ফলে খাদতি	তেন ফলে খাদ্যেতে।
সর্ব্বে জনাঃ পণ্ডিতান্ পূজয়ন্তি	সর্ব্বৈর্জনৈঃ পণ্ডিতাঃ পূজ্যন্তে।

" দৃশ্যতে পুষ্পিতঃ শাখী দৃশ্যেতে পুষ্পিতে ফলে।
দৃশ্যন্তে মধুপাস্তেষু ত্বযানেন তথা ময়া ॥"

(যদি কর্ত্তৃবাচ্যে ক্রিয়া সকর্ম্মক হয়—অর্থাৎ ক্রিয়ার একটীমাত্র কর্ম্ম থাকে—এরূপ অবস্থায় উহাকে কর্ম্মণি বাচ্যে লইয়া যাইতে হইলে উপরি উক্ত নিয়মগুলি অবলম্বন করিতে হইবে, এবং অকর্ম্মক হইলে ক্রিয়া ভাব বাচ্যে প্রযুক্ত হইবে ; কিন্তু যখন কর্ত্তৃবাচ্যের ক্রিয়া দ্বিকর্ম্মক হইবে, তখন উক্ত কর্ম্মদ্বয়ের মধ্যে কোন্ কর্ম্মে ১মা বিভক্তি পাইবে, তাহার নিয়ম নিম্নে প্রদর্শিত হইল)। (১)

5 "ণ্যাদিক্রান্তাদ্গত্যর্থা মুখ্যে চে চত্যামাপ্নুয়ুঃ।
গৌণে যাচাদয়োঽন্যেতু যথেষ্টং দ্বিদ্রুধুদ্বিতি ॥"

= কর্ম্মবাচ্য প্রয়োগে ণ্যাদি ধাতু (২), ণিজন্ত অকর্ম্মক ধাতু এবং ণিজন্ত গত্যর্থ ধাতু সকলের মুখ্য কর্ম্ম উক্ত হয়—অর্থাৎ মুখ্য কর্ম্মে প্রথমা বিভক্তি

(১) "দ্বিকর্ম্মণামপ্রধানে প্রধানে নী হৃ কৃষ্ বহাম্। কর্ম্মণি প্রথমা জ্ঞেয়া কর্ম্মবাচ্যে বিধিঃ স্মৃতঃ ॥"

(২) ণ্যাদয়ঃ—নী, বহ, হৃ, দণ্ডি, গ্রচ্, কৃষ, মন্থ, মুষ, পচাদ্যা নব।

পায় ; আর যাচাদি ধাতুর (১) গৌণ কর্ম্ম উক্ত হয়। এতদ্ব্যতিরিক্ত অন্যান্য দ্বিকর্ম্মক ধাতুর স্বেচ্ছাক্রমে যে কোন কর্ম্মেই ১মা বিভক্তি প্রযুক্ত হইতে পারে। যথা—

"নিন্যে বিজনমজাগরি রজনিমগমি মুদমযাচি সম্ভোগং। গোপী হাবমকার্য্যত ভাবশ্চৈনামনন্তেন॥"

A. অনন্তেন (কৃষ্ণেন) গোপী বিজনং (বনং) নিন্যে (প্রাপিতা)।

B. অনন্তেন গোপী রজনিং অজাগরি।

C. অনন্তেন গোপী মুদং (হর্ষং) অগমি (প্রাপিতা)।

D. অনন্তেন গোপী সম্ভোগং অযাচি (প্রার্থিতা)।

যথেষ্টমাহ——

E. অনন্তেন গোপী হাবং (ভাববিশেষং) অকার্য্যত (কারিতা)। —অত্র মুখ্যকর্ম্মে ১মা।

F. অনন্তেন এনাং (গোপীং) ভাবশ্চ অকার্য্যত——অত্র গৌণকর্ম্মে ১মা।

